

# كيف نتعلم الإنشاء

# সহজে ইন্‌শা শিখি

## ২য় খণ্ড

মাওলানা সফিউল্লাহ ফুআদ

.......... আলহামদুলিল্লাহ, আমাদের প্রত্যাশা যথেষ্ট পূর্ণ হয়েছে। দেশের বহু মাদরাসা-শিক্ষাবিদ ও মাদরাসা-কর্তৃপক্ষ কিতাবটি দ্বারা বিদ্যমান শূন্যতা পূরণ হবে বলে আশ্বস্ত হয়েছেন। মুতওয়াস্‌সিতা ৩য় বর্ষের [হিদায়াতুন্ নাহ্‌বের] إنشاء বিষয়ের পাঠ্যকিতাব হিসেবে তাঁরা ১ম খণ্ডটিকে নিজেদের মাদরাসায় নিসাবভুক্ত করেছেন।

প্রথম খণ্ড প্রকাশিত হওয়ার প্রায় দশ বছর পর দ্বিতীয় খণ্ড প্রকাশিত হলো। এ খণ্ডটি ছানূভী ১ম বর্ষের [কাফিয়ার] পাঠ্যকিতাব হিসেবে তৈরি করা হয়েছে। আশা করি, আরবাবে মাদারিস এ খণ্ডটিকেও নিসাবের উপযোগী পাবেন এবং এটি ছানূভী ১ম বর্ষের إنشاء বিষয়ের প্রয়োজন পূরণ করতে সমর্থ হবে। ............................................................

আমি আল্লাহর দরবারে দো'আ করি, তিনি যেন লেখককে যথাশীঘ্র তৃতীয় খণ্ডটিও তৈরি সম্পন্ন করার তাওফীক দান করেন। তখন আমাদের মাদরাসাগুলোর إنشاء বিষয়ের সিলেবাস প্রণয়নের প্রয়োজনটি পূর্ণ হবে ইনশাআল্লাহ। ............................................................

- আল্লামা নূর হোছাইন কাসেমী দা. বা.

## প্রাপ্তিস্থান


১. দারুল উলুম মাদানীনগর মাদরাসা, সারুলিয়া, ডেমরা, ঢাকা- ১৩৬১

২. হাকীমুল উম্মত প্রকাশনী, ইসলামী টাওয়ার, বাংলাবাজার, ঢাকা- ১১০০

ছানূভী ১ম বর্ষের إنشاء বিষয়ের পাঠ্যকিতাবরূপে রচিত

# كَيْفَ نتعلمُ الإنشاءَ

## সহজে ইনশা শিখি

**দ্বিতীয় খণ্ড**


**মাওলানা সফিউল্লাহ্ ফুআদ**

উস্তাদ, আরবী সাহিত্য ও হাদীস শরীফ

আল-জামেয়াতুল ইসলামিয়া দারুল উলুম, মাদানীনগর, ঢাকা



**তাসনীম প্রকাশনী**

ইসলামী টাওয়ার, ১১/১১ বাংলাবাজার, ঢাকা- ১১০০

# كَيْفَ نتعلمُ الإنشاءَ

## মাওলানা সফিউল্লাহ ফুআদ


**প্রকাশক** : **তাসনীম প্রকাশনী**
ইসলামী টাওয়ার, ১১/১১, বাংলাবাজার, ঢাকা- ১১০০

**প্রথম সংস্করণ** : রমযান, ১৪৩১ হিজরী
আগস্ট, ২০১০ ঈসায়ী



**[গ্রন্থস্বত্ব লেখকের]**



**বর্ণবিন্যাস ও প্রচ্ছদ** : মাওলানা আল-আমীন সাদেক
মোবা : ০১৭৩৭-৭৮৩০৫৫

**প্রাপ্তিস্থান** : ১. দারুল উলূম মাদানীনগর মাদরাসা
সারুলিয়া, ডেমরা, ঢাকা-১৩৬১
মোবা : ০১৮১৮-২২৭৮৯৭
[শুধু আছর ও রাত ১০ টার পর]

২. হাকীমুল উম্মত প্রকাশনী
ইসলামী টাওয়ার [আন্ডার গ্রাউন্ড]
১১/১১, বাংলাবাজার, ঢাকা-১১০০
মোবা : ০১৯১৪-৭৩৫৬১৫

**মূল্য : ১৩০.০০ টাকা মাত্র**


الاسم : ..............................................................

المدرسة : ..............................................................

الصف : ..............................................................

الرقم التسلسلي : ..............................................................

السنة الهجرية : ..............................................................

যোগ্য ব্যক্তি গড়তে যিনি সুখ্যাত
সুপ্ত প্রতিভার বিকাশে যিনি বিখ্যাত
সেই ইসলামী শিক্ষাবিদ উস্তাযুল আসাতিযা
শায়খুল হাদীস আল্লামা নূর হোসাইন কাসেমী মুদ্দাজিল্লুহুর

# বাণী

الحمدُ لله، والصلاةُ والسلامُ على رسول الله، وعلى آله وصَحْبِه أجمعين، وبعدُ،

আরবী ভাষাসংশ্লিষ্ট বিষয়গুলোর মধ্যে إنشاء একটি উল্লেখযোগ্য স্বতন্ত্র বিষয়। আমাদের দেশের মাদরাসাগুলোর জন্য এ 'ইনশা'র একটি পূর্ণাঙ্গ সিলেবাস প্রণয়ন করার প্রয়োজন ছিল। আমার স্নেহাস্পদ মাওলানা সফিউল্লাহ ফুআদ প্রায় এক যুগ আগে সেই সিলেবাস প্রণয়নের কাজ শুরু করেছিল। তিন খণ্ডে সিলেবাসটি সমাপ্ত হওয়ার সিদ্ধান্ত হয়েছিল। সে মতে ১৪২১ হিজরীতে [১৯৯৯ঈ.] প্রথম খণ্ড তৈরি সম্পন্ন হয় এবং ১৪২২ হিজরীতে প্রকাশিত হয়।

আলহামদুলিল্লাহ, আমাদের প্রত্যাশা যথেষ্ট পূর্ণ হয়েছে। দেশের বহু মাদরাসা-শিক্ষাবিদ ও মাদরাসা-কর্তৃপক্ষ কিতাবটি দ্বারা বিদ্যমান শূন্যতা পূরণ হবে বলে আশ্বস্ত হয়েছেন। মুতাওয়াস্সিতা ৩য় বর্ষের [হেদায়াতুন্ নাহ্বের] إنشاء বিষয়ের পাঠ্যকিতাব হিসেবে তাঁরা কিতাবটিকে নিজেদের মাদরাসায় নিসাবভুক্ত করেছেন।

প্রথম খণ্ড প্রকাশিত হওয়ার প্রায় এক দশক পর দ্বিতীয় খণ্ড প্রকাশিত হচ্ছে। এ খণ্ডটি ছানূভী ১ম বর্ষের [কাফিয়ার] পাঠ্যকিতাব হিসেবে তৈরি করা হয়েছে। আশা করি, সংশ্লিষ্ট গুণীজন এ খণ্ডটিকেও সিলেবাসের উপযোগী পাবেন। এবং এটি ছানূভী ১ম বর্ষের إنشاء বিষয়ের প্রয়োজন পূরণ করতে সমর্থ হবে।

আমার ভাল লেগেছে যে, কিতাবের অনুশীলনীগুলো ধর্মীয় চেতনা ও দেশীয় ঐতিহ্যে সমৃদ্ধ। আমি আশা করি, এ কিতাবের تمرين করা দ্বারা শিক্ষার্থীর ভাষাগত দক্ষতা যেমন বাড়বে, লেখার জন্য উপযুক্ত বিষয় নির্বাচন করার একটা ভিন্নরকম চেতনাও শিক্ষার্থী লাভ করবে। আর আল্লাহর তাওফীক হলে এ চেতনা তাকে সৃজনশীল মেধার অধিকারী বানাতে পারে।

আমি আল্লাহর দরবারে দো'আ করি, তিনি যেন লেখককে যথাশীঘ্র তৃতীয় খণ্ডটিও তৈরি সম্পন্ন করার তাওফীক দান করেন। তখন আমাদের মাদরাসাগুলোর إنشاء বিষয়ের সিলেবাস প্রণয়নের প্রয়োজনটি পূর্ণ হবে ইনশাআল্লাহ।

আল্লাহ লেখকের সকল নেক তামান্না পূরণ করুন। এবং আমাদের সকলকে আকাবিরের পথে অবিচল থাকার তাওফীক দিন। আমীন!

- নূর হোছাইন

০৯ - ৭ - ১৪৩১হি.

২২ - ৬ - ২০১০ঈ.

# فهرس الكتاب


| الموضوع | الصفحة |
|---|---|
| كلمة فضيلة الأستاذ العلامة نور حسين القاسمي حرسه الله ............ | ٣ |
| كلمة المؤلف ............................................ | ٩ |
| طريقة التدريس لكتب تعليم اللغة العربية .................. | ١١ |
| طريقة تدريس هذا الكتاب ................................ | ١٨ |
| إلى تلاميذ هذا الكتاب ................................... | ٢٣ |


## الباب الأول


| | |
|---|---|
| **في التدريب على بعض القوالب الأخرى للغة العربية** | ١ |
| الدرس الأول : إذا كان خبر المبتدأ شبه الجملة ................ | ٣ |
| الدرس الثاني : إذا كان خبر المبتدأ جملة اسمية ................ | ٧ |
| الدرس الثالث : صفة المضاف والمضاف إليه ..................... | ١٢ |
| الدرس الرابع : إذا كانت الصفة جملة ........................ | ١٧ |
| الدرس الخامس : المفعول المطلق .............................. | ٢٢ |
| الدرس السادس : المفعول له ................................ | ٢٧ |
| الدرس السابع : المفعول فيه ................................ | ٣١ |
| الدرس الثامن : الحال ...................................... | ٣٦ |
| الدرس التاسع : التمييز .................................... | ٤٠ |
| الدرس العاشر : العدد العام ................................ | ٤٥ |

| الموضوع | | الصفحة |
| --- | --- | --- |


الدرس الحادي عشر : العدد الوصفي .......................... ٥٣

الدرس الثاني عشر : عدد السنين .......................... ٥٩

الدرس الثالث عشر : فعلا التعجب .......................... ٦٦

الدرس الرابع عشر : أفعال المدح و الذم .......................... ٧٢


## الباب الثاني


**في العناصر وشرحها** ٧٧

الدرس الأول : محمد العربــي صلى الله عليه وسلم صفوة الرسل .......................... ٧٩

الدرس الثاني : الصدقة تطفئ غضب الله .......................... ٨١

الدرس الثالث : طبيعة بنغلاديش وفصولـــها الستة .......................... ٨٣

الدرس الرابع : ذات ضحى أنا في بستان الليمون والشمس مشرقة .......................... ٨٦

الدرس الخامس : مبادلة الــحب والغرام بين الإنسان والبدر ٨٨

الدرس السادس : استقلال بنغلاديش ومواطنوها .......................... ٩١

الدرس السابع : زيارة عروس الشرق الإسلامي : لبنان وتاجها في الوحل الإسرائيلي .......................... ٩٥

الدرس الثامن : زيارة حديقة الحيوانات في ميربور .......................... ٩٩

الدرس التاسع : العلم بلا جهاد رهبانية والجهاد بلا علم إرهاب .......................... ١٠٣

الدرس العاشر : في مراجعة الدروس السابقة .......................... ١٠٦

الـــموضوع | الصفحة

## الباب الثالث


**في الرسائل والطلبات** ١٠٧

الدرس الأول : رسالة من صديق إلى صديقه يواسيه على رسوبه في الامتحان .................... ١١١

الدرس الثاني : رسالة صديق إلى صديقه يدعوه لزيارة مدينته .............................. ١١٣

الدرس الثالث : جواب الصديق على الدعوة ............ ١١٥

الدرس الرابع : الشكوى على الصمت الطويل لصديق .... ١١٧

الدرس الخامس : من ابن إلى والده يطلب منه نصيحته وإرشاده .............................. ١١٩

الدرس السادس : رد الوالد على رسالة ابنه ................ ١٢١

الدرس السابع : من أخ إلى أخيه الـــمسافر ............... ١٢٤

الدرس الثامن : طلب الإجازة ليوميـــن لأجل الـــمرض ١٢٧

الدرس التاسع : طلب تـــمديد الإجازة ................. ١٢٩

الدرس العاشر : طلب الإجازة للأيام التي تغيب فيها عن الـــمدرسة .............................. ١٣١

الدرس الحادي عشر : طلب الإجازة لثلاثة أيام لخدمة الوالدة المريضة .............................. ١٣٣

الدرس الثاني عشر : طلب الإجازة للاشتراك في حفلة زواج الأخت .............................. ١٣٥

| الموضوع | | الصفحة |
| --- | --- | --- |
| الدرس الثالث عشر | : طلب إجراء الطعام من صندوق المعونة ........................ | ١٣٦ |
| الدرس الرابع عشر | : طلب الالتحاق بدورة تدريب اللغة العربية ........................ | ١٣٨ |
| الدرس الخامس عشر | : طلب الكتب الدينية الأدبية للمكتبة من جهة معنية بها ........................ | ١٤٠ |
| الدرس السادس عشر | : طلب شهادة التزكية من مدير المدرسة للالتحاق بمدرسة أخرى ........................ | ١٤٢ |
| الدرس السابع عشر | : الاستفتاء في مسئلة دينية ........................ | ١٤٤ |

# الباب الرابع

| | في قواعد الإملاء وعلامات الترقيم | ١٤٥ |
| --- | --- | --- |
| الدرس الأول | : الهمزة في أول الكلمة ........................ | ١٤٧ |
| الدرس الثاني | : الهمزة في وسط الكلمة ........................ | ١٥١ |
| الدرس الثالث | : الهمزة في آخر الكلمة ........................ | ١٥٣ |
| الدرس الرابع | : جدول قواعد رسم الهمزة ........................ | ١٥٥ |
| الدرس الخامس | : الألف في آخر الكلمة ........................ | ١٥٨ |
| الدرس السادس | : حذف الهمزة وزيادتها ........................ | ١٦١ |
| الدرس السابع | : التاء المربوطة والتاء المبسوطة ........................ | ١٦٣ |
| الدرس الثامن | : مواضع الفصل والوصل في الخط ........................ | ١٦٥ |
| الدرس التاسع | : علامات الترقيم ........................ | ١٦٩ |

# লেখকের ভূমিকা

الحمد لله رب العالمين، والصلاة والسلام على سيد المرسلين، وعلى آله الطيبين وأصحابه الطاهرين، ومن اهتدى بِهَدْيِهِم إلى يوم الدين، وبعد،

আজ থেকে প্রায় ১২ বছর আগের কথা। 'মারকাযুদ্দাওয়া আলইসলামিয়া ঢাকা' আমাদের দেশের মাদরাসাগুলোর إنشاء বিষয়ের সিলেবাসের শূন্যতার দিকটা বিবেচনায় আনে, এবং আরবাবে মাদারিসের খিদমতে এ বিষয়ের একটি পূর্ণাঙ্গ নিসাব পেশ করার সিদ্ধান্ত নেয়। তারপর এই লেখকের উপর সেই নিসাব তৈরি করার দায়িত্ব অর্পণ করে। লেখক মারকাযের শিক্ষাপরিষদের প্রতি কৃতজ্ঞ। কারণ তাঁরা যদি তাকে আল্লাহর তাওফীকে এ সিলেবাস প্রণয়ন করতে পারবে বলে আশ্বস্ত না করতেন, তাহলে সম্ভবত তার পক্ষে এর জন্য চেষ্টা করা সহজ হত না। আল্লাহ তাঁদেরকে উত্তম বিনিময় দান করুন। আমীন!

সিলেবাসটি ৩ খণ্ডে সমাপ্ত করার সিদ্ধান্ত হয়। ১৪২২ হিজরীতে [২০০০ঈ.] প্রথম খণ্ড প্রকাশিত হয়ে দেশের বহু মাদরাসায় মুতাওয়াস্‌সিতা ৩য় বর্ষে [হেদায়াতুন্‌ নাহ্‌বে] নিসাবভুক্ত হয়। এর প্রায় ১০ বছর পর এখন দ্বিতীয় খণ্ড প্রকাশিত হচ্ছে। প্রথম খণ্ড যেসকল মাদরাসায় পড়ানো হয়, সেসকল মাদরাসার শিক্ষক ও শিক্ষার্থীরা জানতে চাইতেন, দ্বিতীয় খণ্ড কবে বের হচ্ছে? আমি কয়েক বছর ধরে বলে আসছিলাম- 'আগামী রমজানের আগে প্রকাশ হবে ইনশাআল্লাহ। আল্লাহ চাহে তো রমজানপরবর্তী নতুন বছরে পড়ানো যাবে।'

কিন্তু আল্লাহ তা'আলার ইচ্ছা ছিলো এ বছর বের হওয়া। মূলত আল্লাহ চাইলেই হয়। শুধু বান্দা চাইলে হয় না।

প্রসঙ্গত উল্লেখ্য, প্রথম খণ্ডের মতো দ্বিতীয় খণ্ডেরও সবগুলো نص আমাদের নিজস্ব তৈরি। আল্লাহ চাহে তো তৃতীয় খণ্ডে আরবী ভাষার বিদগ্ধ লেখকদের অনেক লেখা থাকবে।

কিতাবটি চূড়ান্ত স্তরে পৌঁছার ক্ষেত্রে আমার কয়েকজন ছাত্রের যথেষ্ট সহযোগিতা আছে। বিশেষ করে মাওলানা মাহমুদ হাসান আশরাফ, মাওলানা রবীউল ইসলাম রাফে' ও ইলয়াছ খান। তাদের সহায়তা না হলে এমন একটি নিসাবী কিতাব তৈরি সম্পন্ন করা কঠিন হত। আল্লাহ তাদেরকে দ্বীনের বড় বড় খেদমতের জন্য কবুল করুন। আমীন!

আমি আমার উস্তাদে মুহতারাম শায়খুল হাদীস আল্লামা নূর হোসাইন কাসেমী দা.বা.-এর জন্য বিশেষভাবে দো'আ করি। তিনি প্রথম ও দ্বিতীয় খণ্ডের শুরুতে বাণী দিয়ে আমাকে অনুপ্রাণিত করেছেন। আশা করি, আল্লাহ ৩য় খণ্ড তৈরি করার কাজেও আমাকে ব্যবহার করবেন। এবং উক্ত খণ্ডের শুরুতেও উস্তাদে মুহতারামের বাণী থাকবে ইনশাআল্লাহ। আল্লাহ বড়দের ছাঁয়া আমাদের উপর দীর্ঘস্থায়ী রাখুন। আমীন!

সবশেষে হে আল্লাহ! খুলে বলার তো প্রয়োজন নেই। তুমি অন্তর্যামী। আব্বা-আম্মা বড় আশা বুকে নিয়ে মাদরাসার শিক্ষাকে আমার জন্য প্রাধান্য দিয়েছেন। এখন তাঁরা উভয়ে কবরের বাসিন্দা। তুমি তাঁদের আশা পূরণ করো এবং কবুল করো। আমীন!

وصلى الله على سيدنا محمد – فِدَاهُ أبي وأمي–، وعلى آله وصَحْبه وتابعيهم إلى يوم الدين.

বিনীত
সফিউল্লাহ ফুআদ
[পূর্ব] ভূঁইয়া পাড়া, গল্লাই
চান্দিনা, কুমিল্লা

০৬ - ৭ - ১৪৩১ হি.
১৯ - ৬ - ২০১০ ঈ.
সকাল ৯টা ৪মিনিট

# দরসের আরবী ভাষা শিক্ষাদানের কিতাবগুলোর পাঠদান-পদ্ধতি

[এখানে কিছু সাধারণ দিকনির্দেশনা আছে। এগুলো আরবী ভাষা শিক্ষাদানের সকল কিতাবের ক্ষেত্রে সমানভাবে প্রযোজ্য। নির্দিষ্টভাবে كيف نتعلم الإنشاء কিতাবের পাঠদান-পদ্ধতি এর পর ভিন্নভাবে উল্লেখ করা হয়েছে।]

যেকোনো ভাষা সঠিকভাবে আয়ত্ত করতে হলে ঐ ভাষায় চারটি দক্ষতা অর্জন করতে হয়। শোনা-বলা-পড়া-লেখা এই চার দক্ষতা যথাযথভাবে অর্জন করা হলে যেকোনো ভাষা পূর্ণরূপে অর্জিত হয়। এগুলোকে 'ভাষাকলা'ও বলা হয়। এই চার দক্ষতার কোনোটিই আলাদাভাবে পূর্ণাঙ্গ নয়। এগুলোর প্রত্যেকটিই একে অপরের পরিপূরক। আরবীতে এগুলোকে এভাবে বলা হয়–

১. مَهَارَةُ الاستماع / শ্রবণ-দক্ষতা

২. مَهَارَةُ الكلام / কথন-দক্ষতা

৩. مَهَارَةُ القراءة / পঠন-দক্ষতা

৪. مَهَارَةُ الكتابة / লিখন-দক্ষতা

প্রতি বছরের মতো বিগত ১৪৩০হি. / ২০০৯ঈ.-এর রমযান মাসে বেফাকুল মাদারিসিল আরাবিয়া বাংলাদেশ-এর উদ্যোগে কেন্দ্রীয় পর্যায়ে 'শিক্ষক প্রশিক্ষণ কর্মশালা' অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালায় 'আরবী ভাষা পাঠদান-পদ্ধতি' বিষয়ের প্রশিক্ষণদানের দায়িত্ব আমার উপর ন্যস্ত ছিল। সেখানে আরবী ভাষার উপরিউক্ত চার ভাষাদক্ষতার উপর বিস্তারিতভাবে আলোচনা হয়েছিল। প্রশিক্ষণ কর্মশালার উক্ত আলোচনাগুলো পরিমার্জিত ও পরিবর্ধিত হয়ে, 'আরবী ভাষা পাঠদান-পদ্ধতি' নামে বই আকারে বের হয়েছে। বইটির পৃষ্ঠাসংখ্যা ১৫৫।

সংশ্লিষ্ট গুণীজন বইটিকে পছন্দ করেছেন। ২২ - ০২ - ১৪৩১হি. [০৮ - ০২ - ২০১০ঈ.] সোমবার সন্ধ্যায় আদীব হুজুর হযরত মাওলানা আবু তাহের মিছবাহ মুদ্দাজিল্লুহু তাঁর পছন্দের কথা, মারকাযুদ্দাওয়া আলইসলামিয়া ঢাকা-এর হযরত মাওলানা মুহাম্মদ আব্দুল মালেক ছাহেব দা. বা.-এর মাধ্যমে ফোন করিয়ে আমাকে অবগত করেছেন। আলহামদুলিল্লাহ। আল্লাহ আমাকে বড়দের এই পছন্দপ্রকাশের মর্যাদা রক্ষা করার তাওফীক দান করুন, যেন এর ফলে জীবন-উদ্যানে আসে সৌভাগ্যের বসন্তবাহার।

তো আরবী ভাষার যেসকল শিক্ষক আমার নিকট আরবী ভাষা শিক্ষাদান-পদ্ধতি বিষয়ে পরামর্শ চান, আমি তাদেরকে বইটি অধ্যয়নের বিশেষভাবে পরামর্শ দিব।

আমি তাঁদেরকে বলব- المهاراتُ اللُّغَوِيَّةُ الأَرْبَعُ তথা চার ভাষাদক্ষতা অর্জনই হওয়া উচিত দরসের আরবী ভাষা শিক্ষাদানের কিতাবগুলোর পাঠদানের লক্ষ্য। অতএব, 'শ্রবণ-দক্ষতা'র জন্য দরসের কিতাবের نص তথা মূলপাঠ যেভাবে শোনাতে বলা হয়েছে, সেভাবে শোনাবেন। 'শ্রবণ-দক্ষতা' উন্নত হচ্ছে কি-না, এর পরীক্ষা নেওয়ার পদ্ধতিও উক্ত বইয়ে উল্লেখিত আছে।

'কথন-দক্ষতা'র জন্য القراءة الراشدة কিতাবের প্রথম দু'টি جملهকে উল্লেখ করে উক্ত বইয়ে একটি কথাকেই বিভিন্নভাবে বলার উদাহরণ দেওয়া হয়েছে। [পৃষ্ঠা ৩৯ - ৪১ দ্রষ্টব্য।] সেভাবে বলবেন। كيف نتعلم الإنشاء কিতাবের প্রথম খণ্ডের استفهام-এর আলোচনাটি ভালোভাবে আয়ত্ত করিয়ে দিয়ে, শিক্ষার্থীদেরকে প্রথমে দরসের বিষয়ের উপর এবং তারপর উন্মুক্ত مُحَادَثَه করাবেন।

مهارة القراءة-এর আলোচনায় 'পঠন-দক্ষতা'র লক্ষ্যসমূহ অর্জন করার পদ্ধতি উল্লেখ করা হয়েছে। সেগুলো খেয়াল রেখে দরসের মূল পাঠ পড়াবেন।

আর مهارة الكتابة-এর আলোচনায় কিতাবের تعبيرات ও جملهসমূহের অনুশীলন ও অনুকরণের কথা সবিস্তারে বলা হয়েছে। তা করাবেন।

একটি মৌলিক কথা হলো- শিক্ষককে সর্বক্ষেত্রে শিক্ষার্থীদের আদর্শ হতে হবে। তাহলে অনেক জিনিস শিখাতে হবে না। শিক্ষার্থী এমনিতেই শিখে যাবে বা শিখে নেবে। আমি শিক্ষক, আর শিক্ষার্থী আমার ছাত্র, এই বিভাজন শুধুই নেজাম ও তরবিয়তের প্রয়োজনে। এই বিভাজন কখনো যেন আমাদের মনে স্থান না পায়। মৃত্যু পর্যন্ত প্রত্যেকের শিখে যেতে হবে। ছাত্রের কাছ থেকেও আমাদের শেখার প্রয়োজন হতে পারে। প্রত্যেক সাহাবী একই সময় শিক্ষার্থী ও শিক্ষক ছিলেন। كان يَأخُذُ من مكان وَيَدْفَعُ إلى مكان এক স্থান থেকে গ্রহণ করতেন, অন্য স্থানে প্রদান করতেন।

মোট কথা, শ্রবণ-দক্ষতা, কথন-দক্ষতা, পঠন-দক্ষতা ও লিখন-দক্ষতার যেসমস্ত লক্ষ্যের বিবরণ ও সেগুলো অর্জন করার পদ্ধতি উক্ত বইয়ে আলোচনা করা হয়েছে, সেগুলোর আলোকে দরসের আরবী ভাষা শিক্ষাদানের কিতাবগুলো পড়াবেন। আর কিতাবটি পড়িয়ে যে পরিমাণ ভাষা-দক্ষতা অর্জন করানো

উদ্দেশ্য, তা লক্ষ্য রেখে প্রতিটি কিতাবের জন্য تمرينات তৈরি করে নিলে কাজ সহজ হয়ে যায়।

আলহামদুলিল্লাহ, قصص النبيين কিতাবটির প্রথম-দ্বিতীয়-তৃতীয়-চতুর্থ-পঞ্চম সবগুলো খণ্ড এবং القراءة الراشدة কিতাবের প্রথম খণ্ডটি আমার تمرينات সহ 'ইসলামিয়া কুতুবখানা ঢাকা' বাংলাবাজার থেকে বের হয়েছে। القراءة الراشدة-এর পরবর্তী খণ্ড দু'টিও تمرينات সহ বের হবে ইনশাআল্লাহ। আর প্রাথমিক স্তরের كَيْفَ نتعلمُ الإنشاءَ, قَوَالِبُ الْجُمَلِ-এর تمرينات-এর জন্য, প্রথম খণ্ডটি দেশের বহু মাদরাসায় নেসাবভুক্ত থাকার কারণে, তা তো অনেক শিক্ষকের কাছে আছেই।

এখানে প্রসঙ্গত একটি কথা বলি। ১৪২২ হিজরীতে [২০০০ঈ.] كَيْفَ نتعلمُ الإنشاءَ কিতাবের প্রথম খণ্ডের প্রথম সংস্করণ প্রকাশিত হওয়ার এক বছর আগে [১৪২১হি./ ১৯৯৯ঈ.তে], মাওলানা মুহাম্মদ আব্দুল মালেক ছাহেব দা. বা.-এর জিজ্ঞাসার জবাবে, আদীব হুজুর এই কিতাবকে معلم الإنشاء কিতাবের نِعْمَ الْبَدَلُ [উত্তম বিকল্প] আখ্যা দিয়েছেন।

তো এগুলো পড়াবেন। উপরিউক্ত কর্মশালায় অংশগ্রহণকারী শ্রদ্ধেয় শিক্ষকবৃন্দকে আমি বলেছি- নেসাবের অন্তর্ভুক্ত করার দায়িত্ব মাদরাসা-কর্তৃপক্ষের বা বোর্ডের। আপনারা যদি শিক্ষার্থীদেরকে এগুলোর আলোকে تمرين করান, তাদেরকে কিতাব ক্রয় করতে বাধ্য না করেন, তাহলে কোনো বাঁধা থাকার কথা নয়। নিজের কর্তৃত্ব না থাকলে এর চেয়ে অগ্রসর হবেন না। সর্বোচ্চ এই করতে পারেন যে, নেসাব নির্ধারণকারীগণ আপনাদের কথাগুলো শোনালেন।

এখন আমি القراءة الراشدة প্রথম খণ্ডের শুরুতে উল্লেখিত [আমারই লিখিত] 'পাঠদান-পদ্ধতি' থেকে নির্বাচন করে কিছু 'সাধারণ' কথা শোনাব। সেগুলোর সঙ্গে কিছু নতুন কথা সংযোজনও করবো। কথাগুলো আরবী ভাষা শিক্ষাদানের প্রত্যেক কিতাবের ক্ষেত্রে সমানভাবে প্রযোজ্য–

১. যেদিন মূল দরস পড়া হবে, তার পূর্বের দিন ঘণ্টা থেকে উঠার পূর্বে শিক্ষক দরসটি আদর্শ উচ্চারণে পড়ে শোনাবেন। যেন শিক্ষার্থীরা উক্ত পঠনের অনুকরণ করে পরবর্তী দিনের ঘণ্টার প্রস্তুতি গ্রহণ করতে পারে।

আদর্শ উচ্চারণ দ্বারা এখানে আমার উদ্দেশ্য হলো, 'সরব পাঠে' যেসমস্ত

দিক বিশেষভাবে লক্ষ্য রাখা হয় সেগুলো লক্ষ্য রেখে পড়া। সেগুলোর অন্যতম হলো–

ক. হরফ ও শব্দসমূহের সঠিক উচ্চারণ;
খ. ভাষাভাষীদের বাচনভঙ্গি;
গ. ধ্বনি-তরঙ্গ ও
ঘ. মজবুত ইশারা-ইঙ্গিত।

'আরবী ভাষা পাঠদান-পদ্ধতি' বইয়ে এগুলোর প্রয়োজনীয় ব্যাখ্যা এসেছে।

২. শিক্ষার্থী مطالعه করে ঘণ্টায় বসবে। 'অভিধানে'র সাহায্যে দরসের প্রস্তুতি গ্রহণ করবে। কোনো অবস্থাতে যেন কোনো শিক্ষার্থী مطالعه করা ছাড়া ঘণ্টায় উপস্থিত না হয়। مطالعه করে দরসে বসলে যে পাঠের সঙ্গে একটা পূর্ব পরিচয় ঘটে এবং এর উপকারিতা যে সূদূরপ্রসারী, শিক্ষক প্রথম দিনেই তা শিক্ষার্থীদের মনে গেঁথে দিবেন। দরসে উপস্থিত হওয়ার পর সর্বপ্রথম প্রত্যেকে مطالعه করেছে কি-না, তার খোঁজখবর নিবেন।

৩. তারপর শিক্ষক অনির্দিষ্টভাবে একাধিক শিক্ষার্থী থেকে শোনে তাদের عبارت পড়াসংক্রান্ত ভুল সংশোধন করবেন। পড়া শুদ্ধ হওয়ার প্রতিই বেশি গুরুত্ব দিবেন। কোনো শিক্ষার্থী যদি শুধু শিক্ষকের বিগত দিনের পঠনের অনুকরণ করে সঠিকভাবে পড়তে পারে, তাহলে অপাতত তার পড়া সন্তোষজনক মনে করবেন। صرف ও نحو-এর قواعد -এর প্রচলিত إجراء -এর মধ্যে প্রয়োজনের অতিরিক্ত সময় ব্যয় করবেন না। মনে রাখতে হবে- এটি আরবী ভাষা শেখার দরস। صرف ও نحو-এর দরস নয়। সতর্ক থাকতে হবে- 'লবণের পরিমাণ যেন খাবারের চেয়ে বেশি না হয়ে যায়।' আরবী ভাষার ঘণ্টায় নয়, صرف ও نحو-এর ইজ্‌রা صرف ও نحو-এর ঘণ্টাতেই হওয়া উচিত। তাহলে ভাষাদক্ষতা অর্জনের অনুশীলন স্বাচ্ছন্দ্যে করা যাবে।

৪. এরপর অনুবাদ পর্ব। শিক্ষার্থীরা তো অভিধানের সাহায্য নিয়ে مطالعه করেই ঘণ্টায় বসেছে। তাই তারা অনুবাদ করতে পারবে। অনুবাদ তারাই করবে। শিক্ষক নিজে অনুবাদ করবেন না। একজন শিক্ষার্থী দাঁড়িয়ে অনুবাদ করবে। ভুল হলে শিক্ষক অন্য একজনকে জিজ্ঞেস করবেন। সেও যদি ভুল করে, তাহলে অপর একজনকে বলতে বলবেন। এভাবে শিক্ষার্থীদের মুখ থেকেই সঠিক অনুবাদ বের করার চেষ্টা করবেন। ভুল হলে শিক্ষক সংশোধন করে দিবেন।

মোট কথা শুধু 'প্রদান' যেন না হয়। 'আদান-প্রদান' উভয়টা যেন হয়। বরং 'আদান'ই যেন বেশি হয়। শেষে অবশ্য শিক্ষক নিজে পুরো অনুবাদ বলে দিবেন। এরপর শিক্ষক পাঠটি একবার আদর্শ উচ্চারণে 'ধারাবাহিক' পড়ে শোনাবেন।

৫. শিক্ষক অনুবাদ পর্বে تعبيرات ও تركيبُ الجمل [বাক্যরচনা অর্থে, نحوي تركيب অর্থে নয়।]-এর প্রয়োজনীয় আলোচনা করবেন। উপরিউক্ত 'আরবী ভাষা পাঠদান-পদ্ধতি' বইয়ে 'পঠন-দক্ষতা'র অধীনে এগুলোর বিস্তারিত ব্যাখ্যা আছে। صِلاتُ الأفعال والـمَصادِرِ -এর প্রতি বিশেষ গুরুত্ব দিবেন। যখনافعال ও مصادر মুখস্থ করাবেন, ব্যবহার-পদ্ধতি অনুসারে মুখস্থ করাবেন। উদাহরণস্বরূপ শিক্ষার্থী 'গেল'-এর আরবী শুধু ذهب মুখস্থ না করে, ذهب إلى মুখস্থ করবে। 'সাহায্য করল'-এর আরবী শুধু نصر না শিখে, نصره শিখবে।

৬. দরসের পর শিক্ষার্থীরা এই নিয়মে পাঠ শিখবে–
   ক. উস্তাদের আবৃত্তি অনুকরণ করে তারা পাঠটি বারবার পড়বে।
   খ. আরবী ইবারতে আঙ্গুল রেখে عبارت না পড়ে উস্তাদের অনুবাদটি বারবার পড়বে।
   গ. উস্তাদের অনুবাদটি খাতায় লিখবে। তারপর উক্ত অনুবাদে আঙ্গুল রেখে তার আরবী বারবার পড়বে। তখন বাংলা পড়বে না। বাংলা দেখে কিতাবের আরবীটি হুবহু বলার চেষ্টা করবে।

৭. পরবর্তী দিন শিক্ষক পড়া শোনবেন। এখানে চারটি কাজ হবে–
   ক. শিক্ষার্থীদের থেকে আদর্শ উচ্চারণে পাঠটি শোনবেন।
   খ. তাদের থেকে অনুবাদ শোনবেন। তারা শোনানোর সময় শুধু অনুবাদ শোনাবে। মাঝে আর কোনো عبارت পড়বে না। আরবী ইবারতে তারা আঙ্গুল রেখে অনুবাদ এভাবে শোনাবে যে, যেন মনে হয় তারা কোনো বাংলা বই পড়ছে।
   গ. শিক্ষক নিজে বা একজন ছাত্রকে দিয়ে ব্লাকবোর্ডে 'মূল পাঠের' বাংলা অনুবাদ লিখবেন। শিক্ষার্থীরা তা দেখে দ্রুত তার আরবী শোনাবে। শিক্ষক শুধু লক্ষ্য রাখবেন, তাদের এই আরবী, কিতাবের অনুরূপ হয় কি না।
   ঘ. أفعال ও مصادر -এর প্রয়োগ-পদ্ধতি বিশেষভাবে শোনবেন।

[শিক্ষক ঘণ্টায় এসেই একজন শিক্ষার্থীকে অনুবাদটি লিখে ফেলতে বলবেন। একেক দিন একেকজনকে দ্বারা লেখাবেন। আর নিজে পাঠ শোনা শুরু করবেন। তাহলে পরবর্তীতে লেখার জন্য ভিন্ন সময় ব্যয় করার প্রয়োজন হবে না। শিক্ষার্থী লেখা শেষ করার পর ব্লাকবোর্ডটি উল্টিয়ে রাখবে।]

৮. কিতাব تمرينات সম্বলিত হলে শিক্ষক تمرينات করাবেন। অন্যথায় শিক্ষক নিজের পক্ষ থেকে প্রয়োজনীয় تمرين তৈরি করে সেগুলোর অনুশীলন করাবেন। 'কথন-দক্ষতা' ও 'লিখন-দক্ষতা' উন্নতি করার প্রতি বিশেষ গুরুত্ব দিবেন।

৯. متوسطه তৃতীয় বর্ষ পর্যন্ত প্রত্যেক জামাতে إملاء [শ্রুতলিপি]-এর অনুশীলনের জন্য আলাদা ঘণ্টা থাকবে। যদি স্বতন্ত্র ঘণ্টা না থাকে, তাহলে শিক্ষক আরবী ভাষা শিক্ষার ঘণ্টায় সপ্তাহে কমপক্ষে দু'দিন শ্রুতলিখনের অনুশীলন করাবেন।

১০. প্রতিদিন পরিমাণে অল্প হোক, কিছু না কিছু الواجب المنزلي [বাড়ির কাজ] অবশ্যই থাকবে। কিতাবে الواجب المنزلي নির্দিষ্ট থাকলে তো ভাল। অন্যথায় শিক্ষক উপযোগী কোনো কাজ দিবেন। সাধারণ অবস্থায় এক দিন 'মূল পাঠে'র নির্দিষ্ট কোনো অংশকে একটু ব্যাখ্যাসহ নিজের আরবী ভাষায় লেখার দায়িত্ব দিবেন। অন্য দিন এভাবে نص -এর নির্দিষ্ট একটি অংশকে একটু বিশ্লেষণসহ আরবীতে মৌখিকভাবে ব্যক্ত করার কাজ দিবেন।

পরবর্তী দিন শিক্ষক 'বাড়ির কাজ' সংশোধন করে দিবেন। যদি কোনো দিন বিশেষ কোনো কারণে সে পরিমাণ সময় দেওয়া সম্ভব না হয়, তাহলে এতটুকু অবশ্যই করবেন যে, প্রত্যেকের খাতা জমা করবেন। অনির্দিষ্টভাবে দু'চারটে খাতা সংশোধন করবেন। অবশিষ্ট খাতাগুলো একটি চিহ্ন দিয়ে ফেরত দিবেন। এই চিহ্নের অর্থ হবে, প্রত্যেকে যে বাড়ির কাজ সম্পন্ন করেছে, তা শিক্ষকের অবগতিতে এসেছে।

## ভুল সংশোধন

এখন 'ভুল সংশোধন' বিষয়ে কয়েকটি কথা বলব-

১. শিক্ষার্থীদের ভুল হওয়া একটি স্বাভাবিক বিষয়। সুতরাং এর কারণে কেউ হতাশ হবেন না। বরং শিক্ষকের উচিত শিক্ষার্থীদের ভুলের ব্যাপারে মনোযোগী হওয়া, তাদের ভাষাগত দক্ষতার পরিমাণ জানা, তাদের দুর্বলতার দিকসমূহ নির্দিষ্ট করা এবং তা দূর করার চেষ্টা করার জন্য। এমন

ভুল সংশোধনে কোনো উপকার নেই, শিক্ষার্থীরা যার কারণ বুঝে না। অতএব ভুল ও সঠিক উভয়টি ভালোভাবে ব্যাখ্যা করা শিক্ষকের দায়িত্ব।

২. প্রতিটি ভুলের জন্য সতর্ক করা অনুচিত। কারণ, তাতে শিক্ষার্থীরা সঙ্কুচিত হয়ে যাবে। তারা অগ্রসর হওয়ার সাহস হারিয়ে ফেলবে। তাই শুধু এমন ভুলের জন্যই সতর্ক করা উচিত, যেগুলোর কারণে অর্থ পরিবর্তন হয়ে যায় এবং পূর্বে বারবার পড়ার কারণে শিক্ষার্থীদের থেকে যেগুলো পুনরায় প্রকাশ পাওয়া অনুচিত।

৩. শিক্ষার্থীকে ভুল প্রকাশ হওয়ার সঙ্গে সঙ্গে শিক্ষক নিজের আওয়াজের ইশারায় অথবা হালকা প্রহারের মাধ্যমে সতর্ক করতে পারেন। যেন শিক্ষার্থী সতর্ক হয় এবং নিজেই নিজের ভুল সংশোধন করে নেয়।

৪. সর্বাবস্থায় শিক্ষক লক্ষ্য রাখবেন, তাঁর থেকে যেন এমন কোনো আচরণ প্রকাশ না পায়, যা ভুলকারী শিক্ষার্থীদের অস্থিরতার কারণে পরিণত হয়। হাদীস শরীফে এসেছে, যার ভাবার্থ হলো– 'তোমরা সহজ করো, কঠিন করো না। সুসংবাদ প্রদান করো, আতঙ্কিত করো না।'

৫. লিখিত ভুল যদি সমষ্টিগত হয়, তাহলে ভুলের বিশ্লেষণ ও সংশোধন ব্লাকবোর্ডে হওয়া ভালো। পক্ষান্তরে ভুল যদি ব্যক্তিগত হয়, তাহলে শিক্ষক ভুলের ধরণের প্রতি লক্ষ্য রেখে ঐ শিক্ষার্থীর স্তর উপযোগী সংশোধন-পদ্ধতি অবলম্বন করবেন। প্রথম স্তরের শিক্ষার্থীদের জন্য ভুলের নিচে একটা রেখা টানা যথেষ্ট হয়। কখনো শিক্ষক ভুলের উপরে বা পাশে সঠিকটা লিখে দেওয়া উপযোগী মনে করেন। আবার কখনো শিক্ষক তাঁর কলমে সংক্ষিপ্ত দিক-নির্দেশনা বা হালকা ইঙ্গিতদানের মাধ্যমে ভুলের কারণ স্পষ্ট করার প্রয়োজনীয়তা অনুভব করেন।

সর্বশেষ কথা হলো- সুন্দর গুণাবলি, আচার-আচরণ, বিষয়ে পারদর্শিতা, শেখানোর আশা-উদ্যম, প্রশস্ত মনে ও কোমলভাবে দুর্বলদের সহযোগিতা, ক্ষমাযোগ্য ত্রুটি-বিচ্যুতি দেখেও না দেখা এবং সূক্ষ্ম ও নিপুণ তত্ত্বাবধানের মাধ্যমে উস্তাদগণ তালিবে ইলমদেরকে নিজেদের প্রতি আকৃষ্ট করবেন।

আল্লাহ আমাদের সকলকে তাওফীক দান করুন। এই আলোচনাকে আমার এবং সংশ্লিষ্ট সকলের নাজাতের অসিলা বানান। আমীন!

- ফুআদ

# এ কিতাবের পাঠদান-পদ্ধতি

১. كيف نتعلم الإنشاء কিতাবের এই দ্বিতীয় খণ্ডটি ছানূভী প্রথম বর্ষের [কাফিয়ার] জন্য লেখা হয়েছে। মুতাওয়াস্‌সিতা ৩য় বর্ষে [হেদায়াতুন্ নাহ্‌বের] প্রথম খণ্ড পড়ার পর ছানূভী ১ম বর্ষে শিক্ষার্থীরা এই কিতাব পড়বে।

২. প্রত্যেক দরসে التدريب-এর পূর্বে উদাহরণসহ যে আলোচনা আছে, প্রথমে একজন ভালো শিক্ষার্থী দ্বারা সে অংশটুকু পড়াবেন। তারপর অনির্দিষ্টভাবে আরও দু'তিনজনকে দিয়ে পড়াবেন। শিক্ষার্থীরা পড়বে। শিক্ষক নিজে পড়বেন না। তিনি শুধু তত্ত্বাবধান করবেন। আর প্রয়োজন হলে কোনো কথা ব্যাখ্যা করে বুঝিয়ে দিবেন। তারপর তাদেরকে উদাহরণসহ আলোচনাটি কয়েকবার পড়ার আদেশ করবেন। যে দরসে 'মূলকথা' আছে, সে দরসে শিক্ষার্থীরা 'মূলকথা' মুখস্থ করে শোনাবে। অন্যান্য দরসে আলোচনাই নিজের ভাষায় শোনাবে।

৩. শিক্ষক প্রথমে معاني المفردات ভালোভাবে মুখস্থ করিয়ে দিবেন। প্রয়োজনে শুধু শব্দার্থ মুখস্থ করা একদিনের কাজ হতে পারে। একজন শিক্ষার্থী দাঁড়িয়ে বিশুদ্ধ উচ্চারণে শব্দার্থগুলো পড়বে। ভুল হলে শিক্ষক শুধরে দিবেন। প্রয়োজন মনে করলে আরও দু'একজনকে দিয়ে পড়াবেন। সকলে মনোযোগের সাথে শোনবে। শিক্ষার্থীদের বিশুদ্ধ পড়ার ব্যাপারে নিশ্চিত না হয়ে কখনো তাদেরকে শব্দার্থ [বরং কোনো পাঠ] অধিক পরিমাণে পড়া বা মুখস্থ করার আদেশ করবেন না। শিক্ষার্থী কখনো যেন ভুল পড়া মুখস্থ না করে, সে ব্যাপারে খুব সতর্ক থাকবেন। মুখস্থ করার পর অনির্দিষ্টভাবে দু'চারজন থেকে শুনবেন। এরপর তাদেরকে مُذاكره করার জন্য ৫/৬ মিনিট সময় দিবেন। প্রত্যেকে অপরকে সবগুলো শব্দার্থ শোনাবে।

৪. তারপর শিক্ষক আদর্শ উচ্চারণে আরবী ও বাংলা উভয় نص শিক্ষার্থীদের শোনাবেন। জামাতে যদি এমন ছাত্র থাকে যার আবৃত্তি আদর্শ, তাকে দিয়েও আদর্শ উচ্চারণ শোনানোর কাজ করাতে পারেন।

তারপর তাদেরকে কিছু সময় দিবেন আদর্শ আবৃত্তিটি অনুকরণ করে نصটি কয়েকবার পুনরাবৃত্তি করার জন্য। তারপর একজন একজন করে ছাত্রদেরকে দাঁড় করাবেন আবৃত্তি শোনানোর জন্য। প্রথমে তুলনামূলক ভাল ছাত্রদেরকে

ডাকবেন, যেন তারা অন্যদের জন্য আদর্শ হয় এবং অন্যরা পড়তে উৎসাহিত হয়।

৫. তারপর একজন শিক্ষার্থী দাঁড়িয়ে আরবী نص-এর বাংলা করবে। ভুল হলে শিক্ষক শুধরে দিবেন। শিক্ষক নিজে বাংলা করবেন না। তদ্রূপ বাংলা থেকে আরবী অনুশীলনে একজন শিক্ষার্থী বাংলা نص-এর আরবী করবে। ভুল হলে শিক্ষক শুধরে দিবেন। শিক্ষক নিজে আরবী করবেন না। এভাবে আরও দু'একজন থেকে অনুবাদ শুনবেন। এবং তাদের ভুলগুলো সংশোধন করে দিবেন। অন্যান্য শিক্ষার্থীরা মনোযোগ সহকারে শোনবে। তারপর শিক্ষক সকলকে এভাবে কয়েকবার পড়ার নির্দেশ দিবেন।

তারপর তাদের থেকে পড়া শুনবেন। তারা অনুবাদ শোনানোর সময় শুধু অনুবাদই শোনাবে। মাঝে আর কোনো عبارت পড়বে না। আরবী ইবারতে আঙ্গুল রেখে শিক্ষককে বাংলা অনুবাদ এভাবে শোনাবে যে, মনে হতে হবে- তারা কোনো বাংলা বই পড়ছে। তদ্রূপ বাংলা 'নসে' আঙ্গুল রেখে আরবী অনুবাদ শিক্ষককে এভাবে শোনাবে যে, যেন তারা আরবী কোনো কিতাব দেখে পড়ছে। মাঝে কোনো বাংলা শব্দ বা বাক্য পড়বে না।

৬. এরপর শিক্ষক সে অংশের কিছু تعبير বুঝাবেন এবং নমুনা হিসেবে কয়েকটি জুমলার قالب [কাঠামো] ব্যাখ্যা করবেন। 'শিক্ষার্থীদের উদ্দেশে' লিখিত আলোচনায় تعبير ও قالب সম্পর্কে বিস্তারিত কথা হয়েছে। প্রয়োজনে শিক্ষক তা দেখে নিবেন।

তারপর শিক্ষক শিক্ষার্থীদেরকে تعبير ও জুমলার قالب খেয়াল করে এক একটি نص অনেকবার পড়ার উপদেশ দিবেন, যেন আরবী ভাষার تعبير এবং আরবী জুমলার قالب-এর সঙ্গে তাদের সম্পর্ক সুদৃঢ় হয়ে যায়।

৭. পরবর্তী দিন পড়া নেওয়ার পদ্ধতি হবে- ব্লাকবোর্ডে শিক্ষক নিজেই বা একজন শিক্ষার্থীকে দিয়ে আরবী অংশের বাংলা অনুবাদ লিখবেন। শিক্ষার্থীরা দ্রুত উক্ত অংশের আরবী শোনাবে। তারপর বাংলা অংশের আরবী অনুবাদ লিখবেন। শিক্ষার্থীরা দ্রুত উক্ত অংশের বাংলা শোনাবে। শিক্ষক শুধু লক্ষ্য রাখবেন, তাদের এই অনুবাদ কিতাবের অনুরূপ হয় কি-না।

৮. সংশ্লিষ্ট দরসে نحو-এর যে মাসআলার إنشائي তামরীন করানো বিশেষভাবে উদ্দেশ্য, শিক্ষক মূলত এর প্রতিই গুরুত্বারোপ করবেন সবচে' বেশী। এটি

দরসের দায়িত্ব। পক্ষান্তরে تعبير ও قالب সম্পর্কে যা বলা হল, তা শিক্ষার্থীদের কল্যাণকামিতায় অতিরিক্ত উপদেশ।

শিক্ষার্থী যদি সংশ্লিষ্ট نحوي মাসআলা সঠিকভাবে ব্যবহার করে নির্ভুল جملة স্বতঃস্ফূর্তভাবে তৈরি করতে সক্ষম হয়, তখনই তার تمرين করা সফল বলা হবে। সুতরাং الواجب المنزلي বা 'বাড়ির কাজ' শিরোনামে শিক্ষক শিক্ষার্থীকে যে কাজ দিবেন, তাতে স্বতঃস্ফূর্তভাবে এ ধরনের নির্ভুল جملة তৈরি করার দক্ষতা বিনির্মাণের প্রতি সর্বোচ্চ দৃষ্টি দিবেন।

কোনো শিক্ষার্থী যদি এ ধরনের অনেক جملة সম্বলিত কিতাবের অনুরূপ নির্দিষ্ট কোনো বিষয়ে আরবীতে ভালো অনুচ্ছেদ তৈরি করতে সমর্থ হয়, তাহলে সে অবশ্যই অনেক প্রশংসা পাওয়ার উপযুক্ত। তবে আমাদের পক্ষ থেকে তার উপর অর্পিত দায়িত্ব শুধু এতটুকু থাকবে যে, সে উপরের অনুকরণে সংশ্লিষ্ট نحوي মাসআলা সম্বলিত কমপক্ষে পঁচিশটি جملة লিখবে। তারপর নিজেই ব্যাপক সম্পাদনা করে সেগুলো থেকে মাত্র পাঁচটি جملة নির্বাচন করবে। এই নির্বাচিত جملة পাঁচটি শিক্ষককে দেখাবে। শিক্ষার্থী কমপক্ষে ২৫টি جملة লিখেছে কি-না, শিক্ষক প্রথমে তা নিশ্চিত হবেন। তারপর নির্বাচিত جملة পাঁচটি দেখে দিবেন।

৯. প্রথম অধ্যায়ের শব্দার্থ মুখস্থ করানো, আরবী অনুচ্ছেদগুলোর আদর্শ উচ্চারণ শেখানো, সেগুলোর বাংলা অনুবাদ করানো, সর্বোপরি সেগুলোর ভাষাগত সম্পদ [قَوالِب ও تَعبيرات] আয়ত্ত করানোর পদ্ধতি সম্পর্কে উপরে যা লেখা হয়েছে, সেগুলো দ্বিতীয় ও তৃতীয় অধ্যায়ের বিষয়গুলো পড়ানোর ক্ষেত্রেও সমানভাবে প্রযোজ্য।

দ্বিতীয় অধ্যায়ের দরসগুলো সম্পর্কে একটি বিশেষ পরামর্শ হলো, শিক্ষক আরবীতে শিক্ষার্থীদেরকে সে বিষয়ে বিভিন্ন প্রশ্ন করবেন। শিক্ষার্থীরা আরবীতে উত্তর দিবে। আলোচ্য লেখাটি পড়ে শিক্ষার্থীদের সে বিষয়ে যে পরিমাণ জ্ঞান অর্জন হয়েছে, ততটুকুর উপর ভিত্তি করেই যেন তারা উত্তর দিতে পারে, শিক্ষক সেদিকে লক্ষ্য রাখবেন। তারপর শ্রেণীকক্ষেই শিক্ষার্থীদেরকে নিজের তত্ত্বাবধানে সে বিষয়ে পরস্পর কিছুক্ষণ কথোপকথন করার আদেশ করবেন।

শিক্ষকের সংশ্লিষ্ট বিষয়ে প্রশ্ন করার একটি নমুনা সামনে উল্লেখ করা হলো।

দ্বিতীয় অধ্যায়ের প্রথম পাঠ থেকেই প্রশ্নগুলো তৈরি করা হয়েছে। লক্ষ্য করুন–

١. هل وَطِئَ ظَهْرَ الْأَرْضِ أحدٌ خيرٌ من محمد بنِ عبدِ الله ﷺ؟

٢. كيف كان صَفْوَةُ الرُّسُلِ ﷺ؟

٣. إلى من أَرْسَلَ الله تَعَالَى مُحَمَّدًا العربيَّ ﷺ؟

٤. كيف كان النَّاسُ قَبْلَ بِعْثَةِ سَيِّدِ الْأَنْبِيَاءِ وَالرُّسُلِ ﷺ؟

٥. ماذا يَدُلُّ عَدَمُ تَقْفِيَةِ اللهِ تعالى على محمدٍ ﷺ بِنَبِــيٍّ؟

٦. اذكُرْ ما تَعْلَمُ عن مَهارَةِ النَّبِــيِّ الْأَعْظَمِ الْأَدَبِيَّةِ.

১০. সবগুলো অধ্যায়ের الواجب الـمـنـزلي সম্পর্কে কথা হলো, সম্ভব হলে এর উল্লেখযোগ্য পরিমাণ কাজ শিক্ষক শ্রেণীকক্ষেই শিক্ষার্থীদেরকে তৈরি করতে বলবেন। শিক্ষক ঘুরে ঘুরে দেখবেন সবাই লিখছে কি-না। তবে এই লেখা তারা শিক্ষককে দেখাবে না। শিক্ষককে দেখানোর জন্য তারা যে লেখা তৈরি করবে, এটা তার পূর্ব প্রস্তুতি।

১১. শিক্ষক এ কিতাবের দরসদানের পাশাপাশি শিক্ষার্থীদের ভাষাসংশ্লিষ্ট বিশেষ করে তিনটি কাজ করতে বলবেন-

ক. নিয়মিত আরবীতে ও বাংলায় রোযনামচা লিখতে বলবেন। প্রত্যেক শিক্ষার্থী একদিন আরবীতে এবং একদিন বাংলায় রোযনামচা লিখে إنشاء-এর ঘণ্টায় শিক্ষকের সামনে উপস্থিত করবে। সুযোগ হলে শিক্ষক দেখে দিবেন। সুযোগ না হলে শুধু একটি বিশেষ চিহ্ন দিয়ে রোযনামচার খাতা ফেরত দিবেন। এই চিহ্ন দেয়ার অর্থ হবে, শিক্ষার্থীর রোযনামচা লেখার কথা শিক্ষকের অবগতিতে এসেছে। এর গুরুত্বও কম নয়। রোযনামচা দেখে দেওয়া শিক্ষকের অবশ্যকরণীয় দায়িত্ব নয়। শিক্ষকের অবশ্যকরণীয় দায়িত্ব হলো, শিক্ষার্থীদের الواجب المنـزلي দেখে দেওয়া।

খ. শিক্ষার্থীদেরকে আরবী ভাষায় এবং বিশুদ্ধ বাংলা ভাষায় কথা বলতে অভ্যস্ত হওয়ার উপদেশ দিবেন। 'বিশুদ্ধ ভাষায় কথা বলা' বিষয়ে 'আরবী ভাষা পাঠদান-পদ্ধতি' বইয়ে একটি প্রান্তিকতামুক্ত আলোচনা আছে।

গ. গ্রহণ ও অর্জনের মানসিকতা নিয়ে নিয়মিত কিছু আরবী ও বাংলা সাহিত্য অধ্যয়ন করতে শিক্ষার্থীদেরকে উদ্বুদ্ধ করবেন।

'শিক্ষার্থীদের উদ্দেশে' লিখিত আলোচনার দশম পয়েন্টে এ তিনটি দিক নিয়ে বিস্তারিত কথা হয়েছে। প্রয়োজনে শিক্ষক সেগুলো দেখে নিবেন।

'দরসের আরবী ভাষা শিক্ষাদানের কিতাবগুলোর পাঠদান-পদ্ধতি' শিরোনামের লেখার সর্বশেষ অনুচ্ছেদটি উল্লেখ করে এ আলোচনা সমাপ্ত করছি–

সুন্দর গুণাবলি আচার-আচরণ, বিষয়ে পারদর্শিতা, শেখানোর আশা-উদ্যম, প্রশস্ত মনে ও কোমলভাবে দুর্বলদের সহযোগিতা, ক্ষমাযোগ্য ত্রুটি-বিচ্যুতি দেখেও না দেখা এবং সূক্ষ্ম ও নিপুণ তত্ত্বাবধানের মাধ্যমে উস্তাদবৃন্দ তালিবে ইলমদেরকে নিজেদের প্রতি আকৃষ্ট করবেন।

আল্লাহ আমাদের সকলকে তওফীক দান করুন। এই আলোচনাকে আমার এবং সংশ্লিষ্ট সকলের নাজাতের অসিলা বানান। আমীন!

**- ফুআদ**

যাঁরা আমাদের আদর্শ তাঁদের কয়েকজন হলেন– হযরত ওমর ইবনে আব্দুল আযীয [৬১ - ১০১হি.], হযরত হাসান বসরী [২১ - ১১০হি.], ইমাম আহমদ ইবনে হাম্বল [১৬৪ - ২৪১ হি.], ইমাম আবুল হাসান আশ'আরী [২৬০ - ৩২৪ হি.], ইমাম গাযালী [৪৫০ - ৫০৫হি.], শায়খ আবদুল কাদের জীলানী [৪৭০ - ৫৬১হি.], আল্লামা ইবনুল জাওযী [৫০৮ - ৫৯৭হি.], সুলতান নূরুদ্দীন যঙ্গী [৫১৩ - ৫৬৯হি.], সুলতান সালাহউদ্দি আয়্যুবী [৫৩২ - ৫৮৯হি.], শায়খুল ইসলাম ইযযুদ্দীন ইবনে আবদুস সালাম [৫৭৮ - ৬৬০হি.], মাওলানা জালালুদ্দীন রূমী [৬০৪ - ৬৭২হি.], শায়খুল ইসলাম হাফেজ ইবনে তায়মিয়া ৬৬১ - ৭২৮হি.], সুলতানুল মাশায়িখ হযরত নিজামুদ্দীন [৬৩৬ - ৭২৫হি.], মাখদুমুল মুল্‌ক হযরত শায়খ শারফুদ্দীন আহমাদ ইয়াহইয়া মুনায়রী [৬৬১ - ৭৮২হি.], হযরত মুজাদ্দিদে আলফেসানী [৯৭১ - ১০৩৪হি.], হযরত শাহ ওয়ালী উল্লাহ মুহাদ্দিসে দেহলভী [১১১৪ - ১১৭৬হি.], হাকীমুল উম্মত শাহ আশরাফ আলী থানভী [১২৮০ - ১৩৬২হি.], শায়খুল ইসলাম হযরত হোসাইন আহমাদ মাদানী [১২৯৬ - ১৩৭৭হি.], দাঈ ইলাল্লাহ হযরত মাওলানা ইলয়াস [১৩০৩ - ১৩৬৫হি.], এবং সাইয়েদ আবুল হাসান আলী নাদাবী [১৩৩৩ - ১৪২০হি.], রাহিমাহুমুল্লাহু তা'আলা।

সুযোগ হলেই আমরা তাঁদের জীবনীগ্রন্থ পাঠ করব; তাঁদের ব্যক্তিত্ব বিনির্মাণের উপাদানগুলো জানব এবং সেসমস্ত উপাদানের আলোকে নিজেদেরকে গড়ে তোলার চেষ্টা করব ইনশাআল্লাহ। আল্লাহ তাওফীক দান করুন। আমীন! হযরত আলী মিঁয়া নাদাবী রহ. -এর تاریخ دعوت وعزیمت কিতাবে হযরত শাহ ওয়ালী উল্লাহ মুহাদ্দিসে দেহলভী রহ. পর্যন্ত সকলের জীবনী একসঙ্গে আছে।

# শিক্ষার্থীদের উদ্দেশে

১. সুপ্রিয় শিক্ষার্থী! তুমি ব্যবহারিক আরবী ভাষা শেখার পথে অগ্রসর হচ্ছ। একটি জীবন্ত ও গতিশীল ভাষারূপে আরবী ভাষা শিখতে চাচ্ছ। আরবী ভাষার কথন-দক্ষতা ও লিখন-দক্ষতা অর্জন করতে চাচ্ছ। তো তোমার প্রতি আমার সর্বপ্রথম উপদেশ এই যে, শুরুতেই নিয়ত সহি করে নাও। তুমি তোমার এ দক্ষতা একমাত্র এবং একমাত্র সেসব স্বার্থে কাজে লাগাবে, যেসকল স্বার্থ প্রতিষ্ঠার জন্য তোমার মাদরাসার প্রতিষ্ঠাতাগণ মাদরাসা প্রতিষ্ঠা করেছেন।

তাঁদের হাতে দুনিয়া এসেছে। কিন্তু তাঁরা কাজ করেছেন একমাত্র এবং একমাত্র আখেরাত সামনে রেখে। আল্লাহ না করুন, তোমার লক্ষ্য যদি এর বিপরীত কিছু হয়, তবে তা হবে সেসকল পুণ্যাত্মাদের সঙ্গে বিশ্বাসঘাতকতার নামান্তর, যাদের নুন খেয়েই তোমার এ গুণ অর্জিত হয়েছে। এ দক্ষতা তোমার কাছে তাঁদের আমানত। সুতরাং 'চাকুরি'তে যেন তা ব্যবহৃত না হয়। 'ব্যবসায়িক মানসিকতা'র কারো থেকে যদি কখনো আরবী শেখার প্রয়োজন হয়, তা যেন হয় তোমার মুরুব্বীর সম্পূর্ণ তত্ত্বাবধানে এবং তোমার পূর্ণ আত্মরক্ষার সাথে। আমি আশা করি, তোমার মুরুব্বীগণ তোমাকে তাঁদের 'ওয়াফাদার' হিসেবেই পাবেন। আমীন!

২. যেকোনো বিষয়ে সাফল্যের মূলে রয়েছে ইতিবাচক মানসিকতা ও ক্রিয়াশীল দৃষ্টিভঙ্গি, সুনির্দিষ্ট ও সুস্পষ্ট লক্ষ্য, লক্ষ্য অর্জন করার জন্য তীব্র তাড়না সৃষ্টি ও উস্তাদের তত্ত্বাবধানে বাস্তবে পদক্ষেপগ্রহণ, নীরবে রুটিনমাফিক অধ্যবসায় অব্যাহত রাখা এবং সর্বদা শান্ত ও হাস্যোজ্জ্বল থাকা। তো তোমার জীবনের অন্যতম একটি লক্ষ্য হলো- نحو ও صرف সঠিকভাবে জানা; আরবী عبارت-এর ত্রুটিসমূহ সম্পর্কে অবহিত হওয়া; عبارت সংশ্লিষ্ট সকল জটিলতার সমাধান করতে পারা; পাশাপাশি গ্রহণযোগ্য আরবী ভাষায় আরবদেরকে সম্বোধন করতে এবং তাঁদের উদ্দেশে রচনা ও প্রবন্ধ এবং এমনকি বই-পুস্তকও লিখতে পারা।

লক্ষ্য নির্ধারণের সময় তোমার এতটুকু দেখলেই চলবে, তুমি যা চাচ্ছ তা অতীতে অনেকের পক্ষে সম্ভব হয়েছে কি-না। বরং অতীতে কেউ যা করতে পারেনি, এমন কাজ করাও তোমার পক্ষে সম্ভব। তুমি যদি ইচ্ছা কর, [ইচ্ছার কল্পনা নয়,] তবে মেধার স্বল্পতা, শারীরিক অসুস্থতা, আর্থিক অস্বচ্ছলতা,

পারিবারিক প্রতিকূলতা কোনো কিছুই তোমাকে বাধা দিয়ে রাখতে পারবে না। আর ইচ্ছা করাও একটি ইচ্ছাধীন বিষয়।

তোমার মধ্যে পড়াতে মন না বসা, পড়া মুখস্থ না হওয়া, মুখস্থ না থাকা, পড়তে বসলে ঘুম আসা, পরীক্ষাভীতি প্রভৃতি মানসিক সমস্যার কিছু থাকতে পারে। সাফল্য অর্জনের উপরিউক্ত ভিত্তিসমূহের ব্যাখ্য জানার জন্যে এবং উল্লেখিত মানসিক সমস্যাগুলোর সমাধান লাভ করার উদ্দেশ্যে, 'শিক্ষার্থীদের সফলতার রাজপথ' বইটি গভীর মনোযোগের সাথে অধ্যয়ন করো, তুমি ইচ্ছা করলে [ইচ্ছার কল্পনা নয়] সাফল্য তোমার ললাট চুম্বন করবে ইনশাআল্লাহ।

৩. সাইয়েদ আবুল হাসান আলী নাদাবী রহ.-এর ভাষায়– "নিঃসন্দেহে আল্লাহর তাওফীক ও মদদই হলো সফলতার প্রথম শর্ত, কিন্তু আল্লাহর অনুগ্রহ তাদেরই জন্য, যারা মেহনতের পর দো'আ করে। তদ্রূপ সামনে চলার পাথেয়রূপে আসাতেযা কেরামের পথনির্দেশও অপরিহার্য, কিন্তু বারুদ ছাড়া বন্দুক যেমন বেকার, তেমনি চেষ্টা-সাধনা ছাড়া সবই নিষ্ফল।........।

কোনো অখ্যাত অজ্ঞাত মাদরাসায় সাধারণ থেকে সাধারণ উস্তাদের স্নেহ-ছায়ায় থেকেও তুমি হতে পার আগামী দিনের হুজ্জাতুল ইসলাম ও শায়খুল ইসলাম। আবার মদীনা ইউনিভার্সিটি, কায়রো ইউনিভার্সিটি, দেওবন্দ, সাহরানপুর ও নাদওয়ার মতো বিশ্ববিখ্যাত শিক্ষাপ্রতিষ্ঠানে গিয়েও হতে পার মাহরূম। সবকিছু নির্ভর করে তোমার ইচ্ছা ও প্রতিজ্ঞার উপর, তোমার সাহস ও মনোবলের উপর এবং তোমার চেতনা ও প্রেরণার উপর।"

ইলম থেকে মাহরূম হওয়ার কারণগুলোর ব্যাপারেও সর্বদা সতর্ক ও সচেতন থাকবে।

৪. তোমাকে গড়ার ক্ষেত্রে তুমি উস্তাদকে পূর্ণ সহায়তা করবে। এ কিতাবের পাঠদানকালে উস্তাদ তোমাকে কী কী কাজ করতে বলবেন, তা তুমি কিতাবের পাঠদান-পদ্ধতির আলোচনায় দেখে নাও।

৫. প্রত্যেক দরসের نص গুলোর অনুবাদ-পর্ব শেষ করার পর উস্তাদ তোমাকে تعبير ও জুমলার قالب [কাঠামো] খেয়াল করে এত অধিক পরিমাণ এক একটি অনুচ্ছেদ পড়ার উপদেশ দিবেন যে, قالب বুঝে ঐ অনুচ্ছেদের প্রত্যেক জুমলার প্রথম كلمه দেখেই যেন তুমি পুরো جمله টি বলতে পার। হ্যাঁ, মুখস্থ করার প্রতি মনোযোগী হয়ো না। قالب আয়ত্ত্ব করার প্রতি মনোযোগ দিবে। যদি এভাবে পড়া দ্বারা جمله মুখস্থ হয়ে যায়, তাহলে তা একটি অতিরিক্ত অর্জন। আশা করি, তুমি তোমার উস্তাদের এ নসীহতের উপরও যথাসম্ভব আমল করবে।

৬. তো تعبير ও قالب কাকে বলে, তা তোমার জানতে হবে।

تعبير শব্দটি সাধারণত দু'টি অর্থে ব্যবহৃত হয়-

ক. বাগধারা।

খ. প্রকাশভঙ্গি।

কোনো শব্দ বা শব্দ-সমষ্টি জুমলায় ব্যবহৃত হয়ে যখন ভিন্ন অর্থ প্রকাশ করে, তখন সেসকল শব্দ বা শব্দ-সমষ্টিকে পরিভাষায় تعبير বা محاوره বা বাগধারা বলা হয়। যেমন-جَاءَ من سَاعَتِه. [তিনি তৎক্ষণাৎ এসেছেন]।سُقِطَ في يده. [তিনি লজ্জিত হয়েছেন]।

'প্রকাশভঙ্গি' অর্থে تعبير-এর উদাহরণ হলো- عَلَى مَا أَظُنُّهُ [আমার ধারণা অনুযায়ী], مُنْذُ نُعُوْمَةِ الأَظْفَارِ [বাল্যকাল থেকে]।

কোনো কোনো فعل তার مفعول به-এর দিকে সরাসরি متعدي হয়। যেমন- نصر خالد راشدا.- আবার কোনো কোনো فعل সেলাসহ ব্যবহৃত হয়। যেমন- ذهب ساجد إلى الحديقة.-

তো صلهযুক্ত অবস্থায় ও صلهমুক্ত অবস্থায় فعل ও مصدر ব্যবহৃত হওয়াও تعبير- কারণ, এগুলোও মনের ভাব প্রকাশের বিভিন্ন ভঙ্গি।

নির্দিষ্ট অর্থ প্রকাশের জন্য فعل ও مصدر-এর সঙ্গে অবিচ্ছেদ্য অংশরূপে যেসকল حرف الجر ব্যবহৃত হয়, সেসকল حرف الجر কে পরিভাষায় صله বলা হয়। যেমন إلى ذهب-এর মধ্যে إلى হরফটি।

* * *

এখন قالب সম্পর্কে কিছু কথা বলি। القالب অর্থ কাঠামো। هذا كتاب-একটি জুমলা। جملةটি গঠিত হয়েছে مبتدأ ও خبر মিলে। এই مبتدأ ও خبر হলো هذا كتاب জুমলার قالب তথা কাঠামো। জুমলার ভেতরের রূপকে জুমলার قالب বা কাঠামো বলা হয়।

তো قالب-এর মূলকথা তোমার জানা আছে। কারণ প্রথম খণ্ডে অনেক قالب-এর অনুশীলন করে এসেছ। প্রথম খণ্ডে তুমি جملة اسمية-এর নিম্নলিখিত قالبগুলোর অনুশীলন করেছ-

١. مبتدأ + خبر (المبتدأ اسم الإشارة)، نحو : هٰذَا + كِتَابٌ.

٢. مبتدأ + خبر (المبتدأ ضمير)، نحو : هو + تِلْمِيْذٌ.

٣. مبتدأ + خبر (المبتدأ اسم ظاهر)، نحو : اَلْكِتَابُ + مُفِيْدٌ.

٤. مبتدأ + خبر (المبتدأ مركب توصيفي)، نحو : اَلتِّلْمِيْذُ الْمُجْتَهِدُ + نَاجِحٌ.

٥. مبتدأ + خبر (المبتدأ مركب إضافي)، نحو : مَنَارَةُ الْمَسْجِدِ + عَالِيَةٌ.

٦. مبتدأ + خبر (الخبر مركب توصيفي)، نحو : بَنْغَلَادِيْشُ + دَوْلَةٌ مُسْلِمَةٌ.

٧. مبتدأ + خبر (الخبر مركب إضافي)، نحو : دَاكَا + عَاصِمَةُ بَنْغَلَادِيْشَ.

٨. مبتدأ + خبر (المبتدأ مشار إليه وهو علم)، نحو : شَرَافَةُ اللهِ هٰذَا + شَرِيْفٌ.

٩. مبتدأ + خبر (المبتدأ مشار إليه وهو مركب إضافي)، نحو : مَدْرَسَتُنَا هٰذِهٖ + كَبِيْرَةٌ.

١٠. مبتدأ + خبر (الخبر جملة اسمية)، نحو : اَلتِّلْمِيْذُ + مَلَابِسُهٗ نَظِيْفَةٌ.

١١. مبتدأ + خبر (الخبر جملة فعلية – ماض)، نحو : رَاشِدٌ + ذَهَبَ إِلَى الْمَسْجِدِ.

١٢. مبتدأ + خبر (الخبر جملة فعلية – ماض بعيد)، نحو : خَالِدٌ + كَانَ نَجَحَ فِي الْإِمْتِحَانِ.

١٣. مبتدأ + خبر (الخبر جملة فعلية – ماض استمراري)، نحو : حَامِدٌ + كَانَ يَذْهَبُ إِلَى الْحَدِيْقَةِ.

١٤. مبتدأ + خبر (الـــخبر جملة فعلية – مضارع)، نحو : سَاجِدٌ + يَـــحْفَظُ الْقُرْآنَ.

١٥. حرف مشبه بالفعل + اسم + خبر (الخبر مفرد)، نحو : إِنَّ + رَاشِدًا + مُـــجْتَهِدٌ.

١٦. حرف مشبه بالفعل + اسم + خبر (الخبر مركب ناقص)، نحو : كَأَنَّ + خَالِدًا + مُـــجَاهِدٌ مُـــخْلِصٌ.

١٧. حرف مشبه بالفعل + اسم + خبر (الخبر جـــملة اســـمية)، نحو : لَيْتَ + سَاجِدًا + كُتُبُهُ مُرَتَّبَةٌ.

١٨. حرف مشبه بالفعل + اسم + خبر (الخبر جـــملة فعلية)، نحو : لَيْتَ + حَامِدًا + يَجْتَهِدُ فِي الدِّرَاسَةِ.

١٩. حرف مشبه بالفعل + اسم + خبر (الخبر شبه الـــجملة)، نحو : لَعَلَّ + سَيْفَ اللهِ + فِيْ رَاحَةٍ.

٢٠. فعل ناقص + اسم + خبر (الخبر مفرد)، نحو : كَانَ + الْحَرُّ + شَدِيْدًا.

٢١. فعل ناقص + اسم + خبر (الخبر مركب ناقص)، نحو : صَارَتْ + حَبِيْبَةُ + عَالِـــمَةً تَقِيَّةً.

٢٢. فعل ناقص + اسم + خبر (الخبر جـــملة اســـمية)، نحو : كَانَ + عَبْدُ الْـــمَاجِدِ + قَلَنْسُوَتُهُ صَغِيْرَةٌ.

٢٣. فعل ناقص + اسم + خبر (الخبر جـــملة فعلية)، نحو : كَانَ + سَلْمَانُ + يَكْتُبُ الرِّسَالَةَ.

٢٤. فعل ناقص + اسم + خبر (الخبر شبه الـــجملة)، نحو:لَيْسَ+ إِلْيَاسُ+فِي الضَّلَالَةِ.

প্রতিটি قالب-এরও ছিল অনেক শাখা। উদাহরণস্বরূপ علم বা مركب إضافي হয়ে إليه مشار-এর مبتدأ হওয়ার تمرين গুলো স্মরণে আনো। প্রয়োজনে প্রথম খণ্ডে আবার দেখে নাও।

প্রথম খণ্ডে فعليه جمله-এরও অনেক قالب-এর অনুশীলন করেছ। উদাহরণস্বরূপ–

١. فعل + فاعل، نحو : نَامَ + الْوَلَدُ.

٢. فعل (ماض مطلق) + فاعل + مفعول به، نحو : لَبِسَ + الْوَلَدُ + الْقَلَنْسُوَةَ.

٣. فعل (ماض بعيد) + فاعل + مفعول به، نحو : كُنْتُ + أَدَّيْتُ + الصَّلَاةَ.

٤. فعل (ماض استمراري) + فاعل + مفعول به، نحو : كَانَ + يَقْطِفُ + الزَّهْرَةَ.

٥. فعل (ماض مجهول) + نائب فاعل، نحو : أُكِلَ + الطَّعَامُ.

٦. فعل (مضارع) + فاعل + مفعول به، نحو : يَقْرَأُ + التِّلْمِيْذُ + الْكِتَابَ.

٧. فعل (مضارع مجهول) + نائب فاعل، نحو : يُعْقَدُ + الْحَفْلُ.

٨. فعل (مضارع منفي بـ «لم») + فاعل، نحو : لَمْ يَنْتَهِ + الدَّرْسُ.

٩. فعل (مضارع منفي بـ «لما») + فاعل، نحو : لَمَّا يَنْتَهِ + الْكَلَامُ.

١٠. فعل + فاعل + مفعول مطلق، نحو : بَكَى + الطِّفْلُ + بُكَاءً.

١١. فعل + فاعل + حال، نحو : مَشَى + الْمُجَاهِدُ + مُسْرِعًا.

١٢. فعل + فاعل + جار + مـــجرور، نحو : جَلَسَ + الْـمُعَلِّمُ + عَلَى + الْكُرْسِيِّ.

١٣. فعل + فاعل + مفعول به أول + مفعول به ثانـــي، نحو : أَعْطَى + شرافةُ الله + صَديقَه + كِتابا.

মোট কথা, قوالب-এর সঙ্গে তোমার কার্যত পরিচয় পূর্ব থেকেই আছে। যেকোনো ভাষা শেখার ক্ষেত্রে ঐ ভাষার تعبيرات ও قوالب الـجمل-এর অনুশীলনের ভূমিকা মৌলিক। প্রয়োজনে আরো تـمرين করে প্রথম খণ্ডের قالبগুলো ও تعبيـــر পূর্ণ আয়ত্ত করে নাও।

৭. সাংস্কৃতিক মূল্যবোধের অধিকারী যেকোনো ভাষার মতো আরবী ভাষাও পর্যাপ্ত পড়া, যথেষ্ট পরিমাণ ألفاظ ও تعبيرات মুখস্থ করা এবং صرف ও نحو - এর নিয়মনীতির সঙ্গে কিছুটা পরিচিত হওয়ার পর, প্রচুর অনুশীলনের মাধ্যমে অর্জন করতে হয়। ভাষা শেখার সঠিক পদ্ধতি হলো অনুশীলন, অনুকরণ, تعبيـــر ও جملهসমূহের আলোকে চলন, ইবারতে অনেক রূপান্তকরণ। যে শিক্ষার্থী এ ছাড়া অন্য কোনো পদ্ধতিতে আরবী ভাষা শিখতে চেষ্টা করে, সে صرف ও نحو-এর নিয়মনীতি মুখস্থ করা এবং مفردات ও جملهসমূহের অর্থ জানার ক্ষেত্রে যতই সফল হোক, সে কখনো আরবী ভাষা শিখতে পারবে না। ভাষা শেখানো মূলত ব্যাকরণের কাজই না। ব্যাকরণ দ্বারা না মূল ভাষা শেখা যায় এবং না ভাষার শুদ্ধরূপ শেখা যায়। ব্যাকরণ ভাষার শুদ্ধপ্রয়োগে সহায়তা করে মাত্র।

আমাদের উস্তাদ মাওলানা নূর আলম খলীল আমীনী দা. বা. তাঁর মহান উস্তাদ হযরত মাওলানা ওহীদুজ্জামান কিরানভী রহ. [১৩৪৮ – ১৪১৫ হি./ ১৯৩০ – ১৯৯৫ ঈ.]-এর আরবী ভাষা শিক্ষাদান পদ্ধতি উল্লেখ করতে গিয়ে বলেছেন- আরবী ভাষা শিক্ষাদানে তিনি অনুশীলন, আদর্শ প্রকাশভঙ্গির অনুকরণ, নির্বাচিত جملهসমূহকে বিভিন্নধর্মী অনেক জুমলায় রূপান্তরের উপর এতো গুরুত্ব দিতেন যে, এমন গুরুত্ব আর কোনো জিনিসের উপর দিতেন না। তিনি সব সময় বলতেন- যে লিখতে সক্ষম এবং যে লিখতে অক্ষম তুমি যদি তাদের মধ্যকার পার্থক্য অন্বেষণ কর,

তবে লক্ষ্য করবে যে, প্রথমজন অধিক পরিমাণে অনুশীলন ও অনুকরণ করেছে। আর দ্বিতীয়জন প্রথমজনের মত অনুসরণ করে নি। ফলে প্রথমজন সফল হয়েছে। আর দ্বিতীয়জন বিফল হয়েছে।

তিনি বলতেন- আরবী ভাষা শিক্ষাগ্রহণ 'পরিমাণ' দ্বারা হয় না, যতটা না হয় 'মান' দ্বারা। তিনি আরও বলতেন- ভাষা শিক্ষাদান বিষয়ের মাত্র একটি বই কখনো এমন ফলাফল প্রদান করে, যা অনেক বই দান করতে পারে না। সচেতন ও পরিশ্রমী শিক্ষার্থী কখনো একটি মাত্র বই পড়ে কলম ধরতে সক্ষম হয়। লিখতে সমর্থ হয়। বরং সুদক্ষ সাহিত্যিক হয়। অথচ অনেক বইয়ের পাঠও কখনো কখনো পাঠককে লিখতে সাহায্য করে না, লেখা ও রচনা বিষয়ে দক্ষতা অর্জন তো দূরের কথা। আর এই পরিণতি হয় যখন গড়গড় করে পড়ে যায়, এবং সুন্দর সাজে সজ্জিত جملةগুলো এবং প্রত্যাশিত বয়নে বয়নকৃত বাক্যগুলোর প্রতি মনোযোগী না হয়ে অগ্রসর হয়ে যায়।

তিনি বলতেন- ভাষা শিক্ষাদানের উদ্দেশ্যে লিখিত বই পূর্ণ একাগ্রতার সঙ্গে পড়া উচিত। এর প্রতিটি শব্দ ও বাক্য এবং দুই শব্দের মধ্যকার ও দুই বাক্যের মধ্যকার সম্পর্ক আগ্রহের সাথে বোঝা উচিত। সেগুলোর অনুকরণের চেষ্টা করা উচিত। যেন বইয়ের শব্দাবলী, বাক্যসমূহ, লেখার ধরণসমূহ, বিষয়ের উপস্থাপন ইত্যাদি সম্পদগুলো শিক্ষার্থীর ব্যক্তিগত সম্পদ এবং তার ভাষাগত মূলধনে পরিণত হয়। তখন ভাষাগত পড়ার উপকারিতা স্পষ্ট হবে এবং ভাষা শেখার উদ্দেশ্যে ব্যয়িত চেষ্টার ফলাফল স্ফটিকের মতো স্বচ্ছ হবে।

যে শিক্ষার্থী এই স্তর ভালোভাবে আয়ত্ত করে না, অর্থাৎ একটি جملة থেকে অনেকগুলোجملة তৈরি করার মেহনত প্রচুর পরিমাণে করে না, صرف ও نحو-এর قواعد-এর আলোকে একটি আদর্শ জুমলার আদলে অনেকগুলো جملة তৈরি করে না, সুন্দর সুন্দর عبارتগুলো লুফে নেয় না, ভাষার রীতিনীতির প্রকৃতি অনুধাবন করে না, সে জানে না কিভাবে দরজা দিয়ে আরবী ভাষা লেখার ঘরে প্রবেশ করবে এবং এই স্তর ডিঙ্গিয়ে রচনা লেখা ও প্রবন্ধ রচনা শুরু করে, আমাদের উস্তাদ মাওলানা নূর আলম খলীল আমীনী দা. বা. বলেন- আমি তাদের অনেককে দেখেছি, তারা তাদের পুরো লেখক জীবনে অন্ধের মতো বিপথে চলে। তাদের চেষ্টা বিনষ্ট হয়। অথচ তাদের ধারণা থাকে, তারা ভাল কাজ করছে।

আরবী ভাষার 'লিখন-দক্ষতা'র তোমার স্তরের জরুরি কথাগুলো প্রসঙ্গত এখানে বলা হয়ে গেল, আলহামদুলিল্লাহ। তবে উদাহরণ দিয়ে দিয়ে এগুলোর বাস্তবতা তুলে ধরার সুযোগ হলে কথাগুলো আরও স্পষ্ট হত। আল্লাহ তাওফীক দান করলে অন্যত্র এই শূন্যতা পূরণ করার চেষ্টা করব ইনশাআল্লাহ।

৮. তুমি যদি এ কিতাবের نص গুলো থেকে تعبيـــرات বের করে সেগুলো দিয়ে جملة তৈরি কর, তদ্রূপ এ কিতাবের جملة গুলোর قوالب বুঝে বুঝে সে আলোকে جملة লেখ, তবে তোমার চেষ্টা ব্যয়িত হলো নিজের কল্যাণে। তাই এ খণ্ডে তোমাকে শুধু উৎসাহ দিলাম।

তবে الواجب المنـــزلي শিরোনাম ব্যবহার করে যে কাজ তোমার কাছে চাওয়া হয়েছে, আরবী [ও বাংলা] نص গুলোর অনুবাদ-পর্ব শেষ হওয়ার পর সেটাই তোমার মূল কাজ। প্রথম অধ্যায়ে প্রত্যেক দরসের সংশ্লিষ্ট نحوي মাসআলা সম্বলিত কমপক্ষে পঁচিশটি 'জীবন্ত' جملة লিখবে। جملة তৈরি করার সময় শুদ্ধ হচ্ছে না অশুদ্ধ হচ্ছে, সেদিকে মোটেই লক্ষ্য দিবে না। শব্দচয়ন উপযোগী হচ্ছে কি-না, صلات الأفعال ঠিক হচ্ছে কি-না, نحوي ও صرفي নিয়মাবলীর কোনো লঙ্ঘন হচ্ছে কি-না ইত্যাদি দিকে মোটেও লক্ষ্য দিবে না। আগে পঁচিশটি جملة লিখে ফেল। তারপর নির্মম সমালোচক সেজে খুঁতগুলো খুঁজে খুঁজে বের করো।

فعلকে যে ছীগায় অর্থাৎ যে আকৃতিতে তুমি লিখেছ, অর্থাৎ – ماضي – مضارع – أمر – نهي ইত্যাদি, এবং متكلم – حاضر – غائب, এরপর – واحد – تثنية – جمع, তারপর تذكير – تأنيث প্রভৃতি, তা তোমার উদ্দেশ্য এটাই কি-না, নিশ্চিত হও।

জুমলার অন্তর্ভুক্ত প্রতিটি শব্দের তারকীবী অবস্থানটা স্মরণে আনো। তারপর গভীরভাবে দেখো, কোনো ভুল আছে কি-না। উদাহরণস্বরূপ اسمটি مضاف হয়েছে। তো এর শুরুতে ال এসে গেলা কি-না। صفت বা موصوف হয়েছে। তো যে দশটি ক্ষেত্রে موصوف ও صفت অভিন্নরকম হতে হয়, সেসমস্ত ক্ষেত্রে কোনো ভিন্নতা এসে গেল কি-না। এটি ফে'ল। এর فاعل

ইসমে জাহের। তো فاعل তাছনিয়া ও جمع হওয়ার কারণে فعل তাছনিয়া বা جمع হয়ে গেল কি-না। অথবা فعلটির فاعل হলো যমীর। এর مرجع পূর্বে আছে। তো এই فعل غائب-এর যমীর تأنيث – تذكير এবং – واحد – تثنيه جمع-এর ক্ষেত্রে তার مرجع-এর অনুরূপ হয়েছে কি-না। هم, واو الجمع, هؤلاء ইত্যাদি عاقل-এর জন্য নির্ধারিত। তো এগুলো غير عاقل-এর জন্য ব্যবহার হয়ে গেল কি-না, ইত্যাদি অনেক নিয়মই তো তোমার জানা আছে।

তো লিখিত جملهগুলোর উপরিউক্ত কথাগুলোর আলোকে 'পোস্টমার্টেম' করার পর তুলনামূলক যে পাঁচটি جمله তোমার বেশী পছন্দ হয়, সেগুলো ভিন্ন পৃষ্ঠায় বাংলা অর্থসহ স্পষ্ট করে লিখে, الواجب المنزلي হিসেবে দরসে উস্তাদকে দেখাও। উস্তাদ দেখে যেগুলোকে ভুলরূপে চিহ্নিত করবেন সেগুলো ভুল হওয়ার কারণ ভালোভাবে বুঝবে। খাতার ভিন্নদিকে প্রতিদিনের ভুলগুলো পৃথকভাবে লিখবে।

এভাবে নিজের ভুলের তালিকা তৈরি করবে। একই ভুল বার বার করার ব্যাপারে সতর্ক থাকবে। ভুল হোক। সমস্যা নেই। উস্তাদ তোমার ভুল সংশোধন করার জন্য প্রস্তুত আছেন। তবে প্রতিবার যেন নতুন ভুল হয়। দ্বিতীয় ও তৃতীয় অধ্যায়ের বাড়ীর কাজগুলোও ঠিকভাবে সম্পাদন করবে। লেখা শেষ হওয়ার পর ভুলের তালিকার আলোকে তা নিরীক্ষণ করবে।

৯. একটি কথা মনে রাখো, বিশুদ্ধ আরবীতে লিখতে পারা প্রত্যেকের পক্ষে সম্ভব। কারণ লেখাকে নির্ভুল করার জন্য যেসমস্ত জ্ঞান দরকার হয়, সেসমস্ত জ্ঞানের চর্চা আমাদের প্রত্যেক মাদরাসায় আছে। এবং মোটামুটি মেহনত করে যারা মাদরাসায় লেখাপড়া করে, তাদের অধিকাংশের সে পরিমাণ জ্ঞান অর্জনও হয়ে যায়। প্রয়োজন হল, নিয়মিত লেখা এবং নিজের জানা صرف ও نحو-এর নিয়মগুলো যথাযথ প্রয়োগ করা।

صرف ও نحو হল আরবী ভাষার গাঁথুনি। তো যে তার মনের ভাবকে صرف ও نحو-এর বিচারে ত্রুটিমুক্ত আরবী ভাষায় প্রকাশ করতে পারে, তার এ প্রকাশ যদি মৌখিক হয় সে বিশুদ্ধভাষী বক্তা। যদি লিখিত হয় সে বিশুদ্ধভাষী লেখক।

এরপর যদি হিম্মত উঁচু হয়, ভাষার সৌন্দর্য-অসৌন্দর্য এবং বিষয়বস্তুর বিন্যাস কাঠামোর সৌন্দর্য-অসৌন্দর্য ইত্যাদি চিন্তা করে আরবী ভাষার নির্ভরযোগ্য লেখক-সাহিত্যিকদের সাহিত্যসমৃদ্ধ লেখা অধ্যয়ন করা হয়, এবং অধ্যয়নকৃত লেখাকে নিজের পক্ষ থেকে নতুন সজ্জায় এবং ভিন্ন কাঠামো ও বিন্যাসে লেখার চেষ্টা অব্যাহত থাকে, এবং আল্লাহর তাওফীক শামিলে হাল হয়, তোমার পক্ষে আরবী ভাষার সাহিত্যিক হওয়াও অসম্ভব নয়।

তো বিশুদ্ধ ভাষায় লেখা ও সাহিত্যের ভাষায় লেখা দু'টি ভিন্ন জিনিস। আপাতত صرف ও نحو-এর বিচারে ত্রুটিমুক্ত আরবী ভাষায় লিখতে চেষ্টা করো। এক সময় সাহিত্যের ভাষায়ও লিখতে সক্ষম হবে ইনশাআল্লাহ। আল্লাহ তাওফীক দান করুন। আমীন!

১০ আরেকটি কথা শোনো। [এ কথা বলেই বর্তমানের আলোচনা শেষ করব। আল্লাহ চাহে তো كيف نتعلم الإنشاء-এর ৩য় খণ্ডের শুরুতে আরও কথা হবে।] বিশুদ্ধ ভাষায় লেখা এবং সাহিত্যের ভাষায় লেখা যেমন দু'টি ভিন্ন জিনিস, তদ্রূপ ভুল-শুদ্ধ যেমনই হোক আরবীতে লিখতে পারা এবং বিশুদ্ধ আরবীতে লিখতে পারাও দু'টি ভিন্ন স্তর। كيف نتعلم الإنشاء কিতাবে তোমরা বিশুদ্ধ আরবীতে লেখার অনুশীলন করছ। আশা করি, ধীরে ধীরে তোমরা উপযুক্ত বাক্য কাঠামোতে নির্ভুল আরবী ভাষায় লিখতে সক্ষম হবে। অর্থাৎ যতটুকু লিখবে, বিশুদ্ধ আরবীতে লিখবে। তবে স্বতঃস্ফূর্ত লেখার মৌলিক যোগ্যতা অর্জন করার জন্য তোমাদেরকে আরও তিনটি কাজ বিশেষভাবে অবশ্যই করতে হবে–

ক. শুদ্ধ-অশুদ্ধ যেমনই হোক, নিয়মিত রোযনামচা লেখা। রোযনামচা কী? রোযনামচা কীভাবে লিখবে? তা জানার প্রয়োজন হলে মাওলানা আবু তাহের মিছবাহ দা. বা.-এর 'এসো কলম মেরামত করি' বইয়ের দশম অধ্যায়টি একবার পড়ে নাও। তো নিয়মিত আরবীতে ও বাংলায় রোযনামচা লিখে উস্তাদের সামনে উপস্থিত করো। একদিন আরবীতে এবং একদিন বাংলায়। সুযোগ হলে উস্তাদ কিছু দেখে দিবেন। সুযোগ না হলে শুধু একটি বিশেষ চিহ্ন দিয়ে ফেরত দিবেন। উস্তাদ থেকে শুধু এতটুকু চিহ্ন নেওয়া দ্বারাও তোমার অনেক লাভ হবে। তুমি যা লিখবে তা-ই দেখে দেওয়া উস্তাদের দায়িত্বের অন্তর্ভুক্ত নয়। الواجب المنزلي সংশোধন করা হলো উস্তাদের দায়িত্বের অন্তর্ভুক্ত।

খ. শুদ্ধ-অশুদ্ধ যেমনই হোক, আরবী ভাষায় কথা বলতে অভ্যস্ত হবে। আর শোনো, বলার দক্ষতা বলা দ্বারাই অর্জন হয়। শুধু পড়া দ্বারা বলার দক্ষতা অর্জন হয় না। লজ্জা-সংকোচ উপেক্ষা করে আরবীতে কথা বলতে থাকো। বলার দক্ষতা অবশ্যই অর্জন হবে।

কথোপকথনের জন্য প্রথমত যদি কিতাবের (كيف نتعلم الإنشاء) বিষয়গুলোই নির্বাচন করো, তবে তা যুগপৎ কিতাবের লক্ষ্যগুলো অর্জনের ক্ষেত্রে একটি অতিরিক্ত সহায়ক হবে। অতএব প্রথমে কিতাবের نصগুলোকে নিয়েই محادثه করো।

প্রথম খণ্ডে তুমি পড়ে এসেছ, আরবী ভাষার استفهام-এর অব্যয়গুলো দু'ধরনের– যুক্ত ও বিযুক্ত। বিযুক্ত মানে যুক্ত নয়। অর্থাৎ প্রশ্নবোধক অব্যয়টি অন্য শব্দ থেকে আলাদা। আর যুক্ত মানে অন্য শব্দের সাথে মিলিত।

বিযুক্ত أدوات الاستفهام-এর উদাহরণ হলো- أ [হামযা], هَلْ, مَا, مَنْ, أَيْنَ, كَيْفَ, كَمْ, أَيٌّ

আর যুক্ত أدوات الاستفهام –এর উদাহরণ হলো– لِمَ [কেন], لِمَنْ [কার জন্য], مِنْ أَيْنَ [কোত্থেকে], إِلَى مَنْ [কার কাছে], بِكَمْ [কততে, কতের বিনিময়ে], إِلَى أَيْنَ [কোথায়, কোন পর্যন্ত কত দূর পর্যন্ত], مَعَ مَنْ [কার সঙ্গে], فِي كَمْ يَوْمًا [কত দিনে] ইত্যাদি।

তুমি জেনেছ, محادثه শেখার নিয়ম হলো, যুক্ত ও বিযুক্ত উভয় ধরনের أدواتُ الاستفهام ব্যবহার করে একজন প্রশ্ন করবে। অন্যজন উত্তর দিবে। উত্তরে প্রশ্নের অংশ পুনরায় উল্লেখ করবে। যেমন একজনের প্রশ্ন হলো– هل ذهب راشدٌ إلى الحديقةِ؟ উত্তরদাতা نعم বা لا বলে ক্ষান্ত হবে না। বরং نعم، ذهبَ راشد إلى الحديقةِ. বা لا، ما ذهب راشد إلى الحديقة. বলবে।

প্রথম খণ্ডে استفهام পর্বে ১৪টি تمرين এবং ৬টি محادثه আছে। محادثهগুলোতে মূলত الاستفهام أدوات-এর প্রয়োগের দিকটি বিশেষভাবে গুরুত্ব দেওয়া হয়েছে। এ সমস্ত أدوات الاستفهام-এর

সঠিক ব্যবহার যদি তোমাদের স্বাভাবিক হয়ে যায়, তাহলে আরবী কথোপকথনে কোনো বিষয়ে প্রশ্ন করতে পদ্ধতিগত কোনো বাঁধা থাকবে না ইনশাআল্লাহ। শব্দ ও বিষয় জানা থাকলেই আরবীতে কথা বলতে পারবে। তো প্রয়োজন হলে প্রথম খণ্ডের استفهام-এর تمرينগুলো আরো কয়েকবার করে পূর্ণ আত্মস্থ করে নাও।

আর শুরুতে কিছু জিনিস মুখস্থ করতে হয়। আমার 'আরবী ভাষা পাঠদান-পদ্ধতি' বইয়ে ৫টি محادثة আছে। ধীরে ধীরে সেগুলো মুখস্থ করে নিবে। এবং যথাসম্ভব আরবদের বাচনভঙ্গি অনুকরণ করে, উপযোগী ধ্বনি-তরঙ্গ বজায় রেখে এবং অনুকূল ইশারা-ইঙ্গিতসহ দু' দু'জন দাঁড়িয়ে সেগুলোর অনুশীলন করবে। আরবী কথোপকথন ও বক্তৃতা বিষয়ে আমার একটি স্বতন্ত্র কিতাব লেখার পরিকল্পনা আছে। দু'আ করো। আল্লাহ তাওফীক দিন। আমীন।

গ. প্রতিদিন মানসম্মত কিছু সাহিত্য অবশ্যই পড়বে। এর জন্য কিতাবের نصগুলো ভালোভাবে পড়ার পর সুযোগ অনুসারে قصص النبيين ١- ٥ ও القراءة الراشدة ١- ٣সহ উস্তাদের পরামর্শ নিয়ে সৃজনশীল বিভিন্ন আরবী কিতাব পড়বে। আর বাংলার জন্য আপাতত মাওলানা আবু তাহের মিছবাহ দা. বা.-এর 'এসো কলম মেরামত করি'সহ অন্যান্য লেখা ও 'পুষ্প' পড়ার মধ্যে সীমাবদ্ধ থাকবে। সেগুলোতে যেসমস্ত চমৎকার ভাষা ও অপূর্ব প্রকাশভঙ্গি আছে, তা আহরণ করবে।

উপরের দশ পয়েন্টের কথাগুলো বলতে পেরে আমি আল্লাহর শোকর করছি। আশা করি, এতে কিছুটা হলেও আমার দায়িত্ব আদায় হয়েছে। তবে তোমাদের উপকারিতা নির্ভর করবে তোমাদের নিজেদের চেষ্টা ও মেহনতের উপর।

সবশেষে একটি আশা, মাটির উপরে বা নীচে যেখানেই থাকি, তোমাদের পক্ষ থেকে কিছু 'হাদিয়া' যেন পৌঁছতে থাকে। আল্লাহ সকলের পরিণাম শুভ করুন। আমীন!

ইতি

তোমাদের কল্যাণকামী

সফিউল্লাহ ফুআদ

# هدف الحياة

قل : سأكون باحثا زَكِيًّا بارِعا في مَيْدانِ التَّعْليمِ والْبَحْثِ، وصُحُفِيًّا وكاتبا قويًّا في ساحَةِ الْكِتابةِ والصِّحافةِ، وقائدا حاذقا باسِلا في حقل القتال، وسِياسِيًّا ومُجَدِّدًا حَكيما في مَجال السِّياسَةِ وإصلاحِ المجتَمَعِ، وخادما مخلِصا في حقل الْخِدْمَةِ، ومصلِحا ومُزَكِّيا ذا بَصيرةٍ في ساحة الإحسان والتَّزْكِيَةِ، ومُتَضَرِّعًا في الإِنابةِ إلى الله، وعبدا مُرْتَعِدًا من خَشْيَتِهِ تعالى.

# জীবনের লক্ষ্য

বলো- শিক্ষা ও গবেষণার ক্ষেত্রে আমি হব একজন ধীমান ও বিদগ্ধ গবেষক। রচনা ও সাংবাদিকতার অঙ্গনে একজন শক্তিশালী লেখক ও সাংবাদিক। যুদ্ধের ময়দানে একজন বীর ও বিচক্ষণ সেনাপতি। রাজনীতি ও সমাজ সংস্কারের প্রাঙ্গনে একজন প্রাজ্ঞ রাজনীতিজ্ঞ ও সংস্কারক। সেবার ক্ষেত্রে জনদরদী সেবক। ইহ্সান ও তাযকিয়ার মহলে অন্তরালোকসম্পন্ন মুসলিহ ও মুযাক্কী। ইনাবত ইলাল্লার ক্ষেত্রে সবিনয় দোয়াকারী। আর খাওফে ইলাহীর তাড়নায় প্রকম্পিত এক বান্দা।

# الباب الأول

## في التدريب علي بعض القَوَالِبِ الأخرى للغة العربية

কিতাবের প্রথম খণ্ডে আরবী জুমলার প্রাথমিক স্তরের বিভিন্ন قَالِب [কাঠামো]-এর অনুশীলন করেছ। দ্বিতীয় খণ্ডের প্রথম অধ্যায়ে আরও অনেকগুলো মৌলিক قَالِب-এর অনুশীলন করবে। এতে করে আরবী جملة তৈরির জন্য نحو-এর যেসকল নিয়মের সাধারণত প্রয়োজন হয়, সেগুলোর অধিকাংশের إنشائي তামরীন সম্পন্ন হবে ইনশাআল্লাহ। আর তুমি নির্ভুল ভাষায় লিখবে রাসূলে আরাবীর উম্মতের জন্য সৌভাগ্যের বার্তা। আল্লাহই তাওফীকদাতা।

# الدرسُ الأولُ

## إذا كان خَبَرُ المبتدأِ شِبْهَ الجملةِ

**উদাহরণ**

| | |
|---|---|
| النَّجَاةُ فِي الصِّدْقِ. | মুক্তি সত্যবাদিতায়। |
| الرَّاحَةُ بَعْدَ التَّعَبِ. | আরাম ক্লান্তির পরে। |
| الْجَنَّةُ تَحْتَ أَقْدَامِ الْأُمَّهَاتِ. | জান্নাত মায়ের পায়ের নিচে। |

**আলোচনা**

كيف نتعلم الإنشاء সিরিজের প্রথম খণ্ডে তুমি পড়েছো যে, মুবতাদার خبر কখনো مفرد কিংবা مركب ناقص হয়। আবার কখনো مركب تام হয়। প্রথম খণ্ডে তুমি খবরের مفرد ও مركب ناقص হওয়ার অনুশীলন করেছো। সাথে সাথে مركب تام অর্থাৎ জুমলার দুই প্রকারের শুধু جملہ فعلیه-এর অনুশীলন করেছো। আর شِبْهُ الْجُمْلَة ও এক প্রকার জুমলা। তো বর্তমান দরসে খবরের شبه الجملة হওয়ার অনুশীলন করবে।

এবার উপরিউক্ত উদাহরণ তিনটি লক্ষ্য করো। প্রথম উদাহরণে فِي الصِّدْقِ খবর হয়েছে, যা মূলত جار ও মাজরূর। দ্বিতীয় জুমলায় بعد التَّعَبِ খবর হয়েছে, যা মূলত ظرف الزمان- আর তৃতীয় উদাহরণ خبر হল تحت أقدام الأمهات অংশটি। আশা করি তুমিও জান, تَحْتَ أَقْدَامِ الْأُمَّهَاتِ যারফে যামান। মনে রাখো, জার-মাজরূর, ظرف الزمان ও ظرف المكان কে পরিভাষায় شبه الجملة বলা হয়।

তাহলে আমরা বলতে পারি, মুবতাদার خبر যেমন مفرد ও مركب ناقص-এর পাশাপাশি جملہ فعلِيَّه হয়, খবর তদ্রূপ شِبْهُ الجملة ও হয়।

উল্লেখ্য, مبتدأ-এর খবরে সাধারণত যেসকল اسم ظرف ব্যবহৃত হয়, সেগুলো হল-

| | |
|---|---|
| قَبْلَ পূর্বে | تَحْتَ নিচে |
| بَعْدَ পরে | أَمَامَ/قُدَّامَ সামনে |
| فَوْقَ উপরে | خَلْفَ/وَرَاءَ পেছনে |

এই ظرفগুলো যখন কোনো ইসমের مضاف হয়ে ব্যবহৃত হয়, তখন منصوب হয়। তবে যদি مضاف إليه উহ্য থাকে, তাহলে ضمه-এর উপর مبني হয়। যেমন لِلّٰهِ الْأَمْرُ مِنْ قَبْلُ وَمِنْ بَعْدُ

## মূলকথা

১. মুবতাদার خبر কখনো شبه الجملةও হয়।

২. জার-মাজরূর, ظرف الزمان ও ظرف المكان কে পরিভাষায় شبه الجملة বলা হয়।

৩. মুবতাদার খবরে সাধারণত যেসকল ظرف ব্যবহৃত হয়, সেগুলো হলো-

| | | |
|---|---|---|
| قَبْلَ পূর্বে | أَمَامَ সামনে | حِذَاءَ সামনে, বরাবর |
| بَعْدَ পরে | خَلْفَ পেছনে | إِزَاءَ সামনে, বিপরীতে |
| فَوْقَ উপরে | قُدَّامَ সামনে | تِلْقَاءَ দিকে, সামনে |
| تَحْتَ নিচে | وَرَاءَ পেছনে | تُجَاهَ দিকে, সামনে, বিপরীতে |

**শব্দার্থগুলো মুখস্থ করো-**

## معاني المفردات

| | |
|---|---|
| الْخِدَاعُ ধোকা, প্রতারণা | التدريب – ١ |
| الْمُحِيطُ বেষ্টনকারী | الْعَاقِبَةُ ج عَوَاقِبُ [উত্তম] পরিণতি |
| الطَّاغُوتُ ج طَوَاغِيتُ শয়তান, তাগূত | الْجِيلُ ج أَجْيَالٌ প্রজন্ম |
| الْإِنْحِطَاطُ অধ:পতন | الْقَادِمُ আগামী |
| فِي حَيْرَةٍ وَدَهْشَةٍ হতভম্বতা ও হতবুদ্ধিতায় | لَا سَمَحَ اللهُ! আল্লাহ না করুন! |

| | |
|---|---|
| التدريب – ٢ | يَوْمًا فَيَوْمًا দিন দিন |
| إِيَّاكَ وَالضَّلَالَ! বিভ্রান্তি থেকে সাবধান! | اِنْتَصَرَ عَلَيْهِ তার উপর জয়ী হল |
| النَّبَاتَاتُ الْمُعْتَرِشَةُ লতাপাতা | الْمَادِّيَّةُ বস্তুবাদ |
| غَطَّى الْعَوْرَةَ تَغْطِيَةً লজ্জা ঢাকল | الرُّوْحِيَّةُ আধ্যাত্মিকতা |
| صِنَاعَةُ الْبِنَاءِ নির্মাণশিল্প | فِيْ حَيْرَةٍ وَتَرَدُّدٍ হতবুদ্ধিতা ও দ্বিধায় |
| الْكَهْفُ ج كُهُوْفٌ গুহা | الصِّرَاعُ সংঘাত |
| فِيْ أَعْمَاقِ الْقُلُوْبِ হৃদয়ের গভীরে | الْجَاهِلِيَّةُ জাহিলিয়াত |
| التَّقَدُّمُ উন্নতি | الْمُسْتَمِرُّ অব্যাহত |
| فِي الْحَقِيْقَةِ প্রকৃতপক্ষে | الْمُحَارَبَةُ লড়াই |
| الْإِنْسَانِيَّةُ মানবতা | الثَّبَاتُ অটলতা |

## التدريب – ١

**ترجم باللغة البنغالية :**

# العاقبة للمتقين

١. انتصرت المادِّيَّةُ على الرُّوْحِيَّةِ، فصار المؤمن في حيرة وتردد، وصار الشيطان في فرح وسرور، وظلماتُ الكفرِ (مُحِيطةٌ) من كل جانبٍ، فصار المؤمن في صِراع شديد، والجاهليةُ فوق رأسِه من جديد، فالمؤمن المُخْلِص (مستَمِرٌّ) في محاربة الكفر وفي الثَّبات على الإيمان.

٢. إن أجيالَنا القادمة في خطر عظيم (لا سمح الله)، فالخداع أمامهم، والغرور خلفهم، والطواغيتُ (محيطة) من كل جانب. وأَمْرِيْكَا الآنَ في انحطاط سَرِيع، وجنودُها في حيرة وتردد، وسُكَّانُ أمريكا وأوربا

يَوْمًا فَيَوْمًا (قادمون) إلى الإسلام. فيا أخي! (واجب) عليك تَقْوَى اللهِ، فإن العاقبةَ للمتقين.

## التدريب – ٢

**ترجم باللغة العربية :**

## বিভ্রান্তি থেকে সাবধান।

কথিত আছে, 'অনেক আগে মানুষ মূর্খতায় ছিল। তখন মানুষের কথাবার্তা ছিল ইশারার মাধ্যমে। তারা পোশাকের ব্যাপারে অজ্ঞতায় ছিল। লতা-পাতা দিয়ে নিজেদের লজ্জা ঢাকত। তারা নির্মাণশিল্পের ব্যাপারে অন্ধকারে ছিল। তাই পাহাড়ের গুহায় বসবাস করত।'

স্কুলের বইগুলো এ সমস্ত বিভ্রান্তিতে রয়েছে। কুরআন বলে, প্রত্যেক মানুষ আদম থেকে [সৃষ্ট]। হায় প্রত্যেক মুসলমান যদি ইসলামের সঠিক শিক্ষায় থাকত! ইসলাম যদি আমাদের হৃদয়ের গভীরে থাকত! নিশ্চয় মুসলিম জাতির শক্তি ও উন্নতি ইসলামী শিক্ষায়। প্রকৃতপক্ষে মানবতার শিক্ষা ইসলামী শিক্ষায়।

## الواجب المنزلي

اكتب في دَفْتَرِك الخَاصِّ ٢٥ (خَمْسًا وعِشْرِين) جملةً تَسْتَعْمِلُ فيها شِبْهَ الجُمْلَةِ خَبَرًا لِمُبْتَدَإٍ، وَقُمْ بِتَصْحِيحِها. ثم انتَخِبْ منها خَمْسَ جُمَلٍ، وتَرْجِمْها[১] بِاللُّغَةِ البَنْغَالِيَّةِ. ثم قَدِّمْها إلى مُعَلِّمِكَ لِلتَّصْحِيحِ.

১. ১৫৭ নং পৃষ্ঠায় দেখো।

আমলের ফলাফল নিয়তের উপর নির্ভরশীল। অনেক কাজ বাহ্যিক দৃষ্টিতে ইহকালীন, কিন্তু নিয়তের বিশুদ্ধতার কারণে তা হয়ে যায় পরকালীন। তদ্রূপ অনেক কাজ দৃশ্যত পরকালীন, কিন্তু নিয়তের অশুদ্ধতার কারণে তা পরিণত হয় ইহকালীন। ইলম অর্জনের উদ্দেশ্য হওয়া উচিত আল্লাহর সন্তুষ্টি ও আখেরাতের ছওয়াব লাভ। নিজের ও অন্য সকল অজ্ঞদের অজ্ঞতা দূর করা এবং দ্বীন প্রতিষ্ঠা করা। দুনিয়ার কোনো সম্পদ ও সম্মান লাভের উদ্দেশ্যে ইলম শিখবে না। [تعليم المتعلم কিতাবের ছায়া অবলম্বনে]

# الدرسُ الثاني

## إذا كان خَبَرُ المبتدإِ جملةً اسميةً

### উদাহরণ

| | |
|---|---|
| اَلتِّلْمِيْذُ مَلَابِسُهُ نَظِيْفَةٌ. | ছাত্রটির জামা-কাপড় পরিচ্ছন্ন। |
| اَلتِّلْمِيْذَانِ مَلَابِسُهُمَا نَظِيْفَةٌ. | ছাত্র দু'টির জামা-কাপড় পরিচ্ছন্ন। |
| اَلتَّلَامِيْذُ مَلَابِسُهُمْ نَظِيْفَةٌ. | ছাত্রদের জামা-কাপড় পরিচ্ছন্ন। |
| اَلتِّلْمِيْذَةُ مَلَابِسُهَا نَظِيْفَةٌ. | ছাত্রীটির জামা-কাপড় পরিচ্ছন্ন। |
| اَلتِّلْمِيْذَتَانِ مَلَابِسُهُمَا نَظِيْفَةٌ. | ছাত্রী দু'টির জামা-কাপড় পরিচ্ছন্ন। |
| اَلتِّلْمِيْذَاتُ مَلَابِسُهُنَّ نَظِيْفَةٌ. | ছাত্রীদের জামা-কাপড় পরিচ্ছন্ন। |

### আলোচনা

উদাহরণগুলো লক্ষ্য করো। প্রতিটি جملہ, জুমলায়ে ইসমিয়া। তবে সাধারণ جملہ اسمیہ থেকে এগুলোর ভিন্নতা হলো, এগুলো এমন جملہ اسمیہ, যার খবরও জুমলায়ে ইসমিয়া। উদাহরণস্বরূপ প্রথম جملہ টি ব্যাখ্যা করা যায়- مَلَابِسُه মুযাফ ও مضاف إليه মিলে মুবতাদা। نظيفة খবর। এই مبتدأ ও خبر-এর সমন্বয়ে গঠিত جملہ اسمیہ টি التلميذ মুবদাতার খবর।

আরবী ভাষায় এধরণের جملہ প্রচুর ব্যবহার করা হয়। তাই এই আকৃতির জুমলারও অনুশীলন করতে হয়। অন্যথায় বলা বাহুল্য যে, التلميذُ ملابسُه نَظِيفةٌ এবং ملابسُ التلميذِ نظيفةٌ জুমলা দু'টির বাংলা অনুবাদে কোনো পার্থক্য নেই।

উদাহরণগুলোর প্রতি পুনরায় দৃষ্টি নিবদ্ধ করো। দেখবে, খবরের جملہগুলোতে মুবতাদার দিকে প্রত্যাবর্তনকারী একটি ضمیر রয়েছে। مبتدأ যেখানে মুযাক্কার, মুবতাদার দিকে প্রত্যাবর্তনকারী খবরের জুমলার উক্ত ضمیرটিও

সেখানে মুযাক্কার। যেমন التلميذُ ملابسُه نظيفةٌ জুমলায় ه যমীর। مبتدأ যেখানে মুআন্নাছ, খবরের জুমলার উক্ত ضميرটিও সেখানে মুআন্নাছ। যেমন التلميذة ملابسُها نظيفةٌ জুমলার ها যমীর। واحد - تثنيه ও জমার ক্ষেত্রেও খবর জুমলাগুলোর ضميرমুবতাদার অনুরূপ হয়েছে।

এখন পুনরায় উদাহরণগুলো লক্ষ্য কর। তবে এবার দেখো অর্থসহ। অর্থগুলোর দিকে তাকালে আমরা এ ধরনের আরবী জুমলার বাংলা অনুবাদ করার এবং এধরনের বাংলা বাক্যের আরবী তরজমা করার একটা নিয়ম তৈরি করতে পারি। তাহলো-

* খবরের জুমলার مبتدأ কে مضاف, এবং প্রথম مبتدأ কে مضاف إليه বানানোর মাধ্যমে এ ধরনের আরবী জুমলার বাংলা অনুবাদ হয়। যেমন التلميذُ ملابسُه نظيفةٌ জুমলার 'ছাত্রটির জামা-কাপড় পরিচ্ছন্ন' অনুবাদে التلميذُ ملابسُه-এর ملابسُ التلميذِ রূপ কল্পনা করা হয়েছে।
* বাংলা বাক্যের مضاف إليه কে প্রথম مبتدأ, এবং مضاف কে খবরের জুমলার مبتدأ বানানোর মাধ্যমে এধরনের আরবী جمله اسميه দ্বারা বাংলা جمله اسميه-এর আরবী করা হয়। যেমন 'ছাত্রীটির জামা-কাপড় পরিচ্ছন্ন' একটি বাংলা জুমলায়ে ইসমিয়া। এই বাংলা বাক্যে 'ছাত্রীটির' শব্দটি মুযাফে ইলাইহি। একে অর্থাৎ এর আরবী التلميذة শব্দকেمبتدأ বানাব। 'জামা-কাপড়' শব্দটি মুযাফ। একে অর্থাৎ এর আরবী ملابس শব্দকে খবরের জুমলার مبتدأ বানাব। তাহলে 'ছাত্রীটির জামা-কাপড় পরিচ্ছন্ন' বাক্যটির আরবী হবে التلميذةُ ملابسُها نظيفةٌ- আশা করি, তুমি বিষয়টি ভালোভাবে বুঝতে পেরেছো।

## মূলকথা

১. মুবতাদারخبر কখনো কখনো جمله اسميهও হয়।

২. খবরের জুমলায় মুবতাদার দিকে প্রত্যাবর্তনকারী একটি ضمير থাকতে হয়। تذكير - تأنيث এবং واحد - تثنيه - جمع-এর ক্ষেত্রে উক্ত ضمير মুবতাদার অনুরূপ হয়।

৩. খবরের জুমলার مبتدأ কে مضاف, এবং প্রথম مبتدأ কে مضاف إليه বানানোর মাধ্যমে এধরনের আরবী জুমলার বাংলা অনুবাদ হয়।

৪. বাংলা বাক্যের مضاف إليه কে প্রথম مبتدأ এবং مضاف কে খবরের জুমলার مبتدأ বানানোর মাধ্যমে, বাংলা جملہ اسمیہ-এর আরবী তরজমা হয়।

**শব্দার্থগুলো মুখস্থ করো-**

## معاني المفردات

| | | | |
|---|---|---|---|
| التدريب — ١ | | الْإِنْحِطَاطُ الْخُلُقِيُّ | নৈতিক অবক্ষয় |
| الْمَثْوَى | ঠিকানা | الْإِخْتِلَالُ الْإِجْتِمَاعِيُّ | সামাজিক বিশৃঙ্খলা |
| الْحَائِرُ ج حَائِرُوْنَ | দিশেহারা | الْعَقْلِيَّةُ | মানসিকতা |
| الذَّوْقُ الْفَاسِدُ | বিকৃতরুচি | الْهَوَى ج أَهْوَاءٌ | প্রবৃত্তি |
| اِسْتِعْمَارُ الْغَرْبِ | পাশ্চাত্যের সাম্রাজ্যবাদ | التدريب — ٢ | |
| الْمُثِيْرُ | তেজ করে | الْعَالَمُ فِيْهِ | পৃথিবীতে |
| نَارُ الْفَسَادِ وَالدَّمَارِ | দুর্নীতি ও ধ্বংসের আগুন | وَهٰذِهِ الْمَسَاجِدُ الثَّلَاثَةُ السَّفَرُ إِلَيْهَا | এই তিনটি মসজিদের উদ্দেশ্যে সফর করা |
| الْمُلْحِدُ ج مُلْحِدُوْنَ | নাস্তিক | وَالْمَسْجِدُ الْحَرَامُ بَقَاءُهُ | মসজিদে হরামের বিদ্যমানতা |
| الْمُمْتَلِئُ بِهٖ | তা দ্বারা পূর্ণ | وَقُلُوْبُ الْمُسْلِمِيْنَ فِيْهَا | মুসলমানদের অন্তরে |
| الْمَسْمُوْمُ | বিষাক্ত | وَهٰذَا الْمَسْجِدُ طَهَارَتُهُ | এই মসজিদের পবিত্রতা |
| اللَّادِيْنِيُّ ج لَادِيْنِيُّوْنَ | ধর্মহীন | وَبَيْتُ اللهِ هٰذَا زُخْرُفُهُ | আল্লাহর এই ঘরের কারুকার্য |
| النَّاشِرُ | প্রচার করে | وَالْمَسْجِدُ النَّبَوِيُّ فِيْ كُلِّ بُوْصَةٍ مِنْ أَرْضِهٖ | মসজিদে নববীর প্রতি ইঞ্চি মাটিতে |
| الْفَاحِشُ | অশ্লীল | وَهٰذَا الْمَسْجِدُ كُلُّ أَعْمِدَتِهٖ وَأَقْوَاسِهٖ | এই মসজিদের প্রতিটি খুঁটি ও খিলান |
| التَّقَدُّمِيُّ ج تَقَدُّمِيُّوْنَ | প্রগতিবাদী | وَمَسْجِدُ النَّبِيِّ ﷺ هٰذَا صَوْتُ أَذَانِهٖ | নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের এই মসজিদের আযান-ধ্বনি |
| الْمُمَثِّلُ | প্রতিনিধিত্ব করে | وَهٰذَا الْمَسْجِدُ كُلُّ لَبِنٍ لَهُ | এই মসজিদের প্রতিটি ইট |

| | | | |
|---|---|---|---|
| الْجَائِزُ | বৈধ | مُثِيرُ الْأَسَى | করুণ |
| مُنْذُ الْقِدَمِ | প্রাচীনকাল থেকে | اللَّبِنُ | ইট |
| الْمُسَلَّمُ | স্বীকৃত | الْمُصَابُ بِالظُّلْمِ وَالْاِضْطِهَادِ | জুলুম ও নির্যাতনের শিকার |
| التَّطْرِيزُ | কারুকার্য | الْمِخْلَبُ الْمُغِيرُ | আগ্রাসী-থাবা |
| الْبُوصَةُ ج بُوصَاتٌ | ইঞ্চি | الْمَجْرُوحُ جُرْحًا شَدِيدًا | ক্ষতবিক্ষত |
| الْعَمُودُ ج عِمَادٌ | খুঁটি | | |
| الذِّكْرَى | স্মৃতি | أَجَابَ عَلَى عَوِيلِهِ | তার আর্তনাদে সাড়া দিল |

## التدريب – ١

**ترجم باللغة البنغالية :**

## الظالمون مثواهم النار

أصبح العالمُ سُكّانُه حائرون. وصار إنسانُ الحاضر ذوقُه فاسد. واستعمارُ الغرب شرورُه مثيرةٌ نار الفساد والدّمار. والملحدون رؤوسهم ممتلئة بالأفكار المسمومة. فاللادينيون جرائدُهم وأقلامُهم ناشرةٌ الصورَ الفاحشةَ. والتقدميّون مدارسُهم ممثلة للانحطاط الخلقي والاختلال الاجتماعي. ثم عجيب قولهم : «إنهم هم الناصحون للإنسان». بل هم قوم فسدت عقليَّتُهم، فيتبعون أهواءهم، يفسدون في الأرض ويظلمون. والظالمون مثواهم النار.

## التدريب –٢

**ترجم باللغة العربية :**

## তিনটি মসজিদ

পৃথিবীতে মুসলমানদের বিশেষ তিনটি মসজিদ আছে। এই তিনটি মসজিদের উদ্দেশ্যে সফর করা মুসলমানদের জন্য বৈধ। সেগুলো হল- মসজিদে হারাম, মসজিদে নববী ও মসজিদে আক্সা।

মসজিদে হারামের বিদ্যমানতা বিশ্ববাসীর জন্য রহমত। মুসলমানদের অন্তরে এই মসজিদের ভালোবাসা আছে। এই মসজিদের পবিত্রতা আরবদের নিকট প্রাচীন কাল থেকে স্বীকৃত ছিল। আল্লাহর এই ঘরের কারুকার্য পৃথিবীর সুন্দর কারুকার্যবিশিষ্ট ভবনসমূহের মধ্যে অন্যতম।

মসজিদে নববীর প্রতি ইঞ্চি মাটিতে নবীপ্রেম আছে। এই মসজিদের প্রতিটি খুঁটি নববী স্মৃতি। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের এই মসজিদের আযান-ধ্বনি করুণ।

আর মসজিদে আক্সা, তা হল মুসলমানদের প্রথম কিবলা। এই মসজিদের প্রতিটি ইট জুলুম ও অত্যাচারের শিকার। এ মসজিদটি ইহুদীদের আগ্রাসী থাবায় ক্ষতবিক্ষত। তোমরা কি তার আর্তনাদে সাড়া দেবে?

## الواجب المنــــزلي

اكتب في دَفْتَرِكَ الْخَاصِّ ٢٥ جملةً تستــعمِل فيها الجملةَ الاسمية خبرا لـــمبتدإ، وقُمْ بتصحيحها. ثم انتخِبْ منها خمسَ جُمَلٍ، وتَرْجِمْهَا باللغة البنغالية. ثم قَدِّمْهَا إلى معلمك للتصحيح.

* বড় বড় বুযুর্গানে দ্বীন, ইমাম ও মুজতাহিদীন এবং জ্ঞানসাধক ও যুগসংস্কারক, পৃথিবীতে যারা অমর হয়েছেন এবং ইতিহাসের পাতায় যাদের নাম স্বর্ণোজ্জ্বল হয়েছে, যদি তাঁদের জীবনচরিত অধ্যয়ন কর, তাহলে দেখতে পাবে যে, ইখলাছ ছিল তাঁদের জীবনের বিনির্মাণের ক্ষেত্রে অন্যতম গুরুত্বপূর্ণ উপাদান। লিল্লাহিয়াত ও আল্লাহর প্রতি আত্মনিবেদনই তাঁদের প্রতিটি কর্ম ও কীর্তিকে এমন অমরত্ব দান করেছে।
[সূত্র, জীবন পথের পাথেয় (হযরত আলী মিয়াঁ নাদভী রহ. -এর বয়ান সংকলন)]
* হযরত ইমাম মালিক রহ. বলেছেন- اَلْعِلْمُ لَا يُعْطِيْكَ بَعْضَهُ حَتَّى تُعْطِيَهُ كُلَّكَ অর্থাৎ ইলম এতো গায়রতওয়ালা যে, তুমি তাকে তোমার সবটুকু না দিলে সে তোমাকে তার সামান্যটুকুও দেবে না।

# الدرس الثالث

## صفةُ المضافِ والمضافِ إليه

### উদাহরণ

**আরবী-বাংলা**

| | |
|---|---|
| نَجَاحُ التَّلَامِيْذِ الْمُجْتَهِدِيْنَ | পরিশ্রমী ছাত্রদের সফলতা |
| مَنْظَرُ الْحَدِيْقَةِ الْجَمِيْلُ | বাগানের সুন্দর দৃশ্য |

**বাংলা-আরবী**

| | |
|---|---|
| نَتِيْجَةُ الْإِمْتِحَانِ السَّنَوِيِّ | বার্ষিক পরীক্ষার ফলাফল |
| مَنَارَةُ الْمَسْجِدِ الْكَبِيْرَةُ | মসজিদের বড় মিনার |

### আলোচনা

প্রথম খণ্ডে তুমি পড়েছ- আরবী জুমলায় مضاف-এর স্থান আগে; مضاف إليه-এর স্থান পরে। যেমন, مَيْدَانُ الْمَدْرَسَةِ- আর বাংলা বাক্যে مضاف-এর স্থান পরে; مضاف إليه-এর স্থান আগে। যেমন, 'মাদরাসার মাঠ'। প্রথম খণ্ডে তুমি এ-ও জেনেছ যে, আরবী জুমলায় موصوف-এর স্থান আগে, صفة-এর স্থান পরে। যেমন, زهرة جميلة- আর বাংলা বাক্যে موصوف-এর স্থান পরে, صفة এর স্থান আগে। যেমন, 'একটি সুন্দর ফুল'।

এবার শোনো, مضاف ও مضاف إليه কখনো কখনো صفة যুক্ত হয়। আলোচ্যমান দরসে আমরা তোমাকে এ ধরনের আরবী জুমলার বাংলা অনুবাদ করার এবং বাংলা বাক্যের আরবী তরজমা করার পদ্ধতি শেখাব ইনশাআল্লাহ। নিচের অনুচ্ছেদ চারটি বুঝে পড়ো এবং মনে রেখো–

১. আরবী জুমলায় مضاف إليه যদি صفة বিশিষ্ট হয়, যেমন نجاحُ التلاميذِ المجتهدينَ, তাহলে এমন জুমলার বাংলা অর্থ করা হয় এভাবে- প্রথমে

مضاف إليه-এর صفة-এর অর্থ করা হয় [পরিশ্রমী]। তারপর مضاف إليه-এর [ছাত্রদের]। এরপর مضاف -এর [সফলতা]।

২. আরবী জুমলায়مضاف সিফাতবিশিষ্ট হলে, যেমন مَنظَرُ الحديقةِ الجميلُ, সে ধরনের জুমলার তরজমার ক্ষেত্রে প্রথমে مضاف إليه-এর তরজমা করা হয়। তারপর مضاف-এর صفة-এর। এরপর مضاف এর। সুতরাং ইবারতটির তরজমা হবে- 'বাগানের সুন্দর দৃশ্য'।

৩. বাংলা বাক্যে مضاف إليه সিফাতযুক্ত হলে, যেমন 'বার্ষিক পরীক্ষার ফলাফল', সে ধরনের বাক্যের আরবী করার ক্ষেত্রে প্রথমে مضاف-এর আরবী করা হয়। এরপর مضاف إليه-এর। তারপর مضاف إليه-এর صفة-এর। সুতরাং এ বাক্যের তরজমা হবে- نتيجةُ الامتحانِ السَّنَوِيِّ

৪. বাংলা বাক্যে مضاف যদি صفة যুক্ত হয়। যেমন- 'মসজিদের বড় মিনার', তবে সে ধরনের বাক্যের আরবী তরজমা করা হয় এভাবে- প্রথমে مضاف-এর আরবী করা হয়। এরপর مضاف إليه-এর। তারপর مضاف-এর صفة-এর। সুতরাং বাক্যটির তরজমা হবে- منارةُ المسجدِ الكبيرةُ

উল্লেখ্য, এ ধরনের বাংলা বাক্যের আরবী করার সময় নিম্নের তিনটি কথা বিষেশভাবে স্মরণ রাখতে হয়।

ক. مضاف إليه তো সর্বদা مجرورই হয়। কিন্তু مضاف-এর صفة-এর إعراب হয় مضاف-এর অনুরূপ। যেমন- تلميذُ المدرسةِ المجتهدُ

খ. مضاف-এর جنس তথা تذكير ও تانيث এবং مضاف-এর عدد তথা واحد ـ تثنية ـ جمع-এর প্রতিও সবিশেষ লক্ষ্য রাখতে হয়। যেন مضاف-এর صفة মুযাফের অনুরূপই হয়। مضاف إليه-এর পর উল্লেখিত হওয়ার করণে যেন مضاف إليه-এর অনুরূপ না হয়ে যায়।

গ. مضاف-এর صفة সর্বদা معرفه হয়।

**শব্দার্থগুলো মুখস্থ করো-**

# معاني المفردات

| | |
|---|---|
| **التدريب – ١** | الْمَشْرَعُ ج مَشَارِعُ — ঝরনা |
| التَّرْجَمَةُ ج تَرَاجِمُ — জীবনী | السَّرَابُ — মরীচিকা |
| خَاصَّةً لَهُ — বিশেষভাবে তার জন্য | الصَّحْرَاءُ ج صَحْرَاوَاتٌ — মরুভূমি |
| فِي الظُّرُوفِ الرَّاهِنَةِ — বর্তমান পরিস্থিতিতে | **التدريب – ٢** |
| النُّزْهَةُ الْفَارِغَةُ — অর্থহীন বিনোদন | الرِّوَايَةُ ج رِوَايَاتٌ — উপন্যাস |
| بَنَى الْمُسْتَقْبَلَ (ض) بِنَاءً — ভবিষ্যত বিনির্মাণ করল | الْعَلَمُ ج أَعْلَامٌ — মনীষী |
| الْأَسَاسُ الْمَتِينُ — মজবুত ভিত্তি | الْقَرْنُ السَّابِعُ مِنَ الْمِيلَادِ — ঈসায়ী সপ্তম শতাব্দী |
| الْعَلَمُ ج أَعْلَامٌ — বিশিষ্ট ব্যক্তি | الصَّالِحُ ج صَوَالِحُ — কল্যাণ, উপকার |
| السِّيرَةُ ج سِيَرٌ — জীবনচরিত | الْهَوَاءُ النَّقِيُّ — নির্মল বাতাস |
| الرَّشِيدُ — উত্তম, ভাল | الْقَوْمُ الْغَيْرُ الْمُهَذَّبِ — অসভ্য জাতি |
| جَعَلَ (ف) جَعْلًا — নির্ধারণ করল | جَعَلَهُمْ قَوْمًا مُهَذَّبًا مِثَالِيًّا — তাদেরকে সভ্য ও আদর্শ জাতিতে পরিণত করল |
| الْهَدَفُ ج أَهْدَافٌ — লক্ষ্য | تَفَاءَلَ تَفَاؤُلًا — আশাবাদী হল |
| وَاصَلَ السَّيْرَ مُوَاصَلَةً — চলা অব্যাহত রাখল | الْهَدَفُ الْمَنْشُودُ — অভীষ্ট লক্ষ্য |
| الْمُتَّزِنُ — ভারসাম্যপূর্ণ | حَدَّدَهُ تَحْدِيدًا — তা নির্ধারণ করল |
| الْأُفُقُ ج آفَاقٌ — দিগন্ত | الْمَرْجُوُّ — কাঙ্ক্ষিত |
| السَّاقِي ج سُقَاةٌ — সাকী | الْمُنَوَّرُ — আলোকিত |
| الظَّامِئُ — তৃষ্ণার্ত | تَشَجَّعَ — অনুপ্রাণিত হল |

## التدريب – ١

**ترجم باللغة البنغالية :**

## اقْرَأُوْا تراجمَ الكِبارِ

لِيَقْضِ التلاميذُ حياتَــهم الدراسيَّة في تحصيل العلوم النافعة. ولا فرصةَ للمسلمين، خاصةً[১] لطلاب العلم النبوي في الظروف الراهنة أن يضيعوا أوقاتــهم الغالية في النــزهة الفارغة.

فإذا أردتم يا إخوتي التلاميذ! أن تبنوا مستقبلكم على أساس متين، فطالعوا تراجم أعلام الأمة الكبار. واقتدوا بسيرهم الرشيدة. واجعلوا لــحياتكم القيمة هدفا. واستعينوا لذلك بكتاب الــمؤلف : শিক্ষার্থীদের সফলতার রাজপথ، ثم واصلوا سَيْرَكم مستقيما متزنا، وكونوا نجوما متلألئة في آفاق السماء المظلمة.

فيا سقاة الأمم الظامئة للهداية! حَيّوا على مشرع الحياة الصافي، ولا يغرنكم سراب الصحراء الخادع.

## التدريب – ٢

**ترجم باللغة العربية :**

## উপন্যাস ছাড়ো, মনীষীদের জীবনী পড়ো

ঈসায়ী সপ্তম শতাব্দীতে মানবতার কল্যাণে এক নতুন পৃথিবী জন্মগ্রহণ করেছে। এই নতুন পৃথিবীর নির্মল বাতাস সে কালের অসভ্য জাতিকে সভ্য ও আদর্শ জাতিতে পরিণত করেছে। তাঁরা এবং তাঁদের অনুসারীগণ পরবর্তীদের উত্তম আদর্শ।

---

১. خاصةً ইসমটি উহ্য أَخُصُّ ফে'লের مفعول مطلق

সুতরাং হে আমার ছাত্র ভাইয়েরা! আশাবাদী হও এবং নিজেদের জন্য একটি অভীষ্ট লক্ষ্য নির্ধারণ করো। এবং দেখো, কারা তোমাদের কাঙ্ক্ষিত লক্ষ্য অর্জন করেছেন? মনোযোগের সাথে তাঁদের আলোকিত জীবনী পাঠ করো। তাহলে তুমি তাঁদের মত জীবন গড়তে অনুপ্রাণিত হবে।

## الواجب المنــــزلي

اكتب في دَفْتَرِكَ الْخَاصِّ ٢٥ جملة تستــعمل فيها المضاف أو المضاف إليه موصوفا بصفة، وقُمْ بتصحيحها. ثم انتخِب منها خمس جمل، وترجمها باللغةِ البنغالية. ثم قَدِّمْها إلى معلمك للتصحيح.

* একজন তালিবে ইলমের উন্নতি ও অগ্রগতির জন্য একান্ত অপরিহার্য হলো মাহির ও প্রাজ্ঞ উস্তাদের ছোহবত ও সান্নিধ্য গ্রহণ করা। যে ফন ও শাস্ত্রের প্রতি শিক্ষার্থীর সহজাত অনুরাগ ও মায়লান রয়েছে, তার কর্তব্য হলো সেই ফন ও শাস্ত্রের মাহির ও বিশেষজ্ঞ উস্তাদের ছোহবতে পড়ে থেকে যোগ্যতা অনুযায়ী তা আত্মস্থ করার সাধনায় লেগে থাকা। উস্তাদের সঙ্গে এমন অন্তরঙ্গ সংযোগ ছাড়া কখনই কাঙ্ক্ষিত ফায়দা হাসিল হতে পারে না।
* কোনো জ্ঞান ও শাস্ত্রের সহজাত রুচি তখনই সৃষ্টি হয়, যখন জ্ঞানী ও গুণীদের মজলিসে আসা যাওয়া হয় এবং তাঁদের সঙ্গে অন্তরঙ্গ সম্পর্ক তৈরি হয়। এরপর মানুষ খুব সামান্য জ্ঞান দ্বারাও অনেক বেশী কাজ নিতে পারে।
* তোমরা মাদরাসার শেকায়াত করো না। ব্যবস্থাপনার অভিযোগ করো না। যতটুকু আরাম ও সুবিধা পেয়েছো তার জন্য শোকর করো, আর যা কিছু কষ্ট ভোগ করেছো তার উপর ছবর করো। এটাই ইলম হাছিল হওয়ার পথ। যারা শেকায়াত করে তাদের কিসমতে মাহরূমী ছাড়া আর কিছু নেই। [সূত্র, জীবন পথের পাথেয়]

# الدرس الرابع

## إذا كانت الصفةُ جملةً

### উদাহরণ

رَأَيْتُ زَهْرَةً تَفَتَّحَتْ فِي الْبُسْتَانِ.
رَأَيْتُ الزَّهْرَةَ الَّتِيْ تَفَتَّحَتْ فِي الْبُسْتَانِ.
رَأَيْتُ الزَّهْرَةَ تَفَتَّحَتْ فِي الْبُسْتَانِ.
رَأَيْتُ زَهْرَةً الَّتِيْ تَفَتَّحَتْ فِي الْبُسْتَانِ.

### আলোচনা

প্রথম খণ্ডে তুমি مركب توصيفي-এর অনুশীলন করেছ। তখন জেনেছ, صفة যেসকল ক্ষেত্রে موصوف-এর অনুরূপ হয়, সেগুলোর মধ্যে تعريف ও تنكير অন্যতম। অর্থাৎ موصوف মা'রিফা হলে সিফাতও معرفه হয়। তদ্রূপ موصوف নাকিরা হলে সিফাতও نكره হয়।

এখন শোনো, صفة যেমন مفرد হয়, صفة তদ্রূপ জুমলাও হয়। প্রথম খণ্ডে তুমি مفرد সিফাতের অনুশীলন করেছ। বর্তমান দরসে جمله সিফাতের অনুশীলন করবে।

এখন একটি নতুন কথা শোনো- 'جمله কে نكره গণ্য করা হয়'। তাই جمله শুধু نكره মাউসূফের صفة হয়। যেমন-رَأَيْتُ زَهْرَةً تَفَتَّحَتْ فِي الْبُسْتَانِ জুমলা কখনো معرفه মাউসূফের صفة হয় না।

কোনো মা'রিফার সিফাতে جمله আনতে হলে উক্ত জুমলার পূর্বে, মাউসূফের উপযোগী কোনো الاسم الموصول উল্লেখ করতে হয়। যেমন رَأَيْتُ الزَّهْرَةَ الَّتِيْ تَفَتَّحَتْ فِي الْبُسْتَانِ- এ জুমলায় الاسم الموصول মা'রিফা হওয়ার কারণে তার অনুগামী হওয়ার সুযোগে, جمله মা'রিফা মাউসূফের সিফাতে আসার যোগ্যতা লাভ করেছে।

**শিক্ষার্থীরা এখানে সাধারণত দু'টি ভুল করে-**

১. موصوف মা'রিফা হলেও جملة কে সরাসরি তার صفة রূপে উল্লেখ করে। যেমন- رَأَيْتُ الزَّهْرَةَ تَفَتَّحَتْ فِي الْبُسْتَانِ

২. মাউসূফ نكره হলেও জুমলার পূর্বে الاسم الموصول ব্যবহার করে। যেমন- رَأَيْتُ زَهْرَةً الَّتِي تَفَتَّحَتْ فِي الْبُسْتَانِ- উভয়টি কেন ভুল, আশা করি তুমি নিজেই ব্যাখ্যা করে তা বুঝাতে পারবে।

মনে রাখবে, معرفه ইসমের পর সরাসরি, [অর্থাৎ উপযোগী কোনো الاسم الموصول এর অনুগামী না হয়ে], جملة উল্লেখিত হলে, উক্ত جملة মা'রিফা ইসমের صفة হওয়ার পরিবর্তে, খবর বা হালে (حال) পরিণত হয়।

رَأَيْتُ الزَّهْرَةَ تَفَتَّحَتْ فِي الْبُسْتَانِ জুমলায় تَفَتَّحَتْ فِي الْبُسْتَانِ অংশটি الزهرة থেকে হাল্। কারণ এটি الزهرة-এর অবস্থা বর্ণনা করছে। আর الزهرة تفتحت في البستان বাক্যে ২য় অংশটি الزهرة-এর খবর। বিষয়টি ভালোভাবে স্মরণ রাখবে।

## মূলকথা

১. جملة শুধু نكره মাউসূফের صفة হয়।

২. معرفه ইসমের সিফাতে সারাসরি جملة ব্যবহার করা যায় না।

৩. معرفه মাউসূফের সিফাতে جملة আনতে হলে জুমলার পূর্বে মাউসূফের উপযোগী কোনো الاسم الموصول উল্লেখ করতে হয়।

৪. موصوف নাকিরা হলে জুমলার পূর্বে الاسم الموصول উল্লেখ করা ভুল।

**শব্দার্থগুলো মুখস্থ করো-**

## معاني المفردات

| | |
|---|---|
| الْجَمَالُ الطَّبِيعِيُّ প্রাকৃতিক সৌন্দর্য | التدريب – ١ |
| السَّاحِلُ ج سَوَاحِلُ তীর, সৈকত | تَضَمَّنَتْ بَنْغْلَادِيشُ الشَّيْءَ বস্তুটি বাংলাদেশে আছে [বাংলাদেশ বস্তুটিকে অন্তর্ভুক্ত করেছে] |
| إِلَى جَانِبِهِ তার পাশাপাশি | |

| | | | |
|---|---|---|---|
| قَضَى حَاجَتَهُ (ض) قَضَاءً | তার প্রয়োজন পূরণ করল | الْفَصْلُ ج فُصُوْلٌ | ঋতু |
| صَدَّرَ إِلَى الْخَارِجِ | বিদেশে রপ্তানী করল | حَرَمَهُ الرَّاحَةَ (ض) حِرْمَانًا | তাকে শান্তি থেকে বঞ্চিত করল |
| الْقَمْحُ | গম | حُرِمَ الرَّاحَةَ | সে শান্তি থেকে বঞ্চিত হল |
| الْجُوْتُ | পাট | جَرَى مُتَمَوِّجًا | কল্লোলিত হয়ে প্রবাহিত হল |
| نَحْتَاجُ إِلَى الشَّيْءِ | আমাদের বস্তুটি প্রয়োজন হয় | لَيْلَ نَهَارَ | রাত-দিন |
| اِسْتَوْرَدَ اِسْتِيْرَادًا | আমদানী করল | صَبَاحَ مَسَاءَ | সকাল-সন্ধা |
| الْمَاكِيْنَاتُ | যন্ত্রপাতি | تَجَمَّلَ تَجَمُّلًا | সজ্জিত হল |
| الْفُوْلَاذُ ج فَوَالِيْذُ | স্টীল (Steel) | بِجَنْبِهِ | তার পাশে |
| الْوَقُوْدُ | জ্বালানী | خَلِيْجُ الْبَنْغَالِ | বঙ্গোপসাগর |
| الزَّيْتُ الصَّالِحُ لِلْأَكْلِ | ভোজ্যতেল | الْمُحَافَظَةُ | জেলা |
| الْمَطَّاطُ | রাবার | سَحَرَهُ (ف) سِحْرًا | তাকে মুগ্ধ করল |
| الثَّرْوَةُ الْمَعْدِنِيَّةُ وَالطَّبِيْعِيَّةُ | খনিজ ও প্রকৃতিক সম্পদ | الزَّائِرُ ج زُوَّارٌ | অতিথি |
| الْمُسْتَقِلُّ اقْتِصَادِيًّا | অর্থনৈতিকভাবে স্বাবলম্বী | السَّائِحُ ج سَائِحُوْنَ، سُيَّاحٌ | পর্যটক |
| الْغَازُ | গ্যাস | الرُّوَاءُ | সৌন্দর্য |
| الْبِتْرُوْلُ | পেট্রোল | النَّسِيْمُ | কোমল বাতাস |
| التدريب — ٣ | | الطَّقْسُ | জলবায়ু |
| الْبِلَادُ الْعَرَبِيَّةُ | আরব দেশগুলো | الْمَثِيْلُ | অনুরূপ, সাদৃশ |
| آسِيَا | এশিয়া | بِالْجُمْلَةِ | মোট কথা |
| أُوْرُبَّا | ইউরোপ | الْمُوَاطِنُ ج مُوَاطِنُوْنَ | নাগরিক |
| شُئُوْنٌ سِيَاسِيَّةٌ وَاقْتِصَادِيَّةٌ | রাজনৈতিক ও অর্থনৈতিক বহু বিষয় | التدريب — ٢ | |
| اِعْتَمَدَ عَلَيْهِ اِعْتِمَادًا | তার উপর নির্ভর করল | الْمَسَاحَةُ | আয়তন |
| بِئْرُ الزَّيْتِ/ مَعْدِنُ الزَّيْتِ | তেলের খনি | بِالنِّسْبَةِ إِلَى عَدَدِ السُّكَّانِ | জনসংখ্যার তুলনায় |
| مَعْدِنُ الذَّهَبِ | স্বর্ণের খনি | أُنْتِجَ الشَّيْءُ | জিনিসটি উৎপাদিত হল |

| | |
|---|---|
| জ্বালানী اَلْوَقُوْدُ | কেন্দ্রবিন্দু اَلْقُطْبُ |
| অলংকার اَلْـحِلْيَةُ ج حِلًى | আছে কি কেউ? هَلْ هُنَاكَ أَحَدٌ؟ |
| মার্কিন হায়েনারা اَلضِّبَاعُ الْأَمْرِيكِيُّونَ (و : اَلضَّبُعُ) | পূণ্য ভূমিসমূহ اَلْأَرَاضِيُّ الْـمُقَدَّسَةُ |
| কর্তৃত্ব করল تَسَلَّطَ عَلَيْهِ تَسَلُّطًا | উদ্ধার করল أَنْقَذَ إِنْقَاذًا |
| মুসলিম সভ্যতা اَلْـحَضَارَةُ الْـمُسْلِمَةُ | |

## التدريب – ١

ترجم باللغة البنغالية :

## بنغلاديشُ بلادٌ تتضمَّنُ كلَّ نوع من الجمال الطبيعي

بنغلاديش بلاد تتضمن كل نوع من الجمال الطبيعي. وهي وطننا الحبيب الذي توجد فيه أنهار وجبال وغابات وسواحلُ، إلى جانب الفصول الستّة التي حُرِمَها العالم إلا وطَنَنا.

ففي بلادنا أنهار كثيرة تجري فيها الـمياه متموجة دائما أبدا : أنهار تسير فيها الزوارق والبواخر ليل نهار وصباح مساء. ومن الأنهار المشهورة في بلادنا «بادما» و«ميغنا» و«جامونا».

وكذلك في بلادنا جبال كثيرة تتجمل بأشجارها الخضراء. والجبال كثيرة في «سِلْهِتْ» و«شِيتَاغُونْغْ».

وهكذا في بلادنا غابات كثيرة اشتهرت منها «سُنْدَرْبَنْ». وهي غابة تقع بجنب خليج البنغال جنوب بنغلاديش بمحافظة «خُلْنَا».

وهكذا في بلادنا سواحلُ بحرية كثيرة اشتهرت منها ساحل «كَوْكَسْ بَازَارْ». وهو ساحل يسحَرُ الزُّوَّارَ والسائحين بجماله ورُوائه ونسيمه

وطَقْسه. وهو ساحل لا يوجد له مَثيل في العالَم.

وبالجملة رزقنا الله تعالى وطنا جميلا خيرا، فلْنكُنْ خيرَ الـــمواطنين.

## التدريب –٢

ترجم باللغة العربية :

## আমাদের দেশ

বাংলাদেশ এমন একটি দেশ, যার অধিকাংশ নাগরিক দরিদ্র। এটি এমন দেশ, যার আয়তন জনসংখ্যার তুলনায় অনেক কম। এ দেশে অনেক জিনিস উৎপাদিত হয়, যা দেশবাসীর অনেক প্রয়োজন পূরণ করে। কিছু কিছু জিনিস এমন, যা দেশের প্রয়োজন পূরণ করার পর বিদেশে রপ্তানি করা যায়। যেমন গম, পাট, চা, চামড়া, মাছ ইত্যাদি। আমাদের প্রতিনিয়ত এমন অনেক জিনিসের প্রয়োজন হয়, যা বিদেশ থেকে আমদানী করা হয়। যেমন- ঔষধ, যন্ত্রপাতি, স্টিল, জ্বালানী ও ভোজ্য তেল, রাবার, কাগজ, কাপড় ইত্যাদি। আমাদের দেশে অনেক খনিজ ও প্রাকৃতিক সম্পদ আছে, যা দেশকে অর্থনৈতিক ভাবে স্বাবলম্বী করে। যেমন গ্যাস, পেট্রোল, বন, মাছ, পশু ইত্যাদি।

ترجم باللغة العربية :

## আরব দেশ

আরব দেশগুলো এমন দেশ, যেগুলোর উপর এশিয়া ও ইউরোপের রাজনৈতিক ও আন্তর্জাতিক বহু বিষয় নির্ভর করে। কেননা সেগুলো এমন দেশ, যেগুলোকে আল্লাহ তা'আলা তেলের খনি দান করেছেন। সেগুলো এমন অঞ্চল, যেগুলোতে স্বর্ণের খনিও রয়েছে। যে তেল ও স্বর্ণ এমন জ্বালানী ও অলংকার, যা সমগ্র বিশ্বের জ্বালানী ও অলংকারের প্রয়োজন পূরণ করে। বর্তমানে মার্কিন হায়েনারা সেই আরব দেশগুলোর উপর কর্তৃত্ব করছে, যেগুলো মুসলিম সভ্যতার কেন্দ্রবিন্দু। আছে কি কেউ, যে সেসব পূণ্যভূমিকে এসব হায়েনাদের থেকে উদ্ধার করবে?

## الواجب المنـــزلي

١. اكتب في دفترِك الخاصِ ١٥ جملةً تكون فيها «الجملة» صفةً لنكرة، وقُمْ بتصحيحها. ثم انتخب منها خمسَ جمل، وترجمها باللغة البنغالية. ثم قدمها إلى معلمك للتصحيح.

٢. اكتب في دفترك الخاص ١٥ جملةً تكون فيها «الجملة» صفة لـــمعرفة، وقم بتصحيحها. ثم انتخب منها خمس جمل، وترجمها باللغة البنغالية. ثم قَدِّمْها إلى معلمك للتصحيح.

# الدرس الخامس

## المفعولُ المُطْلَقُ

### উদাহরণ

| | |
|---|---|
| أ. فَرِحَ الْوَلَدُ فَرَحًا.<br>ذَعِرَ الْجَانِي ذَعْرًا. | ক. ছেলেটি খুব আনন্দিত হয়েছে।<br>অপরাধী ভীষণ ভয় পেয়েছে। |
| ب. ابتسمَ الصبيُّ بَسْمَ الْبَدْرِ.<br>جلس السَّفِيهُ جِلْسَةَ الْجَانِي. | খ. শিশুটি পূর্ণিমার চাঁদের মতো হেসেছে।<br>নির্বোধ লোকটি অপরাধীর মতো বসেছে। |
| ج. نظر الرجلُ نَظْرَةً.<br>أفطَرَ الْبَطِينُ اليومَ إفطارَيْنِ. | গ. লোকটি একবার দেখেছে।<br>পেটুকটি আজ দু'বার নাস্তা করেছে। |

### আলোচনা

উদাহরণগুলো লক্ষ্য করো–

'أ' ভাগের উদাহরণদু'টিতে জুমলার মূল বক্তব্যে تاكيد তথা 'দৃঢ়তা'র অর্থ রয়েছে। ফে'লের পর ঐ ফে'লের مصدر উল্লেখ করার ফলে এই অর্থ প্রকাশ হয়েছে।

'ب' ভাগের উদাহরণদু'টিতে نوع তথা 'ধরন' -এর অর্থ রয়েছে। শিশুর হাসিকে পূর্ণিমার চাঁদের হাসির সঙ্গে এবং নির্বোধ মানুষের বসাকে অপরাধী মানুষের বসার সাথে তুলনা করা হয়েছে।

'ج' ভাগের جملة দু'টিতে ফে'লের পর ঐ ফে'লের মাসদার, فعل টি সংঘটিত হওয়ার عدد বা সংখ্যা বুঝিয়েছে।

বলা বাহুল্য, ফে'লের পরে উল্লেখিত ঐ ফে'লের مصدر কে পরিভাষায় مفعول مطلق বলে।

উদাহরণমালাকে তিন ভাগে বিভক্ত করা দ্বারা আশা করি তুমি বুঝতে পেরেছ যে, مفعول مطلق তথা ফে'লের পর ঐ ফে'লের مصدر, তিন উদ্দেশ্যের কোনো এক উদ্দেশ্যে উল্লেখ করা হয়-

১. কখনো تاكيد বোঝানোর উদ্দেশ্যে।

২. কখনো نوع বোঝানোর লক্ষ্যে।

৩. কখনো আবার عدد-এর অর্থ প্রকাশ করার জন্যে।

উল্লেখ্য, تاكيد এর অর্থ 'খুব', ভীষণ', 'প্রচণ্ড', 'চরম' প্রভৃতি শব্দ ব্যবহার করে ব্যক্ত করা হয়। তবে প্রত্যেক স্থানে এ ধরনের শব্দ ব্যবহারের প্রয়োজন হয় না।

## মূলকথা

১. فعل-এর পরে উল্লেখিত ঐ ফে'লের مصدر কে পরিভাষায় مفعول مطلق বলে।

২. মাফউলে মুতলাক تاكيد, نوع ও عدد এই তিন উদ্দেশ্যের কোনো এক উদ্দেশ্যে উল্লেখ করা হয়।

**শব্দার্থগুলো মুখস্থ করো-**

### معاني الـــمفردات

| | |
|---|---|
| العصر الأخير শেষ যুগ | التدريب – ١ |
| سيطر على قنوات سيطرة বিভিন্ন চ্যানেল নিয়ন্ত্রণ করল | الحديث ج أحاديث আলোচনা |
| قناة التلفاز টেলিভিশন চ্যানেল | وسائل الإعلام প্রচার মাধ্যমসমূহ |
| الإنترنت ইন্টারনেট | في العصر الحاضر বর্তমানে, বর্তমান যুগে |
| مطلقا নিরংকুশভাবে | تقدم تقدما অগ্রসর হল |
| نشره (ن) نشرا তা প্রচার করল | الأمة الغربية পাশ্চাত্য জাতি |
| ثقافتهم المتعفنة তাদের বিকৃত সভ্যতা | من جانب آخر অপর দিকে, পক্ষান্তরে |
| من جهة أخرى অপর দিকে, পক্ষান্তরে | تخلف تخلفا পিছনে পড়ল |

| | | | |
|---|---|---|---|
| نَسِيَ (س) نِسْيَانًا | একেবারেই ভুলে গেছে | أَشَاعَ إِشَاعَةً | ছড়াল |
| اَلْوَسِيلَةُ ج وَسَائِلُ | মাধ্যম | اَلصُّورَةُ الْمُشَوَّهَةُ | বিকৃত ছবি |
| حَدَّدَ تَحْدِيدًا | চরমভাবে সাব্যস্ত করল | اَلْإِرْهَابِيُّ | সন্ত্রাসী |
| اَلذَّكَاءُ الْمَوْهُوبُ | প্রদত্ত মেধা | صَرَخَ بِالْهُتَافِ (ف) صُرَاخًا | চিৎকার করে শ্লোগান দিল [শ্লোগানে চিৎকার করল] |
| اِسْتَخْدَمَ اِسْتِخْدَامًا | প্রবলভাবে কাজে লাগিয়েছে | اَلْهُتَافَاتُ الْفَارِغَةُ | ফাঁকা শ্লোগান |
| سِلْسِلَةُ الْاِخْتِرَاعِ | আবিষ্কারের ধারা | اَلْخَادِعُ | ধোঁকাবাজ |
| سَيْلُ الْعَيْنِ | ঝরনাধারা | اَلْمُتَفَرِّقُ | ছিন্ন-বিচ্ছিন্ন |
| جَرَى (ض) جَرْيًا | চালু হয়েছে | قِيَامُ رَجُلٍ وَاحِدٍ | মাত্র একজনের দাঁড়ানোর মতো |
| مَوْجُ الْأَثِيرِ | ইথার-তরঙ্গ | اَلزَّعَامَةُ | নেতৃত্ব |
| اَلْقُوَّةُ الْجَاذِبِيَّةُ | মাধ্যাকর্ষণ শক্তি | اَلْمُتَلَأْلِئُ | উজ্জ্বল |
| اَلْقُوَّةُ النَّوَوِيَّةُ | পারমাণবিক শক্তি | **التدريب — ٢** | |
| ذَمَّ فُلَانًا ذَمَّ الْأَذِلَّاءِ | নিচু লোকদের নিন্দার মত তার নিন্দা করল | اَلتِّقْنِيَّةُ | প্রযুক্তি |
| لٰكِنَّ الْحَقِيقَةَ | কিন্তু বাস্তবতা হল | سُوْءُ الْاِسْتِعْمَالِ | অপব্যবহার |
| فِيْ ذَاتِهِ / فِيْ ذَاتِهَا | সত্ত্বাগতভাবে | اَلْاِخْتِرَاعُ وَالْاِكْتِشَافُ | আবিস্কার-উদ্ভাবন |
| لَيْسَ صَالِحًا | যোগ্য নয় | اِشْتَغَلَ اِشْتِغَالًا | অত্যন্ত ব্যস্ত হয়ে পড়েছে |
| مُسِيئُو الْاِسْتِعْمَالِ | অপব্যবহারকরীরা | اَلْهَدَفُ ج أَهْدَافٌ | লক্ষ্য |

মাদরাসার সম্পর্ক একদিকে হলো সরাসরি মুহাম্মাদী নবুয়তের সঙ্গে যা বিশ্বজনীন, সার্বজনীন ও সর্বকালীন। অন্যদিকে তার সম্পর্ক হলো মানুষ ও মানবতার সাথে, এবং সেই গতিশীল জীবনের সাথে যা সাগরমুখী নদীর মতই চিরপ্রবহমান। মাদারাসা একদিকে নবুয়তে মুহাম্মাদীর চিরন্তন ঝরনাধারা থেকে 'জলসঞ্চয়' করে, অন্যদিকে জীবনের ফসলভূমিতে 'জলসিঞ্চন' করে। [সূত্র, জীবন পথের পাথেয়]

## التدريب – ١

**ترجم باللغة البنغالية :**

# حديث عن وسائل الإعلام

في عصرنا الحاضر يحتاج الإنسان إلى وسائل الإعلام احتياجَهم إلى الطعام والشراب. هناك تقدمت الأمة الغربية تقدما عجيبا. ومن جانب آخر تخلفت الأمة المسلمة في العصر الأخير تخلفا كبيرا. فيسيطر الغربيون قنواتِ التلقاز والإنترْنِت سيطرة مطلقة.

فينشرون ثقافتهم الـــمتعفنة بهذه الوسائل نشرا عاما. ومن جهة أخرى يشيعون بها للإسلام والــمسلمين صورة مشوَّهة إشاعة عالــمِيَّةً. ويعلنون إعلانَ كل شيطان أن المسلمين هم الإرهابيون. ويصرخون بهذه الـــهتافات الفارغة صراخَ الراعي الكاذب الخادع.

ولكن المسلمين غارقون في نومهم غرقا.ثم هم متفرقون تفرقَ أمم، وهي أمة واحدة، أمة محمد صلى الله عليه وسلم. فيا ليتَ الأمةَ الــمسلمة استيقظت من نو مها استيقاظا!

فعلى العالم الإسلامي أن يقوم من جديد قيامَ رجل واحد. وليأخذ زعامة العالم مرة ثانية أخذا. فإن العالم الإنساني ينتظر زعامة المسلمين الــمؤمنين أشد الانتظار.

# التدريب – ٢

ترجم باللغة العربية :

## প্রযুক্তির অপব্যবহার

বর্তমানে মানুষ আবিষ্কার-উদ্ভাবনে অত্যন্ত ব্যস্ত হয়ে পড়েছে। জীবনের লক্ষ্য একেবারেই ভুলে গেছে। ফলে মাধ্যমসমূহকে চরমভাবে লক্ষ্য সাব্যস্ত করছে। মানুষ আল্লাহ প্রদত্ত মেধাকে আবিষ্কারের পিছনে প্রবলভাবে কাজে লাগিয়েছে। ফলে আক্ষিারের ধারা ঝর্ণধারার মতো চালু হয়েছে। গত পরশু আবিষ্কার করা হলো ইথার-তরঙ্গ, গতকাল মাধ্যাকর্ষণ-শক্তি, আজ পারমানবিক-শক্তি। আগামীকাল.... ।

কিছু মানুষ আল্লাহর কৃতজ্ঞতার ন্যায় প্রযুক্তির কৃতজ্ঞতা জ্ঞাপন করতে শুরু করেছে। আর কিছু মানুষ নিচু লোকদের নিন্দার মত প্রযুক্তিকে নিন্দা করতে আরম্ভ করেছে। কিন্তু বাস্তবতা হলো, প্রযুক্তি সত্ত্বাগতভাবে প্রশংসা ও নিন্দার যোগ্য নয়। প্রশংসা বা নিন্দার যোগ্য হল এর অপব্যবহারকরীরা।

## الواجب المنــــزلي

اكتب في دفترك الخاص ٢٥ جملة تستــعمل فيها مفعولا مطلقا للتأكيد أو للنوع أو للعدد، وقم بتصحيحها. ثم انتخب منها خمس جمل، وترجمها باللغة البنغالية. ثم قدمها إلى معلمك للتصحيح.

এ যুগে যামানার মুজাদ্দিদ তাঁকেই বলা যাবে, যিনি ইসলামী শরীয়তের শ্রেষ্ঠত্ব প্রমাণে এবং জীবনের সঙ্গে তার সংযোগ সাধনে সক্ষম হবেন। সময় ও সমাজকে যিনি এ সত্যের উপর আশ্বস্ত করতে পারবেন যে, ইসলামের আইন ও শরীয়ত এবং নীতি ও বিধান মানব-মস্তিষ্কপ্রসূত সকল আইন ও বিধানের চেয়ে উন্নত এবং প্রাগ্রসর। এটা সময় থেকে এত অগ্রবর্তী যে, সময় কখনো তাকে ছাড়িয়ে যেতে পারে না। দুনিয়া যতই উন্নতি করুক এবং সময় যতই আগে বাড়ুক, ইসলামের শরীয়ত ও জীবনবিধান মানুষের সমাজ ও সভ্যতাকে এখনো পথ দেখাতে পারে এবং সকল যুগজিজ্ঞাসার সন্তোষজনক জবাব দিতে পারে। মানব জীবনে যত রকম সমস্যার উদ্ভব হতে পারে, ইসলামী শরীয়তে রয়েছে তার পূর্ণ সমাধান। সব যুগেই তার মাঝে রয়েছে একটি সর্বোত্তম আদর্শ সমাজ গঠনের সর্বোত্তম যোগ্যতা। [সূত্র, জীবন পথের পাথেয়]

# الدرس السادسُ

## المفعولُ له

### উদাহরণ

| | |
|---|---|
| يُسَافِرُ الطَّلَبَةُ إِلَى دَارِ الْعُلُوْمِ دِيُوْبَنْد طَلَبًا لِلْعِلْمِ. | ছাত্ররা ইলম অন্বেষণের জন্য দারুল উলূম দেওবন্দ সফর করে। |
| يُعَاقِبُ الآبَاءُ أَولادَهم تَأْدِيبًا هم. | বাবাগণ আদব শিক্ষা দেওয়ার জন্য সন্তানদেরকে শাস্তি দেন। |
| لا تُؤَخِّرْ عَمَلَ اليومِ للغد اعتمادا على نَفْسِكَ | নিজের উপর ভরসা করে আজকের কাজ কাল পর্যন্ত বিলম্বিত করো না। |

### আলোচনা

উপরিউক্ত جملهগুলোর طَلَبًا, تأديبا ও اعتمادا ইসমগুলো লক্ষ্য করো। নিজ নিজ জুমলার فعلগুলোর সঙ্গে اسمগুলোর কি সম্পর্ক, তা জানতে চেষ্টা করো। আশা করি তুমি বলবে, اسمগুলো নিজ নিজ জুমলার فعلগুলোর 'কারণ' বর্ণনা করছে।

প্রথম জুমলায় طلبا للعلم উল্লিখিত হওয়ার ফলে বোঝতে পেরেছ যে, তালিবে ইলমদের দারুল উলূম দেওবন্দ সফর করার 'কারণ' হলো ইলম অন্বেষণ।

দ্বিতীয় জুমলায় تأديبا لـهم অংশ দ্বারা জেনেছ যে, বাবাগণ যে তাদের সন্তানদেরকে বিভিন্ন সময় শাস্তি প্রদান করেন, তার উদ্দেশ্য হলো সন্তানগণ যেন ভদ্র ও শিষ্ট হয়।

তদ্রূপ তৃতীয় জুমলায় اعتمادًا على نفسِك অংশ দ্বারা বুঝতে পেরেছ- অনেকে যে আজকের কাজ আগামী কাল পর্যন্ত বিলম্বিত করে, তার কারণ হলো আত্মনির্ভরতা। তাই না?

মনে রেখো, যে اسم তার পূর্বের ফে'লের 'কারণ' বর্ণনা করে, তাকে مفعول له বলা হয়।

مفعول له জানার সবচে' সহজ আলামত হলো, পূর্বের فعل সংঘটিত হওয়ার কারণ-সম্পর্কে যদি প্রশ্ন করা হয়, তখন مفعول له ইসমটি তার উত্তরে উল্লেখ করা শুদ্ধ হয়। যেমন কেউ প্রশ্ন করল, তালিবে ইলমগণ কেন দারুল উলুম দেওবন্দ সফর করে? এর উত্তরে তুমি বলতে পার- 'ইলম অন্বেষণের উদ্দেশ্যে'।

## মূলকথা

যে اسم তার পূর্বের فعل সংঘটিত হওয়ার কারণ বর্ণনা করে, পরিভাষায় উক্ত اسم কে مفعول له

**শব্দার্থগুলো মুখস্থ করো-**

## معاني الـــمفردات

| | |
|---|---|
| التدريب — ١ | أَسَّسَ تَأْسِيْسًا প্রতিষ্ঠা করল |
| أَنْشَأَ إِنْشَاءً প্রতিষ্ঠা করল | الْـمَسْؤُوْلِيَّةُ দায়িত্ব |
| التَّوسِعَةُ প্রশস্ত করা | تَحْتَ الْإِشْرَافِ তত্ত্বাবধানে |
| الْـمعلوم ج معلومات তথ্য, জ্ঞাত বিষয় | الزَّلَّاتُ الْفِكْرِيَّةُ চিন্তাগত স্খলন |
| الْـموضوع ج موضوعات বিষয় | الزَّلَّاتُ الْعِلْمِيَّةُ বুদ্ধিবৃত্তিক বিচ্যুতি |
| الصَّحِيْفَةُ ج صُحُفٌ পত্রিকা | التدريب — ٢ |
| الْـمجلة ج مَـجلات সাময়িকী | اَلْيَوْمُ الْعَاشِرُ مِنْ ذِي الْـحِجَّةِ জিলহজের দশ তারিখ |
| الْـمَنْحُ দেওয়া | قَامَ مُبَكِّرًا খুব ভোরে উঠল |
| فُرْصَةُ الْعُثُوْرِ عَلَيْهِ তা জানার সুযোগ | الدُّوْلَابُ ج دَوَالِيْبُ আলমারী |
| الأَنْبَاءُ الْـمَحَلِّيَّةُ আঞ্চলিক সংবাদ | الْـحَارَةُ ج حَارَاتٌ মহল্লা |
| الأَنْبَاءُ الدَّوْلِيَّةُ আন্তর্জাতিক সংবাদ | تَذَكَّرْتُ আমার মনে পড়ল |
| اِحْتَوَاهُ اِحْتِوَاءً তা ধারণ করল | إِفْرَاحًا لَـهُمْ তাদের মুখে হাসি ফোটানোর জন্য |

| | | | |
|---|---|---|---|
| إِبْتِغَاءً لِوَجْهِ اللهِ | আল্লাহর সন্তুষ্টি লাভের আশায় | إِشْرَاكًا لَهُمْ فِي الْفَرَحِ وَالسُّرُورِ | তাদেরকে আনন্দে শরিক করার জন্য |
| أَهْدَى إِلَيْهِ الثَّوْبَ | তাকে কাপড় হাদিয়া দিল | هَنِيْئًا مَرِيْئًا | তৃপ্তি ও আনন্দের সাথে |
| مُصَلَّى الْعِيْدِ | ঈদগাহ | اَلْأَقَارِبُ | আত্মীয়-স্বজন |
| اَلتَّضْحِيَةُ | কুরবানি | مَعَ ذٰلِكَ كُلِّهِ | তারপরও |
| مِنْ طَرِيْقٍ آخَرَ | অন্য পথে | جَفَّفَهُ تَجْفِيْفًا | সে তা শুকিয়ে রাখল |
| تَضْحِيَةً | কুরবানী করার জন্য | مَضَى الْيَوْمُ (ض) مُضِيًّا | দিন কাটল |
| اَلْفُقَرَاءُ وَالْبُؤَسَاءُ | গরীব-দুঃখীরা | كَانَ الْعِيْدُ مُفْرِحًا لِلْجَمِيْعِ | ঈদ সবার জন্য হোক আনন্দময় |

## التدريب – ١

**ترجم باللغة البنغالية :**

## المكتبة الخاصة للطلاب

انشئت في مدرستنا مكتبةٌ خاصة للطلاب توسعةً لمعلوماتهم. فيها كتب كثيرة في موضوعات مختلفة. نطالع تلك الكتب تعلما لتلك الموضوعات. تشترى لمكتبتنا الصحف والمجلات منحا للطلاب فرصةَ العثور على الأنباء المحلية والدولية، وتسهيلاِ لاطلاعهم على المعلومات التي تَحتويها. فحصولا على تلك الأنباء والمعلومات نطالع تلك الصحف والمجلات.

وإننا لَنشعر بفوائد كثيرة لهذه المطالعات الخارجية. فليت كلَّ مدرسة أُسست فيها مكتبة خاصة للطلاب، أداء لمسؤولياتها إلى أبناءها التلاميذ، يطالع فيها الطلاب تحت إشراف بعض المعلمين، إنقاذا أنفسهم من الزلات الفكرية والعلمية.

# التدريب – ٢

**ترجم باللغة العربية :**

## ঈদের দিন

আজ জিলহজ মাসের দশ তারিখ। ঈদের খুশিতে [খুশির কারণে] আমরা খুব ভোরে ঘুম থেকে উঠলাম। আলমারী থেকে ঈদের নতুন কাপড়গুলো বের করলাম। তখন মহল্লার সেসব গরীব ছেলেদের কথা মনে পড়ল, যাদের জন্য তাদের বাবাগণ নতুন কাপড় ক্রয় করতে সক্ষম হন নি। তদের কয়েকজনের মুখে হাসি ফোটানোর জন্য আমি আমার পুরাতন সুন্দর কাপড়গুলো বের করলাম। আল্লাহর সন্তুষ্টি লাভের আশায় সেগুলো তাদেরকে হাদিয়া দিলাম।

ঈদগাহে যাওয়ার জন্য গোসল করলাম। ঈদের নামাজ আদায়ের জন্য ঈদগাহে গেলাম। বড় জামাতের সাথে নামাজ পড়লাম। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের অনুসরণ করার জন্য আমরা অন্য পথে বাড়ি ফিরলাম।

কুরবানী করার জন্য কয়েকদিন আগে আব্বু একটি গরু ক্রয় করেছিলেন। গুরুটি জবাই করা হল। পাড়ার গরীব দুঃখিদেরকে আনন্দে শরীক করার জন্য আব্বু তাদেরকে গোশত হাদিয়া দিলেন। আমরা তৃপ্তি ও আনন্দের সাথে মজা করে কুরবানীর গোশত দিয়ে দুপুরের খাবার খেলাম। আম্মু আত্মীয়-স্বজনকেও গোশত পাঠালেন। তারপরও অনেক গোশত রয়ে গেল। সারা বছর বিভিন্ন সময় খাওয়ার জন্য আম্মু সেগুলো শুকিয়ে রাখলেন। ঈদের দিন খুব আনন্দের সাথে কাটল। দু'আ করি, ঈদ সবার জন্য হোক আনন্দময়।

## الواجب المنـــزلي

اكتب في دفترك الخاص ٢٥ جملةً تستـــعمل فيها مفعولا له، وقم بتصحيحها. ثم انتخب منها خمسَ جمل، وترجِمْها باللغة البنغالية. ثم قدمها إلى معلمك للتصحيح.

# الدرس السابع

## المفعولُ فيه

### উদাহরণ

**[১ম ভাগ]**

| | |
|---|---|
| ক. সাঁঝবেলায় রাখালরা বাড়ি-ঘরে ফিরে। | أ. يرجع الرُّعَاةُ إلى بيوتِهم أَصِيْلاً |
| খ. কৃষকরা সকালে ক্ষেত-খামারে যায়। | ب. يَخْرُجُ الفَلاَّحُوْنَ إلى مَزَارِعِهم صَبَاحا. |
| গ. মাঝিরা রাত-দিন প্রাকৃতিক সৌন্দর্য উপভোগ করে। | ج. يَتَمَتَّعُ المَلاَّحُوْنَ بالجمال الطبيعي لَيْلَ نَهَارَ. |

**[২ম ভাগ]**

| | |
|---|---|
| ক. হাজীগণ কা'বার চার পাশে তাওয়াফ করেন। | أ. يطوف الحُجَّاجُ حولَ الكعبة. |
| খ. রাখালরা গাছের ছায়ায় বিশ্রাম করে। | ب. يَسْتَرِيْحُ الرُّعَاةُ تحتَ ظِلِّ الشجرةِ. |
| গ. মুসলমানগণ সকলে একটি ঘরের দিকে মুখ করে। | ج. يَتَوَجَّهُ المسلمون كلُّهم وَجْهَ بيتٍ واحد. |

### আলোচনা

প্রথম ভাগের উদাহরণগুলোতে أصيلا, صباحا ও لَيْلَ - نَهَارَ শব্দগুলো সময় বুঝাচ্ছে। রাখালদের বাড়ি ফিরে আসা, কৃষকদের ক্ষেতে যাওয়া, মাঝিদের নৈসর্গীক সৌন্দর্য উপভোগ করা, এই কাজগুলোর প্রত্যেকটি একটি নির্দিষ্ট সময়ে ঘটেছে। সুতরাং বোঝা গেল, শব্দগুলো فعل সংঘটিত হওয়ার সময় বুঝাচ্ছে। তাই শব্দগুলো مفعول فيه

এবার দ্বিতীয় ভাগের উদাহরণগুলো লক্ষ্য কর–

উদাহরণগুলোতে حَوْلَ, تَحْتَ, وَجْهَ ইত্যাদি শব্দগুলো একেকটি স্থান বুঝাচ্ছে। কা'বা ঘরের চারদিকে হাজীদের তাওয়াফ করা, গাছের ছাঁয়ায় রাখালদের আরাম করা, মুসলমানদের এক ঘরের দিকে অভিমুখী হওয়া, কাজগুলো একটি স্থানে সংঘটিত হয়েছে। তাই এ শব্দগুলোও مفعول فيه

তো مفعول فيه দুই প্রকার–

১. সময় বোঝালে مفعول فيه ظرف زمان

২. স্থান বোঝালে مفعول فيه ظرف مكان

## মূলকথা

যে اسم তার পূর্বের فعل -এর সংঘটিত হওয়ার সময় বা স্থান বুঝায়, পরিভাষায় ঐ اسم কে مفعول فيه বলা হয়।

مفعول فيه দুই প্রকার–

১. مفعول فيه ظرف زمان

২. مفعول فيه ظرف مكان

**শব্দার্থগুলো মুখস্থ করো–**

**معاني المفردات**

| | | | |
|---|---|---|---|
| سُلِبَتْ فِلْذَةُ كَبِدِهِ | তার কলিজার টুকরা ছিনিয়ে নেওয়া হয়েছে | التدريب – ١ | |
| اَلْيَوْمُ النَّحِسُ | অশুভ দিন | يَوْمُ الْإِسْتِقْلَالِ | স্বাধীনতা দিবস |
| أَيِّمَتِ الْمَرْأَةُ تَأَيُّمًا | বিধবা হল | مَرْحَبًا بِكَ | তোমাকে স্বাগতম |
| شَهِدَ الشَّيْءَ (س) شُهُودًا | প্রত্যক্ষ করল | اَلشَّابُّ ج شُبَّانٌ | যুবক |
| غَيْرَ أَنَّنَا | তবে আমরা | اَلْخَرِيْطَةُ ج خَرَائِطُ | মানচিত্র |
| اَلْحَرْبُ الدَّامِيَةُ | রক্তক্ষয়ী যুদ্ধ | نَتِيْجَةَ بَحْرٍ مِنَ الدِّمَاءِ | এক সাগর রক্তের বিনিময়ে |
| عَلٰى كُلٍّ | মোট কথা, যাই হোক | سَكَبَ الدَّمَ (ن) سَكْبًا | রক্ত ঝরাল |
| اَلْوِلَايَةُ ج وِلَايَاتٌ | প্রদেশ | اَلْمُوَاطِنُ الثَّائِرُ | বিদ্রোহী দেশবাসী |

| | | | |
|---|---|---|---|
| عَبَرَ النَّهْرَ (ن) عُبُوْرًا | নদী পার হল | اَلْحَاكِمُ ج حُكَّامٌ | শাসক |
| دَخَلَ مِنْ تُرْعَةٍ | একটি খাল দিয়ে প্রবেশ করল | آنَذَاكَ | সেসময়, তখন |
| تَجَوَّلَ تَجَوُّلًا | ঘোরাফেরা করল | ثَارَ الشَّابُّ (ن) ثَوْرًا | যুবকটি জেগে উঠল |
| أُعْجِبَ بِمُشَاهَدَتِهِ إِعْجَابًا | তা দেখে মুগ্ধ হল | أَغَارَ عَلَيْهِ إِغَارَةً | তার উপর আক্রমণ করল |
| اَلصَّفُّ ج صُفُوْفٌ | সারি | اَلْقُوَّاتُ الْمُسَلَّحَةُ | সশস্ত্রবাহিনী |
| فِيْ أَغْصَانِهَا | সেগুলোর ডালে ডালে | قَاوَمَهُ مُقَاوَمَةً | তাকে প্রতিরোধ করল |
| لَيْلَ نَهَارَ | দিন-রাত | أَجْبَرَهُ عَلَى الْأَمْرِ إِجْبَارًا | তাকে বিষয়টিতে বাধ্য করল |
| تَغَرَّدَ تَغَرُّدًا | গান গেল | اَلنِّضَالُ | সংগ্রাম, যুদ্ধ |
| اَلْقَنَاةُ ج قَنَوَاتٌ | নালা | اِسْتَسْلَمَ | আত্মসমর্পণ করল |
| صَوْتُ تَيَّارِ الْمَاءِ | পানির কুলকুল ধ্বনি | كَتَبَ اللّٰهُ النَّصْرَ | আল্লাহ বিজয়ের ফায়সালা করলেন |
| طُوْلَ الْوَقْتِ | সারাক্ষণ | اَلْاِسْتِقْلَالِيَّةُ | স্বাধীনতা |
| أَثْلَجَ فُؤَادَهُ إِثْلَاجًا | তার মন জুড়াল | إِذَاعَةُ بَنْغَلَا الْمُسْتَقِلَّةُ | স্বাধীন বাংলা বেতার |
| أَحْيَانًا | সময়ে সময়ে | رَفْرَفَ الْعَلَمُ رَفْرَفَةً | পতাকা পতপত করে উড়ল |
| اَلدَّغَلُ ج دِغَالٌ، أَدْغَالٌ | ঝোঁপ | **التدريب – ٢** | |
| تُشَاهَدُ تَجْرِيْ فِي الْأَدْغَالِ | ঝোপের মাঝে মাঝে ছোটাছুটি করতে দেখা যায় | سُنْدَرْبَنْ (اَلْغَابَةُ الْجَمِيْلَةُ) | সুন্দরবন |
| قُرَيْبًا مِنْ سَاعَتَيْنِ | প্রায় দু'ঘণ্টা | ذَهَبَ لِزِيَارَةِ صَدِيْقٍ | এক বন্ধুর বাড়ীতে বেড়াতে গেল |
| رَغْمَ السُّرُوْرِ الْكَثِيْرِ | এত আনন্দের মাঝেও | ذَهَبْنَا فِيْ جَمَاعَةٍ | এক দলের অন্তর্ভুক্ত হয়ে আমরা গেলাম |
| اَلسَّبُعُ ج سِبَاعٌ | হিংস্র প্রাণী | بِجَانِبِ النَّهْرِ | নদীর পাশ দিয়ে |
| اَلنَّمِرُ الْبَنْغَالِيُّ الْمَلَكِيُّ | বাংলার রাজকীয় বাঘ | بِالْجَانِبِ الْآخَرِ | ওপারে |
| رُوْيَالْ بِنْغَلْ تَيْغَرْ | রয়েল বেঙ্গল টাইগার | شَغَلَتِ الْغَابَةُ مِنْطَقَةً وَاسِعَةً | বনটি বিস্তীর্ণ এলাকা জুড়ে রয়েছে |
| | | اِكْتَرَى زَوْرَقًا اِكْتِرَاءً | একটি নৌকা ভাড়া করল |

## التدريب– ١

**ترجم باللغة البنغالية :**

# ٢٦ من مارِس يومُ استقلال بنغلاديش

مَرْحَبًا بِكِ يا بنغلاديشُ! ومرحبا بكم يا شُبَّانَ بنغلاديشَ! ظهرت أرض مستقلة جديدة في خَريطة العالم، السادِسَ والعشرين من مارِس، سنةَ إحدى وسبعين وتسع مأة وألف، نتيجةَ بحر من الدماء سكبه مواطنوها الثائرون. وهي بنغلاديشنا الحبيبة. كم آباءٍ وأمهاتٍ سلبت أكباد صدورهم تلك الأيامَ النحِسةَ! وكم نساءٍ أيمت تلك الأيام! وكم أولاد فقدوا آبائهم حينئذ! لم يعلم عددهم وقتئذ، كما لا يعلم اليوم.

من الصحيح أننا ما شهدنا حرب الاستفلال عندئذ. غَير أننا طالعنا تاريخها. فنستطيع أن نشعر الآن أيضا كيف كانت تلك الحرب الدامية.

على كل إن هذه البلاد كانت ولاية لباكستان ذلك الوقت. وكان حكام باكستان آنذاك يحكمون هذه البلاد ظلما. فثار شباب بنغلاديش ضدَّ الحكام الباكستانيين، وحملوا الأسلحة.

أغارت القُوَّاتُ المسلحة لحكومة باكستان على هؤلاء الثوار البنغاليين، وسط ليلة الخامس والعشرين من مارس. ولكن الباكستانيين لم يستطيعوا أن يقاوموهم. حارب البنغاليون الأعداء، حتى استطاعوا أن يجبروهم على الرجوع أثناء الحرب. واستسلم الأعداء للبنغاليين السادس عشر من شهر ديسمبر تلك السنةَ.

وهكذا كتب الله نصرَ المظلومين على الظالمين ذلك اليوم. وأعلنت استقلالية بنغلاديش يومئذ، من «إِذَاعَة بَنْغْلَا المُسْتَقِلَّةِ» في «كَلُرْغَاتْ». ورفرف يومئذ علم جديد في سماء هذه البلاد. واعتبر حينئذ هذا اليوم، أعني السادس عشر من ديسمبر، يومَ استقلاليةِ بنغلاديش.

## التدريب–٢

**ترجم باللغة العربية :**

### সুন্দরবন ভ্রমণ

অনেক দিন আগে আমি একবার খুলনায় আমার এক বন্ধুর বাড়ীতে বেড়াতে গিয়েছিলাম। তখন আমরা একদলের অন্তর্ভুক্ত হয়ে সুন্দরবনে গেলাম। আমরা একটি নদীর পাশ দিয়ে হাঁটছিলাম। নদীর ওপারে সুন্দরবন বিস্তীর্ণ এলাকাজুড়ে রয়েছে। সেখানে একটি মসজিদে আমরা জামাতের সাথে জোহরের নামাজ পড়লাম।

নামাজের পর একটি নৌকা ভাড়া করলাম। তারপর নদী পার হলাম। একটি খাল দিয়ে সুন্দরবনে প্রবেশ করলাম। আমরা বনে ঘোরাফেরা করলাম। ডানে-বামে সামনে-পিছনে বনের সৌন্দর্য দেখে মুগ্ধ হলাম। সেখানে সুউচ্চ গাছের সারি দেখলাম। সেগুলোর ডালে ডালে পাখিরা দিন-রাত গান গায়। নালার পানির কুলকুল ধ্বনি সারাক্ষণ মন জুড়ায়। সময়ে সময়ে ঝোপের মাঝে বিভিন্ন প্রাণী ছুটাছুটি করতে দেখা যায়।

এভাবে আমরা প্রায় দু'ঘন্টা সুন্দরবনে ঘুরেছি। তবে এত আনন্দের মধ্যেও আমরা সর্বদা হিংস্র প্রাণীর ভয়ে ভীত ছিলাম। এই ভ্রমণে আমরা বনের বিখ্যাত 'রয়েল বেঙ্গল টাইগার'ও দেখেছি।

## الواجب المنزلي

اكتب في دفترك الخاص ٢٥ جملة تستعمل فيها مفعولا فيه، وقم بتصحيحها. ثم انتخب منها خمس جمل، وترجمها باللغة البنغالية. ثم قدمها إلى معلمك للتصحيح.

# الدرس الثامن

## الحالُ

১. যে ইসম فعل সংঘঠিত হওয়ার সময় فاعل বা مفعول به-এর অবস্থা বর্ণনা করে, উক্ত اسم কে পরিভাষায় حال বলে। حال সাধারণত اسم مشتق ও نكره হয়। আর ذوالحال অর্থাৎ ঐ فاعل ও مفعول به যার অবস্থা বর্ণনা করা হয়, সাধারণত معرفه হয়। আলোচ্যমান নিয়মের বিপরীতে ذو الحال কখনো নাকিরাও হয়, এবং حال কখনো মা'রিফাও হয়।

তদ্রূপ حال কখনো اسم جامدও হয়। حال ইসমে জামেদ হওয়ার উদাহরণ হলো هَجَمَ الـمُجَاهِدُ على الإِرْهَابِيِّيْنَ أَسَدًا. অর্থ, মুজাহিদ সন্ত্রাসীদের উপর সিংহের মত আক্রমণ করেছেন। أَخَذَ حُرَّاسُ الْأَمْنِ الأَسْلِحَةَ يَدًا بِيَدٍ. অর্থ, নিরাপত্তারক্ষীগণ হাতে হাতে অস্ত্র নিয়েছেন।

২. প্রথম খণ্ডে পড়েছ- خبر কখনো مفرد, কখনো جملة, আবার কখনো شبه الجملة হয়। خبر-এর মতো حالও কখনো مفرد, কখনো جملة, আবার কখনো شبه الجملة হয়।

حال মুফরাদ হওয়ার উদাহরণ হলো- عاد الأصدقاءُ إلى المدرسة مَسْرُوْرِيْنَ অর্থ, বন্ধুরা আনন্দিত অবস্থায় মাদরাসায় ফিরে এল।

حال জুমলা হওয়ার উদাহরণ হলো- بقي التلاميذُ فِي الفصل الدِّرَاسِيِّ يَسمعون إلى شَرْحِ المعلم. অর্থ, শিক্ষার্থীরা শ্রেণীকক্ষে শিক্ষকের ব্যাখ্যা মনোযোগ দিয়ে শুনতে থেকেছে।

আর شبه الجملة হওয়ার উদাহরণ হলো- قرأتُ الكتابَ واضِعًا على الطَّاوِلَةِ অর্থ, আমি টেবিলে রেখে বইটি পড়েছি।

৩. حال জুমলা হলে حال ও ذوالحال-এর মধ্যখানে কোনো رابطه বা সংযোগ বিদ্যমান থাকা জরুরি। উক্ত 'সংযোগ' কখনো শুধু واو হয়। যেমন مات أبوه وهو صغير.

'সংযোগ' কখনো শুধু ضمير হয়। যেমন- أتكلم مع الناس أَبْتَسِمُ. অর্থ, আমি মানুষের সঙ্গে মুচকি হেসে কথা বলি।

'সংযোগ' কখনো আবার واو ও ضمير উভয়টি হয়। যেমন- بدأنا نَجْتَهِدُ ونحن مُتَفَائِلُوْنَ. অর্থ, আমরা আশাবাদী হয়ে চেষ্টা করা শুরু করেছি।

৪. حال যখন جملة فعليه হয়, আর فعل টি مضارع مثبت হয়, তখন 'সংযোগ' শুধু ضمير হয়; যেমনটি তোমরা أتكلم مع الناس أَبْتَسِمُ উদাহরণে দেখেছ।

পক্ষান্তরে فعلটি যখন ماضي مثبت হয়, তখন واوসহ قد বৃদ্ধি করা হয়। যেমন- أَعْطَيْتُ أخي قَلَماً وقد بَرَّزَ في الامتحان. অর্থ 'আমি আমার ভাইকে একটি কলম দিয়েছি, সে পরীক্ষায় প্রথম হয়েছে।' তবে এ জাতীয় ক্ষেত্রে কখনো শুধু قد উল্লেখ করা হয়।

আর فعل যখন ماضي منفي হয়, 'সংযোগ' তখন শুধু واو হয়। ماضي منفي অবস্থায় قد বৃদ্ধি করা শুদ্ধ নয়। যেমন- وصلت إلى المدرسة وما دُقَّ الجَرَسُ. অর্থ, আমি মাদরাসায় পৌঁছেছি, তখন ঘণ্টা বাজেনি।

৫. উল্লেখ্য, حال যখন مفرد হয়, তখন واحد – تثنيه – جمع এবং تذكير ও تانيث-এর ক্ষেত্রে حال তার ذو الحال-এর অনুরূপ হয়। তদ্রূপ حال যখন جملة হয়, আর 'সংযোগ' হয় ضمير, তখনও حال ও ذو الحال-এর মধ্যে উপরিউক্ত ক্ষেত্রগুলোতে মিল থাকা জরুরি।

**শব্দার্থগুলো মুখস্থ করো-**

## معاني المفردات

| | |
|---|---|
| مُغْبَرُّ الوَجْهِ ধূলিময় চেহারাবিশিষ্ট | التدريب – ١ |
| رَقَّ لَهُ قَلْبِي (ض) رِقَّةً আমার হৃদয়ে তার জন্য সহানুভূতি জাগল | صُوْرَةٌ একটি চিত্র |
| دَمِعَ (س) دَمْعًا অশ্রুসিক্ত হল | مِنَ الْبُؤْسِ দুঃখের |
| أَدْرَكَ إِدْرَاكًا বুঝতে পারল | اَلْبَقَالَةُ মুদী দোকান |
| تَقَاطَرَتِ الدُّمُوعُ تَقَاطُرًا ফোঁটা ফোঁটা অশ্রু গড়িয়ে পড়ল | ثَائِرُ الرَّأْسِ এলোমেলো চুলবিশিষ্ট |

| | |
|---|---|
| اَلْـحَاكِمُ ج حُكَّامٌ শাসক | كَفَلَهُ (ن) كَفَالَةً তার দায়িত্ব নিল |
| فَاقِدُ الْـمَسَاكِنِ ঘরবাড়িহীন | تَـمَكَّنَ مِنَ الدِّرَاسَةِ تَـمَكُّنًا লেখাপড়া করতে পারল |
| مُصَابِيْـنَ بِالرَّصَاصَاتِ [তারা] গুলিবিদ্ধ অবস্থায় | اَلْعَلَمُ (ج) أَعْلَامٌ মনীষী |
| غَيْرَ مُـخْتَلِفِيْنَ [তারা] অভিন্ন অবস্থায় | ضَاعَ مَجْهُولًا অজ্ঞাত অবস্থায় নষ্ট হয়ে গেল |
| اَلْـجَبَانُ ج جُبَنَاءُ ভীরু | أُولُو الْأَمْرِ দায়িত্বশীল ব্যক্তিবর্গ |
| اَلْأُسْوَةُ আদর্শ | اِهْتَمَّ بِالْأَمْرِ বিষয়টির প্রতি গুরুত্ব দিল |
| غَيْرَ مُبَالِيْنَ بِالْـمَوْتِ মৃত্যুর পরোয়া না করে | **التدريب – ٢** |
| سِرْبٌ مِنَ الشُّبَّانِ এক ঝাঁক তরুণ | اَلتَّرْبِيَةُ পরিচর্যা করা |
| فِيْ تَرَقُّبٍ প্রত্যাশায়। | اَلْأَطْفَالُ وَالنَّاشِئُوْنَ শিশু-কিশোর |
| ضَحَّى بِالْحَيَاةِ تَضْحِيَةً জীবন বিসর্জন দিল | فِيْ مُخْتَلِفِ الْبِلَادِ বিভিন্ন দেশে |
| أَعْلَى إِعْلَاءً উঁচু রাখল | اَلْـمَحْكُوْمُ শাসিত |

## التدريب–١

ترجم باللغة البنغالية :

# صورة من البُؤْس

ذهبت أمس إلى السوق راكبا على بَاصٍ. فرأيت غلاما يخدم في بقالة، ولم يبلغ التاسعة من عمره. وجدته ثائرَ الرأس مُغْبَرَّ الوجه. فرق له قلبي، ودمعت عيناي. ولكني أدركت أنه ولد ذكي يبتسم له مستقبل منير.

فقلت له : لـماذا لا تذهب إلى المدرسة؟ فقال –وكادت الدموع تتقاطر من عينيه– : «مات أبي وأمي وأنا صغير، وليس لي أحد على وجه الأرض يكفلني». فتأسفت على حاله، فقلت في نفسي : «لو تـمكن من القراءة والكتابة لكان يوما علما كبيرا». ولكن الفقرَ تركه جاهلا.

وكذلك يضيع كثير من ذكاءنا مجهولا.

فيجب على أولي الأمر أن يهتموا بتربية ذكاء البلاد، وأن لا يتركوا أذكياءنا يضيعون.

## التدريب–٢

**ترجم باللغة العربية :**

## মুসলিম শিশু-কিশোর

বর্তমানে পৃথিবীর বিভিন্ন দেশে মুসলমানগণ শাসিত অবস্থায় দিন কাটায়। অথচ অতীতে তারা শাসক হয়ে দিন কাটাত। আফগানিস্তানে মুসলমানরা ঘর-বাড়িহীন অবস্থায় আছে। ফিলিস্তিনের শিশুরা গুলিবিদ্ধ অবস্থায় রাস্তায় রাস্তায় পড়ে থাকে। ইরাকের কিশোরেরাও অভিন্ন অবস্থায় দিন কাটায়।

তবে তারা ভীরু হয়ে বেঁচে থাকতে চায় না। বরং জিহাদ করে শহীদ হতে চায়। এটাই মুসলিম জাতির ইতিহাস। মুসলিম শিশুর আদর্শ হল মু'আজ ও মু'আওয়াজ। তাঁরা মৃত্যুর পরোয়া না করে বাতিলের বিরুদ্ধে লড়াই করেছেন।

প্রতিটি মুসলিম দেশ এমন এক ঝাঁক তরুণের প্রত্যাশায় আছে, যারা জীবন বিসর্জন দিয়ে ইসলামের পতাকা উঁচু রাখবে।

## الواجب المنـــزلي

اكتب في دفترك الخاص ٢٥ جملة تستـــعمل فيها حالا، وقم بتصحيحها. ثم انتخب منها خمس جمل، وترجمها باللغة البنغالية. ثم قدمها إلى معلمك للتصحيح.

যিনিই গড়ে উঠেছেন এবং আপন কীর্তি ও কর্মে প্রোজ্জ্বল হয়েছেন, নিজের চেষ্টা-সাধনা ও পরিশ্রমের বিরাট বিনিয়োগের মাধ্যমেই হয়েছেন। অলস, কর্মবিমুখ ও নিশ্চেষ্ট মানুষের জন্য সাধনার এই পৃথিবীতে স্থান নেই। বস্তুত ত্যাগ ও কোরবানী এবং পণ ও প্রতিজ্ঞা এমনই মহাশক্তি যে, তা যদি ব্যক্তির মাঝে জাগ্রত হয় তাহলে তাকে আকাশের উচ্চতায় পৌছে দেয়। যদি প্রতিষ্ঠান বা সম্প্রদায়ের মাঝে সৃষ্টি হয় তাহলে পৃথিবী তার শ্রেষ্ঠত্ব স্বীকার করে নিতে বাধ্য হয়। [জীবন পথের পাথেয়]

# الدرس التاسع

## التمييز

### উদাহরণ

| | |
|---|---|
| ١. نَالَتْ كُوكْس بَازَارْ مَكَانَةً خَاصَّةً بَيْنَ الْعَجَائِبِ السَّبْعِ جَمَالًا. | ১.কক্সবাজার সপ্তাশ্চর্যের মধ্যে সৌন্দর্যে একটি বিশেষ স্থান লাভ করেছে। |
| ٢. فَاقَتْ أَمْرِيكَا الْحَرْبَ الْعَالَمِيَّةَ الثَّانِيَةَ إِهْلَاكًا لِلْإِنْسَانِ. | ২. আমেরিকা মানবধ্বংসের ক্ষেত্রে দ্বিতীয় বিশ্বযুদ্ধকে ছাড়িয়ে গেছে। |
| ٣. أَهْدَيْتُ إِلَى صَدِيقِي لِتْرًا مَاءً صَافِيًا. | ৩. আমি আমার বন্ধুকে এক লিটার বিশুদ্ধ পানি উপহার দিয়েছি। |

### আলোচনা

উপরের جملةগুলো দু'বার পড়ো। একবার চিহ্নিত শব্দগুলো বাদ দিয়ে, আরেকবার শব্দগুলোকে বহাল রেখে। কোনো পার্থক্য বুঝতে পারছ কি? হ্যা, আবশ্যই পার্থক্য বুঝতে পেরেছ। তা হলো- চিহ্নিত শব্দগুলোকে বাদ দিলে جملةগুলোর অর্থে কিছুটা অস্পষ্টতা থাকে। পক্ষান্তরে শব্দগুলোকে বাহাল রেখে পড়লে অর্থে কোনো অস্পষ্টতা থাকে না।

মনে রেখো- অস্পষ্টতা দূরকারী اسمকে পরিভাষায় تــمييز বলে। تــمييزকে مُمَيِّز (بكسر الياء)ও বলা হয়। আর تــمييز যে ইসমের অস্পষ্ট দূর করে উক্ত اسمকে مُمَيَّز (بفتح الياء) বলা হয়।

উল্লেখ্য, مميز দু'প্রকার- ملفوظ ও ملحوظ

১. مميز ملفوظ ঐ مميز কে বলে, যা জুমলায় উল্লেখ থাকে। যেমন উপরিউক্ত তৃতীয় জুমলায় لِتْرًا ইসমটি।

২. تمیز ملحوظ ঐ تمیز কে বলে, যা জুমলায় বিদ্যমান থাকে না বটে। তবে স্বয়ং জুমলার অস্পষ্টতা এই দাবী করে যে, তা দূর করার জন্য تمييز উল্লেখ করা হোক। উপরিউক্ত প্রথম ও দ্বিতীয় جملہ দু'টি تمیز ملحوظ-এর উদাহরণ।

**শব্দার্থগুলো মুখস্থ করো-**

## معاني المفردات

| | | | |
|---|---|---|---|
| لَقَّبَهُ بِالْبَطَلِ تَلْقِيبًا | তাকে বীর উপাধি দিল | التدريب – ١ | |
| قَارَبَهُ زِينَةً وَنَمْنَمَةً | সৌন্দর্য ও কারুকার্যের দিক দিয়ে তার নিকটবর্তী হল | الْأَثَرُ ج آثَارٌ | পুরাতত্ত্ব, প্রাচীন নিদর্শন |
| مِنْ أَجْمَلِ المساجد | অধিক সুন্দর মসজিদগুলোর একটি | مَخْفَرُ الشُّرْطَةِ | থানা |
| نُقِشَ فِيهِ مِنَ النُّجُومِ مَا | তাতে এত তারা খোদাই করা হয়েছে যে, | قَلْبُ الْمُدِيرِيَّةِ | জেলার কেন্দ্র |
| لَا يُحْصَى عَدَدًا | তা সংখ্যায় গণনা করা যায় না | شِمَالًا وَشَرْقًا | উত্তর-পূর্বে |
| عَلَى اخْتِلَافٍ فِي الْأَقْوَالِ | মতান্তরে | مِيلَادُ الْمَسِيحِ | ঈসার জন্ম |
| الزُّجَاجِيُّ | কাঁচের | قَدِيمٌ بِنَاءً | নির্মাণের দিক থেকে পুরাতন |
| الْعِمَادُ ج أَعْمِدَةٌ، عُمُدٌ | খুঁটি, স্তম্ভ | الْقُبَّةُ ج قُبَبٌ، قِبَابٌ | গম্বুজ |
| مُثَمَّنُ الْأَضْلَاعِ | আট কোণবিশিষ্ট বাহুর | تَسَاوَاهُ تَسَاوِيًا | তার সমান হল |
| الْمَدْخَلُ | প্রবেশদ্বার | طُولًا وَعَرْضًا | দৈর্ঘে ও প্রস্থে |
| الْمُقَوَّسُ | ধনুকাকৃতির | الْمُنَمْنَمُ بِجَوَاهِرَ مُخْتَلِفَةٍ | বিভিন্ন ধরনের মনিমুক্তার কারুকার্যখচিত |
| الْمُزَوَّدُ | সজ্জিত, সমৃদ্ধি | مِنَ الْجِهَةِ الدَّاخِلِيَّةِ | ভেতরের দিক থেকে |
| السَّطْحُ ج سُطُوحٌ | ছাদ | السَّائِحُ ج سَائِحُونَ | পর্যটক |
| بَيْدَ أَنَّ / غَيْرَ أَنَّ | তবে | شَدَّ الرِّحَالَ إِلَيْهِ (ض) شَدَّةً | সেখানে সফরের জন্য প্রস্তুত হল |
| طُولًا وَمِسَاحَةً | দৈর্ঘ ও আয়তনের দিক দিয়ে | أُعْجِبَ بِهِ إِعْجَابًا | তার প্রতি মুগ্ধ হল |
| التدريب – ٢ | | بِجَمَالِهِ نَمْنَمَةً وَتَنْسِيقًا | কারুকার্য ও সজ্জার দিক দিয়ে তার সৌন্দর্যের প্রতি |
| أَخْبَارُ دَاكَا | ঢাকা সমাচার | الْتَقَطَ صُوَرًا تِذْكَارِيَّةً | স্মারক ছবি তুলল |
| أَكْثَرُ الْمُدُنِ فَرْدًا | সবচেয়ে জনবহুল নগরী | كَأَيِّنْ مِنْ . . . ! | কত . . . ! |

| | | | |
|---|---|---|---|
| المَدِيْنَةُ الضَّيِّقَةُ مِسَاحَةً | আয়তনে সংকীর্ণ শহর | أَكْثَرُ مُدُنِ العَالَمِ مَسْجِدًا | বিশ্বের সবচেয়ে মসজিদবহুল শহর |
| المَدِيْنَةُ غَيْرُ المُلَائِمَةِ جَوًّا | আবহাওয়ায় প্রতিকূল শহর | كَانَتِ المَدِيْنَةُ مُوَافِقَةً طَقْسًا | শহরের আবহাওয়া অনুকূল ছিল |
| الصَّعْبَةُ مُرُوْرًا | চলাচলে কষ্টকর | خَفِيْفَةٌ عَدَدًا | জনসংখ্যায় হালকা |
| حَيَاةُ العَامَّةِ | জনজীবন | اِزْدَادَتِ السَّيَّارَاتُ وَالعَرَبَاتُ عَدَدًا | গাড়ি-ঘোড়া সংখ্যায় বাড়ল |
| اِنْدَهَشَ اِنْدِهَاشًا | অবাক হল | تَدْرِيْجًا | ধীরে ধীরে |
| تُؤْجَرُ الشُّقَّةُ قَدَمًا مُرَبَّعَةً | বর্গফুট হিসাবে ফ্লাট ভাড়া দেয়া হয় | أُصِيْبَتْ دَاكَا بِالفَسَادِ هَوَاءً وَصَوْتًا وَمَنْظَرًا | বায়ুদূষণ, শব্দদূষণ, ও দৃশ্যদূষণে ঢাকা আক্রান্ত হল |
| يُبَاعُ المَاءُ لِتْرًا | পানি লিটার হিসাবে বিক্রি করা হয় | حَيَّرَتْنِيْ دَاكَا ثَقَافَةً | ঢাকার সংস্কৃতি আমাকে অবাক করল |
| غَالُوْنًا | গ্যালন হিসাবে | الأَجْنَبِيُّ ج أَجَانِبُ | বহিরাগত, বিদেশী |

## التدريب – ١

ترجم باللغة البنغالية :

# بعض الآثار في بنغلاديش

### مسجد باغا :

«مسجد باغا» يقع في مخفر شرطة «باغا». وهو يبعد عن قلب مُديريَّةِ «رَجْشاهي» أربعين كيلومترا شمالا وشَرْقًا. بنى المسجد السلطان نصير الدين نُصْرَةُ شَاهْ، عام ألف وخمسِ مائةٍ وثلاثةٍ وعشرين من ميلاد المسيح.

إنه مسجد قديم بناءً، وله ستون قبةً، وكل قبة تتساوى الأخرى طولا وعرضا، كما أن كل قبة منمنمة بجواهر مختلفة من الجهة الداخلية. وكل من يزوره يعجب بجماله نمنمةً وتنسيقًا، ويلتقط صورًا تذكاريةً.

وكَأَيِّنْ من مساجد في أرض بنغلاديش! حتى لقبت عاصمتها بـــ«مدينة المساجد». ولكنه مسجد أخاذ لقلوب الناس براعةً ونـــمنمة.

**مسجد تارا :**

«مسجد تارا» من أجمل مساجد «داكا»، وأكثرها نـــمنمة. إنه مسجد نقش فيه من النجوم ما لا يحصى عددا. بناه رجل يدعى «مِرْزَا غُلَامْ بِيْر» في أوائل القرن الثامن عشر أو أواخره، على اختلاف الأقوال. وقد اشتهر هذا المسجد بين الناس باسم «تارا مسجد»، لاشتماله على نجومٍ زجاجِيَّةٍ في جُدرانه كلها.

وفي جوانبه الأربعة أربعة أعمدةٍ مُثَمَّنَةُ الأضلاع. وبنـــي كلُّ مدخل من الـــمداخل الأمامية مقوَّسا. وكل قوس مزوَّد نجوما كثيرة. وعلى سطح المسجد خمس قُببٍ. بَيْدَ أن هناك قبة أكبر من جميع قبب المساجد طولا ومساحة، وهي أكثر القبب جمالا.

كم من مساجد رأيتُهَا! ولكن ما رأيت آخر مثل «مسجد تارا» بناء ونـــمنمة، وكذلك مساحة وجمالا.

## التدريب–٢

**ترجم باللغة العربية :**

### ঢাকা সমাচার

ঢাকা বাংলাদেশের রাজধানী। ঢাকা বাংলাদেশের সবচেয়ে জনবহুল নগরী এবং বিশ্বের সবচেয়ে মসজিদবহুল শহর। অতীতে এ শহরের আবহাওয়া অনুকূল ছিল, যখন শহরটি জনসংখ্যায় হালকা ছিল। কিন্তু যখন জনসংখ্যায় ভারী হয়ে গেল, সেই সাথে গাড়িঘোড়া সংখ্যায় বেড়ে গেল, তখন ধীরে ধীরে ঢাকা বায়ুদূষণ, শব্দদূষণ ও দৃশ্যদূষণে আক্রান্ত হল।

পুরাতন ঢাকার সংস্কৃতি বহিরাগতদের আবাক করে দেয়। আয়তনে সংকীর্ণ, আবহাওয়ায় প্রতিকূল ও যাতায়াতে কষ্টকর এ শহরে মানুষ কিভাবে বাস করে? বিদেশীরা আমাদের প্রিয় ঢাকার জনজীবন দেখে অবাক হয়।

আজকাল ঢাকায় বর্গফুট হিসেবে ফ্ল্যাট ভাড়া দেয়া হয় এবং বিক্রি করা হয়। এমনকি পানিও লিটার ও গ্যালন হিসেবে বিক্রি করা হয়।

## الواجب المنــــزلي

اكتب في دفترك الخاص ٢٥ جملة تستـــعمل فيها تـــمييزا، وقم بتصحيحها. ثم انتخب منها خمس جمل، وترجمها باللغة البنغالية. ثم قدمها إلى معلمك للتصحيح.

* আমি আমার সুদীর্ঘ অধ্যয়ন ও অভিজ্ঞতার উপর নির্ভর করে বলছি, কোনো শিক্ষাপ্রতিষ্ঠান এবং কোনো গ্রন্থাগার মানুষ তৈরি করে না, বরং নিজের যোগ্যতা এবং চেষ্টা-সাধনা ও মেহনত-মোজাহাদার মাধ্যমে মানুষ নিজেই গড়ে ওঠে এবং প্রতিষ্ঠা লাভ করে। আধ্যাত্মিকতার জগতে দেখুন, বড় বড় সাধক পুরুষরূপে যারা জগতব্যাপী খ্যাতি লাভ করেছেন, তাঁদের অভিভাবক ও মুরুব্বী বিশেষ কোনো অলী-বুযুর্গ ছিলেন না। পরিবার ও পরিবেশও তেমন অনুকূল ছিলো না। শুধু পিপাসা ও ব্যাকুলতা, চেতনা ও প্রেরণা এবং ত্যাগ ও সাধনা দ্বারা রূহানিয়াত ও আধ্যাত্মিকতার এতো উচ্চ মার্গে তাঁরা উপনীত হয়েছেন। কামিল অলী-বুযুর্গরূপে উম্মাহর ইতিহাসে স্মরণীয় বরণীয় হয়েছেন। আযরের ঘরে ইবরাহীম পয়দা হওয়ার অসংখ্য উদাহরণ উম্মাহর ইতিহাসে রয়েছে।
* আমাদের দ্বীনী মাদরাসার শিক্ষার্থীদের জন্য এটা খুবই আফসোসের বিষয় হবে যে, আজকের এই গতির যুগে আমরা আধুনিক জ্ঞান-বিজ্ঞানের সাধারণ পরিচয় থেকেও অজ্ঞ থেকে যাবো, যা সময়ের অপরিহার্য প্রয়োজন। সুতরাং আধুনিক জ্ঞান-বিজ্ঞানের আসরেও আমাদের অংশগ্রহণ এবং প্রয়োজনীয় জ্ঞান ও তথ্য আহরণ করা উচিত। তবে সাবধান! নিজের কাঁচা বুদ্ধি ও অপরিপক্ক চিন্তার উপর ভর করে নয়; যা কিছু করার আসাতেযা কেরামের তত্ত্বাবধানের নিরাপদ ছায়ায় থেকে করবে। [জীবন পথের পাথেয়]

# الدرس العاشرُ

## العددُ العامُّ

**উদাহরণ**

| | |
|---|---|
| أ. قرأ تلميذ واحد.<br>قرأت تلميذةٌ واحدةٌ. | একজন ছাত্র পড়েছে।<br>একজন ছাত্রী পড়েছে। |
| ب. كتب تلميذان اثنان.<br>كتبت تلميذتان اثنتان. | দু'জন ছাত্র লিখেছে।<br>দু'জন ছাত্রী লিখেছে। |
| ج. ذهب ثلاثةُ تَلاميذَ.<br>ذهبت ثلاثُ تلميذاتٍ. | তিনজন ছাত্র গিয়েছে।<br>তিনজন ছাত্রী গিয়েছে। |
| د. لعب تِسْعَةُ أبناءٍ.<br>لعبت تِسْعُ بنَاتٍ. | নয়জন ছেলে খেলেছে।<br>নয়জন মেয়ে খেলেছে। |
| هـ. ابتسم عَشَرَةُ أبناءٍ.<br>ابتسمت عَشْرُ بَنَاتٍ. | দশজন ছেলে মুচকি হেসেছে।<br>দশজন মেয়ে মুচকি হেসেছে। |
| و. تَأَلَّقَ أَحَدَ عَشَرَ نَجْمًا.<br>تفتحَتْ إِحْدٰى عَشْرَةَ زَهْرَةً. | এগারটি নক্ষত্র উদ্ভাসিত হয়েছে।<br>এগারটি ফুল ফুটেছে। |
| ز. تَلَمَّعَ اثنا عَشَرَ مصباحًا.<br>جاءت اثْنَتَا عَشْرَةَ امرأةً. | বারটি বাতি ঝলমল করেছে।<br>বারজন মহিলা এসেছে। |
| ح. درسْتُ ثَلَاثَةَ عَشَرَ كتابا.<br>تَصَدَّقْتُ على ثَلَاثَةَ عَشْرَةَ يَتيمةً. | আমি তেরটি বই পড়েছি।<br>আমি তেরজন অনাথ মেয়েকে দান করেছি। |

| | |
|---|---|
| ط. أراد السيدُ بتِسْعَةَ عَشَرَ رجلا الخيرَ.<br>أراد السيدُ بتِسْعَ عَشْرَةَ امرأةً الخيرَ. | নেতা উনিশজন পুরুষের শুভকামনা করেছেন।<br>নেতা উনিশজন মহিলার শুভকামনা করেছেন। |
| ي. قاتل مجاهد عِشْرِينَ إِرْهَابِيًّا.<br>أُسِرَتْ عشرون مُجْرِمَةً. | একজন মুজাহিদ বিশজন সন্ত্রাসীর সাথে লড়েছেন।<br>বিশজন অপরাধীনীকে আটক করা হয়েছে। |
| ك. صلى الفجرَ اليومَ مِأَةُ رجلٍ في هذا المسجد.<br>صَلَّتْ الفجر اليوم في هذا الحَيِّ مِأَةُ امرأةٍ. | আজ এ মসজিদে একশজন পুরুষ ফজরের নামায পড়েছেন।<br>আজ এ মহল্লায় একশজন মহিলা ফজরের নামায পড়েছেন। |
| ل. تصدق السَّخِيُّ على الفقيرِ أَلْفَ تَاكَا.<br>أطعم الكريمُ أَلْفَ امرأةٍ فقيرةٍ. | দানশীল লোকটি অভাবীকে এক হাজার টাকা দান করলেন। দানশীল লোকটি একহাজার দরিদ্র মহিলকে আহার করালেন। |

## আলোচনা

* نكره মুফরাদ শব্দে এমনিতেই 'একটি' অর্থটি থাকে। তাই সংখ্যা যে এক, তা বোঝানোর জন্য نكره মুফরাদ শব্দের সঙ্গে ভিন্ন করে واحد বা واحدة যোগ করার দরকার হয় না। তদ্রূপ نكره তাছনিয়া শব্দে 'দু'টি' অর্থটি এমনিতেই থাকে। তাই সংখ্যা যে দুই, তা বোঝানোর জন্য تثنيه শব্দের সঙ্গে আলাদা করে اثنان বা اثنتان যুক্ত করার প্রয়োজন হয় না। আমরা যে উদাহরণমালায় أ ও ب ভাগ দু'টিতে واحد ও واحدة এবং اثنان ও اثنتان যোগ করেছি, তা কেবলই তোমাদেরকে এ কথা বোঝানোর জন্য যে, তাকীদের প্রয়োজনে কখনো যদি এক ও দুই সংখ্যা উল্লেখ করা হয়, তখন উক্ত এক ও দুই সংখ্যা দু'টিও تذكير ـ تأنيث-এর ক্ষেত্রে معدود-এর অনুরূপ হবে।
* এবার তিন থেকে নয় পর্যন্ত সংখ্যাগুলোর ব্যবহার-পদ্ধতি শোনো। তিন থেকে নয় পর্যন্ত عددগুলো معدود-এর বিপরীত হয়। অর্থাৎ معدود মুযাক্কার হলে عدد মুআন্নাছ হয়। তদ্রূপ মা'দূদ مؤنث হলে 'আদদ مذكر হয়। তাছাড়া معدودগুলো جمع হয় এবং عددগুলো معدود-এর দিকে مضاف হয়। ج ও د ভাগ দু'টিতে বিষয়টি অবশ্যই লক্ষ্য করেছ।
* 'দশ' সংখ্যার বিয়ষটি একটু ভিন্ন। সংখ্যাটি দু'দিল বান্দা। অর্থাৎ সংখ্যাটি مفرد বা একাকী হলে, [অর্থাৎ শুধু عَشْرٌ বা عَشَرَةٌ হলে, أَحَدَ عَشَرَ জাতীয় দু'

সংখ্যাবিশিষ্ট না হলে] তার ব্যবহার-পদ্ধতি ৩ থেকে ৯ পর্যন্ত সংখ্যাগুলোর ন্যায়। "ه" ভাগের উদাহরণ দু'টিতে যেমনটি লক্ষ্য করেছ।

পক্ষান্তরে সংখ্যাটি যখন مركب হয়, [অর্থাৎ ১১ থেকে ১৯ পর্যন্ত,] তখন দ্বিতীয় অংশটি (عَشَرَ বা عَشْرَةَ) তায্কীর ও তা'নীছের ক্ষেত্রে معدود-এর অনুরূপ হয়। আর প্রথম অংশটি হয় ১ থেকে ৯ পর্যন্ত সংখ্যাগুলোর মত। অর্থাৎ প্রথম অংশটি যখন এক ও দুই হয়, [অর্থাৎ ১১ ও ১২ সংখ্যায়,] তখন معدود-এর অনুরূপ হয়। আর যখন ৩ - ৪ - ৫ - ৬ - ৭ - ৮ - ৯ হয়, তখন معدود -এর বিপরীত হয়।

* এগার থেকে উনিশ পর্যন্ত عددগুলোর উভয়াংশ مبني على الفتح হয়। এমনকি সংখ্যাগুলো গুণবাচক হলেও। তবে ১২ সংখ্যার প্রথমাংশটি معرب হয়। প্রথমাংশটি تثنيه -এর إعراب গ্রহণ করে। উল্লেখ্য, ১১ থেকে ১৯ পর্যন্ত عدد গুলোর معدود মুফরাদ ও منصوب হয়।

* এবার ২০ - ৩০ - ৪০ - ৫০ - ৬০ - ৭০ - ৮০ - ৯০ এ দশক عددগুলোর কথা শোনো। এই عددগুলো লিঙ্গনিরপেক্ষ। অর্থাৎ এগুলোর মধ্যে تذكير وتانيث-এর কোনো বালাই নেই। معدود মুযাক্কার ও মুআন্নাছ যেমনই হোক, عددগুলো আপনরূপে বহাল থাকে। হ্যাঁ, এগুলোর মা'দূদও مفرد ও منصوب হয়।

* ২১ থেকে ৯৯ পর্যন্ত عددগুলোর দশক সংখ্যাগুলোতে লিঙ্গ বিচারে কোনো পরিবর্তন আসে না। معدود মুযাক্কার ও মুআন্নাছ যেমনই হয়, দশক সংখ্যাগুলো সর্বাবস্থায় একরকম থাকে। তবে সেগুলোর প্রথম অংশগুলো ১ থেকে ৯ পর্যন্ত নিয়মে হয় অর্থাৎ ২১-২২, ৩১-৩২ প্রভৃতির ১, ২ সংখ্যা تذكير وتانيث -এর ক্ষেত্রে معدود -এর অনুরূপ হয়। আর ২৩-২৪, ৩৩-৩৪ প্রভৃতি সংখ্যার প্রথমাংশ تذكير وتانيث-এর ক্ষেত্রে ৩ থেকে ৯ পর্যন্ত সংখ্যাগুলোর মতো হয়।

* বাকি রইল, শতক ও সহস্রের আলোচনা। তো শতক ও সহস্র عدد সবসময় নিজ নিজ معدود -এর দিকে مضاف হয়। আর معدود মুফরাদ হয়।

স্মর্তব্য, ১১ থেকে ১৯ পর্যন্ত عددগুলোর উভয় অংশের মধ্যে "و" হয় না। পক্ষান্তরে ২১ থেকে ৯৯ পর্যন্ত عددগুলোর উভয়াংশের মধ্যে "و" হয়।[১]

## শব্দার্থগুলো মুখস্থ করো-

### معاني الـــمفردات

| | |
|---|---|
| التدريب – ١ | اَلْعَامُ ج أَعْوَامٌ বছর |
| اَلْإِرْتِقَاءُ উন্নতি | سُوْءُ النِّظَامِ দূর্নীতি |
| اِرْتِقَاءً উন্নতির বিবেচনায় | اَلْإِنْتِخَابُ নির্বাচন |
| بَعْدَ الْإِسْتِقْلَالِ بِعَقْدٍ স্বাধীনতার এক দশক পর | اَلْـــمِيْعَادُ ج مَوَاعِيْدُ প্রতিশ্রুতি |
| اِنْـــهَزَمَ اِنْـــهِزَامًا পরাজিত হল | اَلْوَزِيْرُ ج وُزَرَاءُ মন্ত্রী |
| طَعْمُ الْإِسْـتِقْلَالِ স্বাধীনতার স্বাদ | اِنْقِطَاعُ الْكَهْرَبَاءِ লোডশেডিং |
| مَا زَالَ فَرِيْسَةً শিকার হয়ে থাকল | |

১. এখানে প্রসঙ্গত বাংলা গণনার সংখ্যাবাচক শব্দগুলো উল্লেখ করা হলো। অনেককে সেগুলোর কোনো কোনোটির উচ্চারণে ভুল করতে দেখা যায়। তো তোমরা সঠিক উচ্চারণে এখন কয়েকবার পড়ে নাও। পরেও মাঝেমধ্যে পড়বে। ভুল থেকে নিরাপদ থাকবে ইনশাআল্লাহ।

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| এক | ষোল | একত্রিশ | ছেচল্লিশ | একষট্টি | ছিয়াত্তর | একানব্বই |
| দুই | সতের | বত্রিশ | সাতচল্লিশ | বাষট্টি | সাতাত্তর | বিরনব্বই |
| তিন | আঠার | তেত্রিশ | আটচল্লিশ | তেষট্টি | আটাত্তর | তিরানব্বই |
| চার | উঁনিশ | চৌত্রিশ | উনপঞ্চাশ | চৌষট্টি | উনআশি | চুরানব্বই |
| পাঁচ | বিশ/কুড়ি | পঁয়ত্রিশ | পঞ্চাশ | পঁয়ষট্টি | আশি | পঁচানব্বই |
| ছয় | একুশ | ছত্রিশ | একান্ন | ছেষট্টি | একাশি | ছিয়ানব্বই |
| সাত | বাইশ | সাঁইত্রিশ | বায়ান্ন | সাতষট্টি | বিরাশি | সাতানব্বই |
| আট | তেইশ | আটত্রিশ | তেপান্ন | আটষট্টি | তিরাশি | আটানব্বই |
| নয় | চব্বিশ | উনচল্লিশ | চুয়ান্ন | উনসত্তর | চুরাশি | নিরানব্বই |
| দশ | পঁচিশ | চল্লিশ | পঞ্চান্ন | সত্তর | পঁচাশি | একশ' |
| এগার | ছাব্বিশ | একচল্লিশ | ছাপ্পান্ন | একাত্তর | ছিয়াশি | দু শ' |
| বার | সাতাশ | বিয়াল্লিশ | সাতান্ন | বাহাত্তর | সাতাশি | হাজার |
| তের | আটাশ | তেতাল্লিশ | আটান্ন | তিয়াত্তর | অষ্টআশি | দু হাজার |
| চৌদ্দ | উনত্রিশ | চুয়াল্লিশ | উনষাট | চুয়াত্তর | উননব্বই | |
| পনের | ত্রিশ/তিরিশ | পঁয়তাল্লিশ | ষাট | পঁচাত্তর | নব্বই | |

| | | | |
|---|---|---|---|
| الجريح ج جرحى | আহত | إذ أن | কারণ |
| فاقد الأقارب | স্বজনহারা | المعظم | অধিকাংশ |
| حتى مضت | এমনকি কেটে গেল | الزعيم ج زعماء | নেতা |
| جف جرح القلب | হৃদয়ের ক্ষত শুকাল | في المستقبل القريب | নিকট ভবিষ্যতে |
| اطمأن قليلا | সে কিছুটা শান্ত হল | التدريب – ٢ | |
| المظلوم | নিপীড়িত | الحرب العالمية | বিশ্বযুদ্ধ |
| كيف يصبرون على الراحة؟ | কিভাবে শান্তি সহ্য করবে? | ١٩١٣ من الميلاد | ১৯১৩ ঈসায়ী |
| أعلن الحرب | যুদ্ধের ডাক দিল | في خوف من . . . | . . . র আতঙ্কে আছে |
| حرب ١٤ (أربعة عشر) | চৌদ্দের যুদ্ধ। | في ٢٨ – ٦ – ١٩١٤ من الميلاد | ২৮ - ৬ - ১৯১৪ ঈসায়ীতে |
| استمرت الحرب ست سنوات وخمسة أشهر | যুদ্ধ ছয় বছর পাঁচ মাস চলল | الحرب المرة | তিক্ত যুদ্ধ |
| يابان | জাপান | لا رجل واحد، ولا رجلان اثنان، بل . . . | একজন মানুষ নয়, দু'জন মানুষ নয়, বরং . . . |
| هيروشيما | হিরোশিমা | استمرت الحرب سنتين اثنتين | যুদ্ধ দু'বছর চলল |
| ناغازاكي | নাগাসাকি | أخيرا / ثم | অবশেষে |
| | | بعد ١٩٠٥ من الميلاد بتسع سنوات | ১৯০৫ঈসায়ীর ৯ বছর পর |

দয়া ও করুণা প্রার্থনা করে পৃথিবীর বুকে টিকে থাকা সম্ভব নয়। তাই আমাদেরকে পূর্ণ যোগ্যতা অর্জন করতে হবে। কেননা পৃথিবী শুধু যোগ্য মানুষকেই কদর করে।

[জীবন পথের পাথেয়]

# التدريب – ١

**ترجم باللغة البنغالية :**

## أين بنغلاديش ارتقاءً بعد الاستقلال بأربعةِ عقود؟

بنغلاديش وطن أمنا. لها شأن عظيم في قلوبنا. نالت الاستقلال بعد سنة واحدة من سنة ١٩٧٠م، وقبل سنتين اثنتين من عام ١٩٧٣م. فانــهزمت باكستان قبل ثلاث سنوات من عام ١٩٧٤م. ولكننا نحن البنغلاديشيين لَمَّا نَذُقْ طعم الاستقلال، بعد ثمانية أعوام من سنة ٢٠٠١م. فما زلنا فرائسَ سوء النظام، من بعد عَشْر سنوات من سنة ١٩٦١م.

قد وقع أحد عشر انتخابا إلا اثنين[١] بعد الاستقلال. وما زلنا نسمع الـــمواعيد عند كل انتخاب، حتى قال وزير : «إنه ستنجو بنغلاديش من انقطاع الكهرباء، بعد اثني عشرة سنة من عام ٢٠٠٠م». فعلينا أن ننتظر إلى أربعة عشرَ عاما إلا أحد عشَر عاما.[٢] ولكننا في يقين أنه لا تنجو بنغلاديش من انقطاع الكهرباء، ولو انتظرناه عشرين سنة أو ثلاثين عاما. إذ أن معظم زعماء بنغلاديش في سوء النظام. فلم نذق طعم الاستقلال بعد ثمانية وثلاثين عاما، فكيف نذوقه بعد اثنتين وعشرين سنة إلا عشر سنوات من عام ٢٠٠٠م.

غيرَ أننا في دعاء إلى الله لأن يهدي زعماء المسلمين في المستقبل القريب، دون أن يتأخر الأمر مأة سنة أو ألف عام.

---

١. كُتِبَ هذا في ٢٠ / ١ / ٢٠٠٩م.

٢. سَبَقَ أن الـــمقال كُتب في ٢٠٠٩م.

# التدريب–٢

ترجم باللغة العربية :

## প্রথম ও দ্বিতীয় বিশ্বযুদ্ধ

সময়টি ছিল ১৯১৩ ঈসায়ী সন। পৃথিবী একটা যুদ্ধের আতঙ্কে আছে। এক বছর পরেই [২৮ - ৬ - ১৯১৪ঈ. তে] তিক্ত যুদ্ধ এল। মানুষ মানুষকে হত্যা করল। একজন মানুষ নয়, দুই জন মানুষ নয়, বরং অগণিত মানুষ নিহত হল। যুদ্ধ দুই বছর চলল। তিন বছর চলল। অবশেষে চার বছর পূর্ণ করল। অর্থাৎ ১৯০৫ ঈসায়ীর নয় বছর পর তা শুরু হয়েছিল। আর শেষ হয়েছিল ১৯০৮ ঈসায়ীর দশ বছর পর [১১ - ১১ - ১৯১৮ঈ. তে]। যুদ্ধ শেষ হল। কিন্তু আহত ও স্বজনহারাদের কান্না শেষ হল না। দশ বছর কেটে গেল। বার বছর কেটে গেল। এমনকি পনের বছর কেটে গেল। কিন্তু বঞ্চিত মানুষের হৃদয়ের ক্ষত আর শুকাল না।

১৯১৮ ঈসায়ীর বিশ বছর পরে মানুষ কিছুটা শান্ত হল। নিপীড়িতদের হৃদয়ের ক্ষত কিছুটা শুকাল। কিন্তু জালিমরা মানুষের এই শান্তি সহ্য করতে পারল না। তারা তো মানুষের একদিনের শান্তিও সহ্য করতে পারে না। তাহলে কি করে বিশ বছরের শান্তি সহ্য করবে?

তারা আবার ১৯০০ ঈসায়ীর উনচল্লিশ বছর পর যুদ্ধের ডাক দিল। এ যুদ্ধে চৌদ্দের যুদ্ধের চেয়ে বেশী লোক নিহত হল। কারণ চৌদ্দের যুদ্ধ চলেছিল চার বছর। আর এটি চলেছে ছয় বছর পাঁচ মাস। অর্থাৎ ১৯৩০ ঈসায়ীর নয় বছর পরে শুরু হয় [১৫ - ৩ - ১৯৩৯ঈ.]। আর শেষ হয় ১৯৪০ ঈসায়ীর পাঁচ বছর পরে [০২ - ৯ - ১৯৪৫ঈ.]।

মানুষ একশ বছর পরও চৌদ্দের যুদ্ধের কথা ভুলেনি। উনিচল্লিশের যুদ্ধের কথা হাজার বছর পরও ভুলবে না। কারণ তখন আমেরিকা জাপানের হিরোশিমা ও নাগাসাকিকে পুড়িয়ে শেষ করেছে।

## الواجب المنـــزلي

أ. اكتب في دفترك الخاص ١٥ (خـــمس عشرة) جـــملة تستـــعمل فيها الأعداد من ٣ (الثلاثة) إلى ١٠ (العشرة)، وقم بتصحيحها. ثم انتخب منها خمس جمل، وترجمها باللغة البنغالية. ثم قدمها إلى معلمك للتصحيح.

ب. اكتب في دفترك الخاص ١٥ جملة تستعمل فيها الأعداد من ١١ (أحد عشر) إلى ١٩ (تسعة عشر)، وقم بتصحيحها. ثم انتخب منها خمس جمل، وترجمها باللغة البنغالية. ثم قدمها إلى معلمك للتصحيح.

ج. اكتب في دفترك الخاص ١٥ جملة تستعمل فيها أعداد العقود، أعني ٢٠، ٣٠، ٤٠، ٥٠، ٦٠، ٧٠، ٨٠، ٩٠، وقم بتصحيحها. ثم انتخب منها خمس جمل، وترجمها باللغة البنغالية. ثم قدمها إلى معلمك للتصحيح.

د. اكتب في دفترك الخاص ١٥ جملة تستعمل فيها العددين الأولين بعد كل عقد، أعني ٢١، ٢٢، ٣١، ٣٢، ٤١، ٤٢، ٥١، ٥٢، ٦١، ٦٢، ٧١، ٧٢، ٨١، ٨٢، ٩١، ٩٢، وقم بتصحيحها. ثم انتخب منها خمس جمل، وترجمها باللغة البنغالية. ثم قدمها إلى معلمك للتصحيح.

هـ. اكتب في دفترك الخاص ١٥ جملة تستعمل أعدادا من ٢٣ إلى ٢٩، أو من ٣٣ إلى ٣٩، أو من ٤٣ إلى ٤٩، أو من ٥٣ إلى ٥٩، أو من ٦٣ إلى ٦٩، أو من ٧٣ إلى ٧٩، أو من ٨٣ إلى ٨٩، أو من ٩٣ إلى ٩٩، وقم بتصحيحها. ثم انتخب منها خمس جمل، وترجمها باللغة البنغالية. ثم قدمها إلى معلمك للتصحيح.

و. اكتب في دفترك الخاص ١٥ جملة تستعمل فيها أعداد المأة أو الألف، وقم بتصحيحها. ثم انتخب منها خمس جمل، وترجمها باللغة البنغالية. ثم قدمها إلى معلمك للتصحيح.

# الدرسُ الحاديَ عَشَرَ

## العَدَدُ الْوَصْفِيُّ

**উদাহরণ**

| | |
|---|---|
| أ. التلميذُ الأَوَّلُ<br>التلميذةُ الأُوْلٰى | প্রথম ছাত্র<br>প্রথম ছাত্রী |
| ب. التِّلْمِيْذُ العاشِرُ<br>التِّلمِيذَةُ العاشِرَةُ | দশম ছাত্র<br>দশম ছাত্রী |
| ج. التِّلميذُ الْحَادِيَ عَشَرَ<br>التِّلميذةُ الْحَادِيَةَ عَشْرَةَ | ১১নং ছাত্র<br>১১নং ছাত্রী |
| د. التلميذُ التاسِعَ عَشَرَ<br>التلميذةُ التَّاسِعَةَ عَشْرَةَ | ১৩নং ছাত্র<br>১৩নং ছাত্রী |
| هـ. التلميذُ الِعشْرُوْنَ<br>التلميذَةُ الِعشْرُوْنَ | ২০নং ছাত্র<br>২০নং ছাত্রী |
| و. عند التِّلْمِيْذِ الْعِشْرِيْنَ<br>عند التِّلْمِيْذَةِ الْعِشْرِيْنَ | ২০নং ছাত্রের নিকট<br>২০নং ছাত্রীর নিকট |
| ز. التلميذُ الْمِأَةُ<br>التلميذَةُ الْمِأَةُ | ১০০নং ছাত্র<br>১০০নং ছাত্রী |
| ح. التلميذُ الْمِأَتَانِ<br>التِّلْمِيْذَةُ الْمِأَتَانِ | ২০০নং ছাত্র<br>২০০নং ছাত্রী |
| ط. عندَ التِّلْمِيْذِ الْمِأَتَيْنِ<br>عند التِّلْمِيْذَةِ الْمِأَتَيْنِ | ২০০নং ছাত্রের নিকট<br>২০০নং ছাত্রীর নিকট |

| | |
|---|---|
| ي. التلميذُ الْأَلْفُ<br>التلميذَةُ الْأَلْفُ | ১০০০নং ছাত্র<br>১০০০নং ছাত্রী |
| ك. التلميذُ الْأَلْفَانِ<br>التلميذَةُ الْأَلْفَانِ | ২০০০নং ছাত্র<br>২০০০নং ছাত্রী |
| ل. عند التلميذِ الْأَلْفَيْنِ<br>عند التلميذَةِ الْأَلْفَيْنِ | ২০০০নং ছাত্রের নিকট<br>২০০০নং ছাত্রীর নিকট |

## আলোচনা

পূর্বের দরসে العددُ العامُّ তথা সাধারণ সংখ্যার আলোচনা ছিল। আর বর্তমান দরসে العددُ الوَصْفِيُّ বা গুণবাচক সংখ্যার আলোচনা হবে। অর্থাৎ যেসকল عدد সেগুলোর معدود-এর ক্রমধারা বর্ণনা করে, বর্তমান পাঠে সেসকল عدد-এর ব্যবহার-পদ্ধতি জানবে। সেগুলোর অনুশীলন করবে। তবে সুখের কথা হলো, এই দরসটি অত্যন্ত সহজ।

العدد الوصفيগুলো যেহেতু সেগুলোর معدود-এর ছিফাত, তাই موصوف ও صفة -এর নিয়মানুসারে تذكير ও تأنيث -এর ক্ষেত্রে الأعدادُ الوَصْفِيَّةُ সেগুলোর معدود -এর অনুরূপ হয়।

কিন্তু বিশ থেকে নব্বই পর্যন্ত দশকের সংখ্যাগুলো এবং শতক ও সহস্র সংখ্যা দু'টি সর্বাবস্থায় অভিন্ন থাকে। অর্থাৎ معدود মুযাক্কার ও مؤنث যেমনই হয়, এই عددগুলোর রূপ অপরিবর্তিত থাকে। যেমনটি তোমরা উদাহরণমালায় "هـ" থেকে শেষ পর্যন্ত ভাগগুলোতে লক্ষ্য করেছ।

উল্লেখ্য, عشرون থেকে تسعون পর্যন্ত দশকের এই সংখ্যাগুলো جمع مذكر سالم -এর إعراب গ্রহণ করে। আরেকটি কথা হলো, ১১ থেকে ১৯ পর্যন্ত عددগুলোর উভয়াংশ مبني على الفتح হয়। কথাটা العدد العام ও العدد الوصفي উভয় ক্ষেত্রে সমানভাবে প্রযোজ্য।[১]

১. বাংলা গণনার পূরণবাচক শব্দগুলো উচ্চারণের দু'টি পদ্ধতি আছে। প্রথম পদ্ধতি হলো, সংখ্যার পর 'নং' উচ্চারণ করা। যেমন ১নং, ২নং, ৩নং। দ্বিতীয় পদ্ধতি হলো, প্রথম [১ম], দ্বিতীয় [২য়], তৃতীয় [৩য়] ইত্যাদি বলা। =

## শব্দার্থগুলো মুখস্থ করো-

### معاني المفردات

| التدريب – ١ | |
|---|---|
| الصَّوْمُ ج صِيَامٌ রোজা | أَفْطَرَ إِفْطَارًا পানাহার করল |
| فَاتَهُ الشَّيْءُ (ن) فَوْتًا বস্তুটি তার হাতছাড়া হল | مِنَ الْخَيْرِ أَنَّ ... কল্যাণের বিষয় যে ... |
| فِي وَدَاعٍ বিদায়ের পথে | بِصِفَةٍ عَامَّةٍ সাধারণভাবে |
| هَنَّأَهُ تَهْنِئَةً তাকে অভিনন্দন জানাল | دَارَ (ن) دَوْرًا ঘুরল |
| | خَاصَّةً বিশেষভাবে |

= আমরা দ্বিতীয় পদ্ধতিটিকে প্রথম দশকে পছন্দ করলেও, পরবর্তী সংখ্যাগুলোতে প্রথম পদ্ধতিকেই পছন্দ করি। কারণ দ্বিতীয় পদ্ধতি প্রথম ও দ্বিতীয় দশকে মোটামুটি প্রচলিত হলেও, এর পর তার প্রচলন কার্যত মোটেই নেই। তা সত্ত্বেও শুধু জানানোর উদ্দেশ্যে দ্বিতীয় পদ্ধতির তালিকাটা এখানে উল্লেখ করা হলো। যেন কোনো 'পণ্ডিত মহাশয়ে'র লেখায় যদি এগুলোর ব্যবহার চোখে পড়ে, সম্পূর্ণ অপরিচিত না মনে হয়।

| | | | | | |
|---|---|---|---|---|---|
| প্রথম | একবিংশ | একচত্বারিংশ | একষষ্টিতম | আশীতিতম | শততম |
| দ্বিতীয় | দ্বাবিংশ | দ্বিচত্বারিংশ | দ্বিষষ্টিতম | একাশীতিতম | দ্বিশততম |
| তৃতীয় | ত্রয়োবিংশ | ত্রিশচত্বারিংশ | ত্রিষষ্টিতম | দ্ব্যশীতিতম | সহস্রতম |
| চতুর্থ | চতুর্বিংশ | চতুশ্চত্বারিংশ | চতুঃষষ্টিতম | ত্র্যশীতিতম | দ্বিসহস্রতম |
| পঞ্চম | পঞ্চবিংশ | পঞ্চচত্বরিংশ | পঞ্চষষ্টিতম | চতুরশীতিতম | |
| ষষ্ঠ | ষড়বিংশ | ষট্চত্বারিংশ | ষট্ষষ্টিতম | পঞ্চাশীতিতম | |
| সপ্তম | সপ্তবিংশ | সপ্তচত্বারিংশ | সপ্তষষ্টিতম | ষড়শীতিতম | |
| অষ্টম | অষ্টাবিংশ | অষ্টাচত্বারিংশ | অষ্টাষষ্টিতম | সপ্তাশীতিতম | |
| নবম | ঊনত্রিংশ | ঊনপঞ্চাশত্তম | ঊনসপ্ততিতম | অষ্টাশীতিতম | |
| দশম | ত্রিংশ | পঞ্চাশত্তম | সপ্ততিতম | ঊননবতিতম | |
| একাদশ | একত্রিংশ | এক পঞ্চাশত্তম | একসপ্ততিতম | নবতিতম | |
| দ্বাদশ | দ্বাত্রিংশ | দ্বিপঞ্চাশত্তম | দ্বিসপ্ততিতম | একনবতিতম | |
| ত্রয়োদশ | ত্রয়স্ত্রিংশ | ত্রিপঞ্চাশত্তম | ত্রিসপ্ততিতম | দ্বিনবতিতম | |
| চতুর্দশ | চতুস্ত্রিংশ | চতুঃ পঞ্চাশত্তম | চতুঃসপ্ততিতম | ত্রিনবতিতম | |
| পঞ্চদশ | পঞ্চত্রিংশ | পঞ্চ পঞ্চাশত্তম | পঞ্চসপ্ততিতম | চতুর্নবতিতম | |
| ষোড়শ | ষট্ত্রিংশ | ষট্ পঞ্চাশত্তম | ষট্সপ্ততিতম | পঞ্চনবতিতম | |
| সপ্তদশ | সপ্তত্রিংশ | সপ্ত পঞ্চাশত্তম | সপ্তসপ্ততিতম | ষণ্ণবতিতম | |
| অষ্টাদশ | অষ্টাত্রিংশ | অষ্টাপঞ্চাশত্তম | অষ্টাসপ্ততিতম | সপ্তনবতিতম | |
| ঊনবিংশ | ঊনচত্বারিংশ | ঊনষষ্টিতম | ঊনাশীতিতম | অষ্টানবতিতম | |
| বিংশ | চত্বারিংশ | ষষ্টিতম | | নবনবতিতম | |

| | |
|---|---|
| উল্লেখ্য যে, الْجَدِيرُ بِالذِّكْرِ أَنَّ ... | সারিয়ায়ে হামযা سَرِيَّةُ حَمْزَةَ |
| মহল্লা الْحَيُّ ج أَحْيَاءٌ | নামক الْـمُسَمَّى بِـ، الْـمُسَمَّاةُ بِـ |
| التدريب —٢ | ৫টি যুদ্ধ করল حَارَبَ خَمْسَةَ حُرُوبٍ |
| রণাঙ্গন الْـمَعْرَكَةُ ج مَعَارِكُ | একাদশ বছরে فِي السَّنَةِ الْحَادِيَةَ عَشَرَ |
| মহানবী النَّبِـيُّ الْأَعْظَمُ | ইতোমধ্যে فِي غُضُونِ ذٰلِكَ |
| হিজরতের ১ম বছর فِي السَّنَةِ الْأُولَى مِنَ الْـهِجْرَةِ | ইন্তিকাল করলেন اِنْتَقَلَ إِلَى رَحْمَةِ اللهِ |

## التدريب —١

**ترجم باللغة البنغالية :**

# شهر رمضان

كل مسلم يعلم الركن الثالث من أركان الإسلام، فكل مأمور بالصوم. وشهر رمضانَ عَشْرُه الأول رحمة، وعَشْرُه الثاني مغفرة، وعشره الثالث عتق من النار.

إن شهر رمضان يمضي بسرعة. نصوم الأولَ والثاني والثالث، ونقول : «قد مضت ثلاثة صيام». ونصوم الرابع والخامس والسادس، ونقول : «قد مضت ستة صيام». وهكذا يمضي السابع والثامن والتاسع والعاشر، وهنا نقول : «قد فاتنا جزء الرحمة».

ثم يجيء إلينا جزء المغفرة. فنصوم الحاديَ عشر والثانيْ عشر، ونقول : «قد فاتنا يومان من المغفرة». فيأتينا اليوم الثالث عشر واليوم الرابع عشر واليوم الخامس عشر واليوم السادس عشر، فنقول : «أيام المغفرة في وَداع».

ثم نُــهنئ أيام النجاة من النار بعد اليوم العشرين. فنصوم الحادي العشرين والثاني والعشرون والثالث والعشرين. وهكذا نبلغ التاسع والعشرين. ثم يأتــي يوم الشك، وهو اليوم الثلاثون، فنتردد في الثلاثين : أنصوم فيه أم نُفطر؟

ومن الخير أن في الجزء الأخير ليلةً مباركة، وهي ليلة القدر التي هي خير من ألف شهر. يظن الناس بصفةٍ عامة أنها الليلة السابعةُ والعشرونَ. ولكن الحق أن ليلة القدر تَدور، فلا تكون في كل سنة في ليلة واحدة خاصة.

والجدير بالذكر أن المسلمين يعتكفون في مساجد أحيائهم من الليلة الحاديةِ والعشرينَ إلى رؤية هلال العيد.

## التدريب – ٢

ترجم باللغة العربية :

## রণাঙ্গনে মহানবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম

* মহানবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম হিজরতের প্রথম বছরে ‘সারিয়ায়ে হামযা’ ও ‘সারিয়ায়ে উবায়দা’ নামক দু'টি সারিয়া প্রেরণ করেন।
* হিজরতের দ্বিতীয় বছরে তিনি ৫টি যুদ্ধ করেন ও ৩টি সারিয়া প্রেরণ করেন।
* হিজরতের তৃতীয় বছরে ৩টি যুদ্ধ করেন এবং দু'টি সারিয়া প্রেরণ করেন।
* চতুর্থ বছরে দু'টি যুদ্ধ করেন এবং ৪টি সারিয়া প্রেরণ করেন
* পঞ্চম বছরে ৪টি যুদ্ধ করেন। এ বছর কোথাও কোনো সারিয়া প্রেরণ করেন নি।
* ষষ্ঠ বছরে ৩টি যুদ্ধ করেন এবং ১১টি সারিয়া প্রেরণ করেন।
* সপ্তম বছরে ১টি যুদ্ধ করেন এবং ৫টি সারিয়া প্রেরণ করেন।
* অষ্টম বছরে ৪টি যুদ্ধ করেন এবং ১০টি সারিয়া প্রেরণ করেন।
* নবম বছরে ১টি যুদ্ধ করেন এবং ৩টি সারিয়া প্রেরণ করেন
* দশম বছরে কোনো যুদ্ধ করেন নি। এ বছর দু'টি সারিয়া প্রেরণ করেন

* একাদশ বছরেও কোনো যুদ্ধ করেন নি। এ বছর একটি সারিয়াকে বের হওয়ার আদেশ করেছেন। ইতোমধ্যে তিনি ইন্তেকাল করেন। ফলে সারিয়াটি তাঁর ইন্তেকালের পর বের হয়।
এভাবে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম শান্তি প্রতিষ্ঠার জন্য তাঁর জীবনে ২৩টি যুদ্ধ করেন এবং ৪৩টি সারিয়া প্রেরণ করেন।

## الواجب المنـــزلي

أ. اكتب في دفترك الخاص ١٥ جملة تستـــعمل فيها الأعداد الوصفية للعُقُود، أعني ٢٠، ٣٠، ٤٠، ٥٠، ٦٠، ٧٠، ٨٠، ٩٠، وقم بتصحيحها. ثم انتخب منها خمس جمل، وترجمها باللغة البنغالية. ثم قدمها إلى معلمك للتصحيح.

ب. اكتب في دفترك الخاص ١٥ جملة تستـــعمل فيها الأعداد الوصفية لـــما سوى العقود. وقم بتصحيحها. ثم انتخب منها خمس جمل، وترجمها باللغة البنغالية. ثم قدمها إلى معلمك للتصحيح.

* বর্তমানকে যারা যাপন করে ভবিষ্যতকে স্মরণ রেখে, জীবনের সফলতা শুধু তাদের জন্য। বর্তমান চিরকালের জন্য নয়, কিছু সময়ের জন্য। ভবিষ্যৎ অনেক দীর্ঘ। আবার ভবিষ্যতের রয়েছে ভবিষ্যৎ এবং তা অনন্ত। তোমার যৌবনের প্রতিটি দিনের হিসাব চাইবে তোমার আগামী বার্ধক্য। বার্ধক্যকেও হিসাব দিতে হবে মৃত্যুর কাছে। তোমার বাবার তুমি কেমন সন্তান, তা একদিন বুঝিয়ে বলতে হবে তোমাকে তোমার সন্তানের কাছে। বর্তমানের তরঙ্গদোলায় দোল খেয়ে খেয়ে যাদের সকাল-সন্ধ্যা হারিয়ে যায়, তাদের জীবনে নেমে আসে অনেক দুর্গতি।
* সাধারণত ভালো লেখাপড়াকে যোগ্যতা অর্জনের ভিত্তি মনে করা হয়। উন্নত পড়াশোনা যোগ্যতা অর্জনের অন্যতম একটি ভিত্তি ঠিকই। তবে এর স্থান অনেক পরে। যোগ্যতা অর্জনের তরতীব হলো- চিন্তা, চরিত্র, ইবাদত ও লেখাপড়া। সঠিক চিন্তা, সঠিক চরিত্র, সঠিক আমল ও সঠিক লেখাপড়া এই শর্তগুলো যদি যথাযথভাবে পুরা করা যায়, তাহলে এমন যোগ্যতা অর্জন হবে, যার পর কর্মক্ষেত্রের কোনো অভাব হবে না। [মাওলানা আবু তাহের মিছবাহ]

# الدرسُ الثَّانِيْ عَشَرَ

## عَدَدُ السِّنِيْنَ

**উদাহরণ**

ا. تُوُفِّيَ الإمامُ الحكيمُ الشاه وليُّ اللهِ الدِّهْلَوِيُّ رحِمَهُ الله عَامَ سِتَّةٍ و سَبْعِيْنَ ومِأَةٍ وأَلْفٍ الْهِجْرِيِّ.

ক. দার্শনিক ইমাম শাহ ওয়ালিউল্লাহ দেহলভী রহ. ১১৭৬ হিজরীতে ইন্তিকাল করেন।

ب. أُسِّسَتْ أُمُّ الْمَدَارِسِ الْأَهْلِيَّةِ دارُ العلوم ديوبند سنةَ ثلاثٍ وثمانين ومأتين وألفٍ الْهِجْرِيَّةِ.

খ. বেসরকারী মাদরাসা-জননী দারুল উলুম দেওবন্দ ১২৮৩ হিজরীতে প্রতিষ্ঠা করা হয়।

ج. تُوُفِّيَ الْإِمَامُ محمدٌ قاسم النَّانُوْتَوِيُّ رحمه الله سنةَ سبعٍ وتسعين ومأتين وألفٍ من الْهِجْرَةِ.

গ. ইমাম মুহাম্মদ কাসেম নানুতভী রহ. ১২৯৭ হিজরীতে ইন্তিকাল করেন।

* * *

د. كانت الثورةُ الصِّنَاعِيَّةُ عامَ أَلْفٍ وثَمَانِ مِأَةٍ وسَبْعَةٍ وخَمْسِيْنَ الْمِيْلَادِيِّ.

ঘ. ঈসায়ী ১৮৫৭ সালে শিল্প বিপ্লব হয়।

هـ. كانت حَرَكَةُ اللغةِ سنةَ أَلْفٍ وتِسْعِ مأةٍ واثنتين وخَمْسِيْنَ الْمِيْلَادِيَّةَ.

ঙ. ১৯৫২ ঈসায়ীতে ভাষা আন্দোলন হয়েছে।

و. استَقَلَّتْ بنغلاديشُ سنةَ ألفٍ وتسعِ مِأَةٍ وإحدٰى وسَبْعِيْنَ من الميلادِ.

استَقَلَّتْ بنغلاديش عامَ ألفٍ وتسعِ مأة وأحدٍ وسَبْعِيْنَ من الميلادِ.

চ. ১৯৭১ ঈসায়ীতে বাংলাদেশ স্বাধীন হয়েছে।

* * *

ز. وَقَعَتِ الْحَرْبُ الْعَالَمِيَّةُ الْأُوْلَى عَامَ أَرْبَعَةَ عَشَرَ وَتِسْعِ مِائَةٍ وَأَلْفٍ الْمَسِيْحِيِّ.

ছ. ঈসায়ী ১৯১৪ সালে প্রথম বিশ্বযুদ্ধ সংঘটিত হয়েছে।

ح. كانت الحربُ الْعَالَمِيَّةُ الثانيةُ سَنَةَ ألفٍ وتِسْعِ مِائَةٍ وتِسْعٍ وثلاثين الْمَسِيْحِيَّةَ.

জ. ১৯৩৯ ঈসায়ীতে দ্বিতীয় বিশ্বযুদ্ধ হয়েছে।

## আলোচনা

পূর্বের দু'টি দরসে তুমি ক্রমান্বয়ে العدد العام ও العدد الوصفي-এর আলোচনা পড়েছ এবং অনুশীলন করেছ। বর্তমান দরসে عدد السنين বা 'বর্ষ-সংখ্যা'র আলোচনা পড়বে এবং অনুশীলন করবে।

উপরিউক্ত جملةগুলো লক্ষ্য করো। দেখবে, প্রতিটি জুমলায় عام বা سنة ইসমটি, সংখ্যার দিকে مضاف হয়েছে। সংখ্যা একটি معرفه ইসম। এই معرفه ইসমের দিকে مضاف হওয়ার কারণে, عام ও سنة ইসম দু'টিও মা'রেফা হয়ে যায়। তাই তার সিফাত الهجري বা الهجرية এবং الميلادي বা الميلادية তথা তারিখের ধরন-নির্দেশক ইসমটিও معرفه হয়েছে।

আরো লক্ষ্য করো, উদাহরণমালার যেসকল জুমলায় মাউসূফের مضاف অংশে عام ইসম আছে, সেখানে তারিখের ধরন-নির্দেশক اسمটি مذكر হয়েছে। পক্ষান্তরে যেসকল জুমলায় মাউসূফের مضاف অংশে سنة ইসম আছে, সেগুলোতে তারিখের ধরণ-নির্দেশক اسمটি مؤنث হয়েছে। তাহলে আমরা বলতে পারি- অন্যান্য تركيب توصيفي -এর মতো তারিখের ধরন-নির্দেশক ইসমও, تذكير ও تأنيث -এর ক্ষেত্রে موصوف- এর অনুগামী হয়।

তারিখের ধরণ-নির্দেশক اسمটি সাধারণত عام ও سنة -এর صفة হয়। তবে ج ও و ভাগের উদাহরণগুলো লক্ষ্য করলে বুঝবে যে, من ও ل হরফুল জার ব্যবহার করেও তারিখের ধরণ বোঝানো যায়।

আরবীতে সংখ্যা লেখার ও পড়ার দু'টি নিয়ম আছে- ا, ب, ج ও ز ভাগের جملةগুলো খেয়াল করলে দেখবে, সংখ্যাগুলো একক থেকে শুরু হয়েছে। পক্ষান্তরে

د, هـ, و ও ح ভাগের جمله গুলোতে সংখ্যাগুলো লেখা, একক সংখ্যায় গিয়ে শেষ হয়েছে। তো আরবী ভাষায় সংখ্যা উভয় দিক থেকে পড়া এবং লেখা যায়।

عدد السنين-এর মধ্যে عام ও سنة ইসম দু'টি মা'দূদ। তবে অন্যান্য معدود থেকে এগুলোর ভিন্নতা হলো, অন্যান্য মা'দূদ عدد-এর পরে হয়। আর عام ও سنة মা'দূদ দু'টি عدد-এর আগে হয়। এতটুকুই ভিন্নতা। تذكير ও تأنيث -এর হুকুমের ক্ষেত্রে কোনো ভিন্নতা নেই। এ কারণেই উদাহরণমালার প্রথম জুমলায় মা'দূদ عام হওয়ার কারণে সংখ্যাটি ستة وسبعين হয়েছে। ست وسبعين হয় নি। পক্ষান্তরে মা'দূদ سنة হওয়ার কারণে দ্বিতীয় জুমলায় সংখ্যাটি, ثلاث وثمانين হয়েছে। ثلاثة و ثمانين হয় নি।

## মূলকথা

১. عدد السنين তথা 'বর্ষ-সংখ্যা'য় عام ও سنة ইসম, সংখ্যার দিকে مضاف হয়; এবং তারিখের ধরন-নির্দেশক اسمটি معرفه হয়।

২ অন্যান্য تركيب توصيفي-এর মতো عدد السنين-এর মধ্যেও, তারিখের ধরন-নির্দেশক ইসমটি تذكير ও تأنيث-এর ক্ষেত্রে موصوف-এর অনুগামী হয়।

৩. من ও ل হরফুল জার ব্যবহার করেও তারিখের ধরন বোঝানো যায়।

৪. আরবী ভাষায় সংখ্যা ছোট থেকে বড় এবং বড় থেকে ছোট উভয়ভাবে পড়া যায়।

৫. عام ও سنة ইসম দু'টি عدد-এর আগে উল্লেখ হওয়া সত্ত্বেও عدد-এর মা'দূদ। তাই تذكير ও تأنيث-এর ক্ষেত্রে العدد العام-এর যে হুকুম, عدد السنين-এর عدد ও معدود -এর একই হুকুম।

**শব্দার্থগুলো মুখস্থ করো-**

### معاني الـــمفردات

| | |
|---|---|
| الـمُدِيْرِيَّةُ জেলা | التدريب – ١ |
| اَلْكُتَّابُ ج كَتَاتِيْبُ মক্তব, পাঠশালা | الثَّائِرُ বিদ্রোহী |
| مِثَالٌ لِلْفَقْرِ وَالْفَاقَةِ দারিদ্র ও ক্ষুধার নমুনা | الْـمُوَافِقُ মোতাবেক |
| لَمْ يُوَفَّقْ তার সুযোগ হয়নি | الْـمِيْلَادِيُّ ঈসায়ী |

| | | | |
|---|---|---|---|
| لَمْ يَعُدْ صَحِيحًا | সুস্থ হননি | اِلْتَحَقَ بِالْمَدْرَسَةِ | বিদ্যালয়ে ভর্তি হল |
| اِنْطَفَأَتْ شَمْعَةُ الْحَيَاةِ | জীবন প্রদীপ নিভে গেল | اَلْحَظُّ | ভাগ্য, নিয়তি |
| التدريب — ٢ | | تَعْلِيمُ الْمَدَارِسِ | শিক্ষাপ্রতিষ্ঠানসমূহের লেখাপড়া |
| اِبْنُ بَطُّوطَةَ | ইবনে বতুতা | اَلْعَسْكَرُ | সৈন্যবাহিনী |
| اَلْمَغْرِبُ | মরক্কো | اَلْحَيَاةُ الْأَدَبِيَّةُ الْأَصِيلَةُ | মৌলিক সাহিত্য জীবন |
| طَانْجَا | তানজা | اَلْأَدَبُ النَّظْمِيُّ | কাব্য-সাহিত্য |
| اَلْهِنْدُ | ভারত | اَلْأَدَبُ النَّثْرِيُّ | গদ্য-সাহিত্য |
| سِرِي لَانْكَا | শ্রীলঙ্কা | تَلَقَّاهُ تَلَقِّيًا | তাকে গ্রহণ করল |
| مَالَابَارُ | মালাবার | اَلْمُؤَلَّفُ ج مُؤَلَّفَاتٌ | রচনা, গ্রন্থ |
| كَمْبُودِيَا | কম্বোডিয়া | مِنْ أَرْوَعِهَا | সেগুলোর মধ্যে অপূর্ব [দু'টি] হল |
| اَلصِّينُ | চীন | اَلْمَجَلَّةُ ج مَجَلَّاتٌ | সাময়িকী |
| أَفْرِيقَا | আফ্রিকা | نَاطِقَةٌ بِاسْمِ الْعُمَّالِ | শ্রমিকদের মুখপত্র |
| اَلسَّائِحُ الْعَالَمِيُّ | বিশ্ব পর্যটক | اَلْأَجِيرُ ج أُجَرَاءُ | মজদুর |
| طَلَبَ مِنْهُ أَنْ يَكْتُبَ | তাকে লেখার অনুরোধ করল | اَلْوَطَنِيُّ | জাতীয় |
| وَصْفُ رِحْلَتِهِ الْعَالَمِيَّةِ | তাঁর বিশ্বভ্রমণের বিবরণ | اَلْكِفَاحُ | সংগ্রাম |
| بِاسْمِ | নামে | تَمُّوزُ / يُولِيُو | জুলাই [মাস] |
| وَقَائِعُ السَّفَرِ | সফরনামা | اُبْتُلِيَ بِالْبُكْمِ | বোবাত্বের শিকার হল |

## التدريب–١

ترجم باللغة البنغالية :

# الشاعر الثائر القاضي نظر الإسلام

ولد الشاعر القاضي نظر الإسلام سنةَ ست وثلاث مأة وألف البنغلالية، الـموافقة لعامٍ تسعة وتسعين وثمان مأة وألف الميلادي، بمديرية «بَرْدَهْمَنْ» [বর্ধমান] من «البَنْغال الغربية»، في قرية «تُشُرُولِيَا» [চুরুলিয়া].

